


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 29 July, 2024 ■ আগরতলা ২৯ জুলাই ২০২৪ ইং ■ ১৩ শ্রাবন, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# জনজাতি অধ্যুষিত গ্রামগুলির সার্বিক বিকাশ সরকারের লক্ষ্য ঃ কেন্দ্রীয়মন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** এবারের বাজেটে চারটি ক্ষেত্রের উন্নয়নের উপর সবচেয়ে বেশী নজর দেওয়া হয়েছে। তাছাড়া গরীব অংশের মানুষের কল্যাণে এবারের বাজেটে সবচেয়ে বেশী নজর দেওয়া হয়েছে। আজ বিকালে রাজ্য অতিথিশালায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী জুয়েল ওরাং কেন্দ্রীয় বাজেট সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে একথা বলেন। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, তাছাড়াও মহিলাদের বিকাশ, যুবকদের প্রশিক্ষণ এবং তাদের রোজগারের ব্যবস্থা করা, কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়নের দিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, বিকশিত ভারত গঠনের প্রতিচ্ছবি এবারের বাজেটে স্থান পেয়েছে। বিকশিত ভারত গঠন কেন্দ্রীয় সরকারের ঘোষিত লক্ষ্যে। ইতিমধ্যে ভারতের ৩ লক্ষ ৫০ হাজার গ্রাম পঞ্চায়েতে বিকশিত ভারতের অভিযান চালানো হয়েছে। এতে কেন্দ্রীয় মন্ত্রী, জনপ্রতিনিধিগণ ও ভারত সরকারের বিভিন্ন মন্ত্রকের আধিকারিকগণ গেছেন এবং সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন নিয়ে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার কথা তুলে ধরেছেন।

তিনি বলেন, সংসদে বাজেট পেশের পর তা রূপায়ণের কাজও ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। নিতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে ২০৪৭ সালের মধ্যে ভারতের শহর ও গ্রামের অবস্থার একটা রোড ম্যাপ তৈরী করা হয়েছে। সেই লক্ষ্যে এখন কাজ হবে। এবারের বাজেটে যে সমস্ত বিষয়ের উপর জোর দেয়া হয়েছে তা তুলে ধরে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, আগামী পাঁচ বছরে ৪.১ কোটি যুবক-যুবতীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। এজন্য ১.৪৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। যুবক, যুবতীরা যাতে স্ব রোজগারী হতে পারেন সেজন্য এই উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি জানান, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় পঁচিশ হাজার গ্রামীণ সড়ককে যুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মুদ্রা লোনের উদ্ধসীমা ১০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে। দেশের ১০০-র মতো শহরে ইন্ডাষ্ট্রিয়াল পার্ক গড়ে তোলা হবে। নেশন্যাল ইন্ডাষ্ট্রিয়াল করিডোর ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় ১২টি নতুন ইন্ডাষ্ট্রিয়াল পার্ক গড়ে তোলার অনুমোদন দেওয়া হয়েছে।

সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণমন্ত্রী আরও বলেন, কৃষি মন্ত্রকের জন্য ১৫২ লক্ষ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। তিনি জানান, প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৪ কোটি ঘর নির্মাণ করা হবে। এর মধ্যে শহরাঞ্চলে গরীব অংশের মানুষের জন্য ১ কোটি আবাস নির্মাণে ১০ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। গ্রামীণ ও শহরাঞ্চলের গরীবদের জন্য অতিরিক্ত আরও ৩ কোটি আবাস নির্মাণের কথা ঘোষণা করা হয়েছে। তিনি জানান, এবারের বাজেটে জনজাতি কল্যাণ মন্ত্রকের বরাদ্দ ৭৩৬০ শতাংশ বাড়ানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী জানান, জনজাতি অধ্যুষিত গ্রামগুলির সার্বিক বিকাশের লক্ষ্যে প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান প্রকল্পের সূচনা হয়েছে। দেশের ৬৩ হাজার গ্রামকে এই প্রকল্পের আওতায় আনা হবে এবং প্রায় পাঁচ কোটি মানুষ এতে উপকৃত হবেন। মন্ত্রকের বাজেট বরাদ্দ সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন ২০১৪-১৫ সালে জনজাতি কল্যাণ মন্ত্রকের বাজেট বরাদ্দ ছিল ৪,৪৯৭.৯৬ কোটি টাকা। ২০২৪-২৫ অর্থ বছরে এই বরাদ্দ গিয়ে দাঁড়িয়েছে ১৩,০০০ কোটি টাকায়। তিনি জানান, ☛ ৬ এর পাতায় দেখুন

## দিল্লিতে অনুষ্ঠিত মুখ্যমন্ত্রীদের বৈঠকে

# রাজ্যের আর্থ সামাজিক উন্নয়ন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ তুলে ধরলেন ডা: মানিক




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই ।।** বিভিন্ন সরকারি প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনার জন্য রবিবার নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয় মুখ্যমন্ত্রীদের একটি গুরুত্বপূর্ণ বৈঠক।

এই গুরুত্বপূর্ণ বৈঠকে ত্রিপুরা রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়ন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উদ্যোগের বিস্তারিত আপডেট তুলে ধরেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।


বিশেষ করে প্রধানমন্ত্রী আবাস যোজনা (শহুরে) এবং প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) এর অধীনে উল্লেখযোগ্য অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন মুখ্যমন্ত্রী ডাঃ সাহা। তিনি জানান, সরকারের এই গুরুত্বপূর্ণ প্রকল্পে রাজ্যে হাজার হাজার শহুরে এবং গ্রামীণ পরিবারকে সাশ্রয়ী মূল্যে আবাসন তৈরি করে দেওয়া হয়েছে।

এর পাশাপাশি রাজ্যে জল জীবন মিশন নিয়ে আলোচনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এই প্রকল্প সরকারের আরো একটি গুরুত্বপূর্ণ ফোকাস ক্ষেত্র। এতে ত্রিপুরার প্রতিটি গ্রামীণ পরিবার পৃথক পানীয় জল সংযোগের মাধ্যমে নিরাপদ এবং পর্যাপ্ত পানীয় জলের যোগান উপলব্ধ করতে সক্ষম হয়েছে। সেই সঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্পের অধীনে ত্রিপুরায় আর্থিকভাবে সুবিধা বঞ্চিতদের স্বাস্থ্য পরিষেবা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। এর মাধ্যমে সাধারণ মানুষকে গুনগতমান সম্পন্ন চিকিৎসা পরিষেবা নিশ্চিত করেছে।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা আরও বলেন, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাজ্যে উল্লেখযোগ্য উন্নয়ন ঘটে চলছে। এই প্রকল্পের মাধ্যমে অনেক গ্রামীণ সড়ক নির্মাণ ও সংস্কার করা হয়েছে।এর ফলে যোগাযোগের ক্ষেত্রে রাজ্যে প্রভূত উন্নতি সাধিত হয়েছে এবং গ্রামীণ এলাকায় পণ্য পরিবহণ ও যাতায়তের ক্ষেত্রে অনেক সুবিধা হয়েছে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি কৃষকদেরকে গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তা প্রদান করেছে এবং কৃষি উৎপাদনশীলতা ও অর্থনৈতিক স্থিতিশীলতা বৃদ্ধি করেছে। কিষাণ ক্রেডিট কার্ড (কৃষি) পশুপালন ও মৎস্য চাষের সম্প্রসারণ সহ কৃষকদের সহজলভ্য ঋণের ☛ ৬ এর পাতায় দেখুন

# অলিম্পিকে শুটারে দেশের প্রথম পদক



**প্যারিস, ২৮ জুলাই (হি.স.)।।** প্যারিসে অলিম্পিকের মঞ্চে ইতিহাস গড়লেন মনু ভাকের। প্রথম ভারতীয় মহিলা শুটার হিসাবে গ্রেটেস্ট শো অন আর্থ থেকে পদক জিতে গর্বিত করলেন ভারতবাসীকে। প্রথমবার অলিম্পিক পদক জিতে মনু ভাকের বলছেন, কর্মের প্রতি ভরসা ছিল। সবকিছু ভুলে লাগাতার পরিশ্রমের ফল পেলাম বিশ্বের সেরা মঞ্চে। আজ ব্রোঞ্জ এসেছে ভারতের ঘরে। আমি খুশি, দারুন খুশি।" ☛ ৬ এর পাতায় দেখুন

# দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত চার

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৮ জুলাই।।** যান দুর্ঘটনা গুরুতরভাবে আহত হল চারজন। ঘটনাটি ঘটেছে বিশালগড়ের রাস্তার মাথা এলাকায়। যাত্রীবাহী মারতি ভ্যান গাড়ি এবং মালবাহী গাড়ির মধ্যে সংঘর্ষের জেরে এই দিনের এই দুর্ঘটনাটি ঘটেছে। বর্তমানে জিবিপি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন। ঘটনার বিবরণী জানা যায়, আমতলী থেকে মারুতি ভ্যান গাড়ি উদয়পুরের উদ্দেশ্যে যাচ্ছিল। বিশালগড়ের রাস্তার মাথায় এলাকায় অপর দিক থেকে আসা একটি মালবাহী গাড়ির সঙ্গে মারুতি ভ্যান গাড়িটির সংঘর্ষ ঘটে। এতে মারুতি ভ্যানে থাকা চারজন গুরুতর আহত হয়েছে। প্রত্যক্ষদর্শীরা তৈরি করি অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের খবর দিলে তারা ছুটে এসে আহতদের ☛ ৬ এর পাতায় দেখুন

# তেলেঙ্গানা রাজ্যপাল হিসেবে নিযুক্ত জিষ্ণু দেববর্মন, শপথ তিন আগস্ট



*নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই ।। প্রথমবার রাজ্য থেকে রাজ্যপাল হিসাবে নিযুক্তি। গতকাল রাষ্ট্রপতি ভবন থেকে জারি করা বিজ্ঞপ্তিতে তেলেঙ্গানা রাজ্যপাল হিসাবে জিষ্ণু দেববর্মার নিযুক্তির বিষয়টি প্রকাশ্যে আসতে রাজ্য রাজনীতিতে জোর জল্পনা শুরু হয়। বিভিন্ন সংবাদ মাধ্যম তার এই বড় প্রাপ্তির কথা তুলে ধরা হচ্ছে। তাঁর সঙ্গে সাক্ষাৎকারঁ থেকে জানা গেছে ৩ আগস্ট তিনি তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে শপথ নিচ্ছেন। বিভিন্ন মহল থেকে শুভেচ্ছা বার্তা ও পাঠানো হচ্ছে রাজ্য রাজনীতির এই পোড় খাওয়া রাজনীতিবিদ কে। এই প্রথম ত্রিপুরা থেকে রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে। ত্রিপুরার প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে নিযুক্তি পেয়েছেন। রাষ্ট্রপতি ভবনের প্রেস বার্তায় এই তথ্য জানা গেছে।*

*ত্রিপুরায় দীর্ঘদিনের রাজনৈতিক কর্মজীবনের অভিজ্ঞতায় সমৃদ্ধ জিষ্ণু দেববর্মা। ২০১৮ বিজেপি সরকারে তিনি উপ-মুখ্যমন্ত্রীর গুরু দায়িত্ব সামলেছেন তিনি। ত্রিপুরার রাজ পরিবারের এই সদস্য এখন তেলেঙ্গানার প্রশাসনিক প্রধানের দায়িত্ব সামলাবেন। কংগ্রেস শাসিত ওই রাজ্যে রাজ্যপালের পদ সামলানো খুবই চ্যালেঞ্জিং হবে বলেই মনে করা হচ্ছে।*

*জিষ্ণু দেববর্মা সামাজিক মাধ্যমে বার্তায় লিখেছেন, তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে আমাকে জনগণের সেবা করার সুযোগ দেওয়ার জন্য আমি ভারতের মহামান্য রাষ্ট্রপতি এবং ভারতের মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। এটা আমার রাজ্য-ত্রিপুরার জনগণের জন্যও একটি স্বীকৃতি কারণ স্বাধীনতার পর এই প্রথম এই রাজ্যের একজন ব্যক্তিকে এই পদে উন্নীত করা হয়েছে। তাই আমি দুজনকেই ত্রিপুরার পক্ষ থেকে আবারও ধন্যবাদ জানাই।*

*এদিকে, রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু গতকাল পাঞ্জাবের রাজ্যপাল এবং চণ্ডীগড়ের কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসকের পদ থেকে বনোয়ারিলাল পুরোহিতের পদত্যাগপত্র গ্রহণ করেছেন।*

*এছাড়া, হরিভাউ কিষানরাও বাগদে রাজস্থানে, ওম প্রকাশ মাথুর সিকিমে, সন্তোষ কুমার গাংওয়ার ঝাড়খণ্ডে, রমেন ডেকা ছত্তিশগড়ে, সি এইচ বিজয়শঙ্কর মেঘালয়ে, সি.পি. রাধাকৃষ্ণন মহারাষ্ট্রে, লক্ষ্ম ণ প্রসাদ আচার্য আসামে এবং মণিপুরের রাজ্যপালের অতিরিক্ত দায়িত্ব এবং গুলাব চাঁদ কাটারিয়া পাঞ্জাবের রাজ্যপাল এবং চণ্ডীগড় কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসক হিসাবেও নিযুক্ত হয়েছেন। ওই নিযুক্তি তাঁদের নিজ নিজ অফিসের দায়িত্ব গ্রহণের তারিখ থেকে কার্যকর হবে।*

# পৃথক অভিযানে ৩৪ জন বাংলাদেশি সহ দুইজন রোহিঙ্গা আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** কোনভাবেই বন্ধ হচ্ছে না রাজ্যের অবৈধ অনুপ্রবেশ। ২৩ জন বাংলাদেশী নাগরিককে আগরতলা রেলস্টেশন থেকে গ্রেপ্তার করেছে জিআরপি পুলিশ। এ বিষয়ে বিস্তারিত বলতে গিয়ে ওসি তাপস দাস ওসি তাপস দাস জানিয়েছেন, গোপন খবরের ভিত্তিতে খবর আসে শনিবার বিকেলে বেশ কয়েকজন বাংলাদেশী নাগরিক দূরপাল্লার ট্রেনে করে অন্যান্য রাজ্যে যাবেন। এই খবরের ভিত্তিতে পুলিশ শনিবার দুপুর থেকে উৎপেতে বসেছিল। পরে সন্দেহ হলে আগরতলা রেলস্টেশন থেকে প্রথমে ১০ জন বাংলাদেশী নাগরিককে আটক করে জিআরপি থানার পুলিশ। পরবর্তীতে আরও ২৩ জনকে আটক করা হয়েছে।

ধৃতরা সকলেই বাংলাদেশের চাঁপাই নবাবগঞ্জের বাসিন্দা বলে জানিয়েছেন পুলিশ অধিকারীক। তারা প্রত্যেকেই চেন্নাইয়ে যাওয়ার জন্য অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে। চেন্নাই গিয়ে তারা কাজের যোগদান করবে বলে জানিয়েছে। আগরতলা রেলপথকে ব্যবহার করে তারা বহিরাজ্যে দূরপাল্লার ট্রেনে করে পাড়ি দেওয়ার পরিকল্পনা নিয়েছিল। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে পুলিশ তাদের রবিবার আদালতের প্রেরণ করেছে। রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ চালানো হবে বলেও জানিয়েছেন পুলিশ আধিকারিক। তবে প্রতিনিয়ত কিভাবে সীমান্ত পেরিয়ে অবৈধভাবে এত বাংলাদেশী নাগরিকেরা ভারতে প্রবেশ করছেন সেটাই প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। প্রায় প্রতিদিনই বাংলাদেশী নাগরিকেরা অবৈধভাবে ভারতে প্রবেশ করার ঘটনা উঠে আছে। রেলস্টেশন এমনকি বিমানবন্দরেও তাদের গ্রেফতার করছে পুলিশ। কিভাবে তারা সীমান্ত পেরিয়ে রাজ্যে নিরাপদে প্রবেশ করছে সেটাই বড় প্রশ্ন।

আগরতলা এমবিবি বিমানবন্দর থেকে গ্রেপ্তার করা হয়েছে ৬ অবৈধ অনুপ্রবেশকারী বাংলাদেশী নাগরিককে।

এই বিষয়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এয়ারপোর্ট থানার ওসি অভিজিৎ মন্ডল জানান, এমবিবি বিমানবন্দরে সন্দেহজনকভাবে ঘোরাফেরা করার সময় সিআইএসএফ তাদের আটক করে জিজ্ঞাসাবাদ চালালে তারা কোনো সঠিক উত্তর দিতে পারেনি। পরে তাদের বিমানবন্দর থেকে গ্রেপ্তার করে এয়ারপোর্ট থানার পুলিশ। আজ তাদের আদালতে প্রেরণ করা হয়। তাদের রিমান্ড নিয়ে তাদের থেকে এই চক্রের আরো তথ্য বেরিয়ে আসতে পারে বলে ধারণা পুলিশের।

৫ জন বাংলাদেশী নাগরিক এবং দুইজন রোহিঙ্গাকে আটক করেছে পুলিশ। দুটি পৃথক ঘটনায় এই সাতজনকে আটক করা হয়েছে।

রবিবার আমতলী থানা এবং বিএসএফের যৌথ অভিযানে ৫ জন ☛ ৬ এর পাতায় দেখুন

## পঞ্চায়েত নির্বাচন

# দুধপুরে দুই জা'র মধ্যে লড়াই

**নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ২৮ জুলাই।।** পাবিয়াছড়া বিধানসভাধীন উজান দুধপুর গ্রাম পঞ্চায়েতের এক নম্বর ওয়ার্ডে দুই জা এর মধ্যে হাড্ডাহাড্ডি লড়াইয়ের সম্ভাবনা রয়েছে। একজন লড়ছেন শাসক দল বিজেপির প্রার্থী হিসেবে, অপরজন কংগ্রেস দলের প্রার্থী হিসেবে পঞ্চায়েত নির্বাচনে এক নম্বর ওয়ার্ডে লড়াই করছেন। কুমারঘাট মহকুমার উজান দুধপুরের বাসিন্দা অনিতা রুদ্রপাল ও পূর্নিমা রুদ্রপাল। সম্পর্কে তারা একই পরিবারের দুই জা। আগামী আট আগষ্ট অনুষ্ঠিত হতে যাওয়া পঞ্চায়েত নির্বাচন। দুজনেই দাঁড়িয়েছেন একে অপরের প্রতিপক্ষ হয়ে।

পাবিয়াছড়া বিধানসভাধীন উজান দুধপুর গ্রাম পঞ্চায়েতের এক নম্বর ওয়ার্ডে শাসক দল বিজেপির হয়ে লড়ছেন ছোট জা পূর্নিমা এবং তার প্রতিপক্ষ হিসেবে কংগ্রেসের হয়ে একই ওয়ার্ড থেকে প্রতিদ্বন্দিতা করছেন বড় জা অনিতা। পরিবারিকভাবে দুই প্রার্থীর সৌহার্দ পূর্ন সম্পর্ক থাকলেও রাজনীতির ময়দানে একে অপরকে হারাতে চালাচ্ছেন রাজনৈতিক প্রয়াস।

সকাল থেকেই দুজনে একে অপরের বিরুদ্ধে ভোট চাইতে বেরিয়ে পড়েছেন ভোটারদের ঘরে ঘরে। বড় জা তথা কংগ্রেস প্রার্থী অনিতা রুদ্রপাল জানান, বিজেপির বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়ে কংগ্রেস দলকে সমর্থন করছেন মানুষ। প্রচারে বেরিয়ে ছোট জা তথা বিজেপি প্রার্থীর বিরুদ্ধে ভোট চেয়ে ভালো সাড়া মিলছে বলে জানান কংগ্রেস প্রার্থী।

অন্যদিকে ঐ ওয়ার্ডে কংগ্রেসের প্রচারের ☛ ৬ এর পাতায় দেখুন



জাগরণ আগরতলা ◻ বর্ষ-৭০ ◻ সংখ্যা ২৮৬ ◻ ২৯ জুলাই ২০২৪ ইং ◻ ১৩ শ্রাবণ ◻ সোমবার ◻১৪৩১ বঙ্গাব্দ

## হেপাটাইটিস দিবস

২৮জুলাই বিশ্ব হেপাটাইটিস দিবস । হেপাটাইটিস হইল এক ধরণের লিভারের সংক্রমণ যাহা অনেক সময় প্রাণের ঝুঁকি বাড়াইয়া তোলে । হেপাটাইটিস হল লিভারের সংক্রমণ যাহার ফলে আমাদের শরীরে বহু সমস্যা হইতে পারে । হেপাটাইটিস-কে পাঁচ ভাগে ভাগ করা হয়, হেপাটাইটিস এ, বি, সি, ডি এবং ই। সময় মতো সঠিক রোগ নির্ণয় ও চিকিৎসা না হইলে হেপাটাইটিসের পার্শপ্রতিক্রিয়ায় ধীরে ধীরে লিভার দুর্বল হইয়া যায় এবং একটা সময়ের পর যকৃত বা লিভার কাজ করা বন্ধ করিয়া দেয় । প্রতি বছর ২৮ জুলাই বিশ্ব হেপাটাইটিস দিবস পালন করা হয় এই স্বাস্থ্য সমস্যা সম্পর্কে মানুষকে সচেতন করিতে । কারণ, সচেতনতার অভাব বহু হেপাটাইটিস আক্রান্ত মানুষকে অকালমৃত্যুর দিকে ঠেলিয়া দিতে পারে ।

ডঃ বারুচ স্যামুয়েল ব্লুমবার্গ প্রথম হেপাটাইটিস বি ভাইরাস আবিষ্কার করেন। শুধু তাই নয়, তিনি প্রথম হেপাটাইটিস বি ভ্যাকসিন তৈরি করেন যার জন্য তিনি নোবেল পুরস্কারে পুরস্কৃত হন। ২৮জুলাই এই মহান ব্যক্তিত্বের জন্মদিন। আর তাই প্রতি বছর ব্লুমবার্গের অবদানকে স্মরণ করিবার জন্যই এই দিনে পালন করা হয় বিশ্ব হেপাটাইটিস দিবস।

বিভিন্ন ধরণের হেপাটাইটিস রহিয়াছে, যাহার কারণে আপনার নানা গুরুতর স্বাস্থ্য সমস্যা হইতে পারে । ভাইরাল হেপাটাইটিস সবচেয়ে সাধারণ প্রকার। হেপাটাইটিস ভাইরাস এ, বি, সি, ডি এবং ই সবচেয়ে সাধারণ। এনআইএইচের দেওয়া তথ অনুযায়ী, ভাইরাল হেপাটাইটিস হইল একটি প্রদাহজনক যকৃতের সংক্রমণ যাহা কোনও পরিচিত হেপাটাইটিস ভাইরাস-এ, বি, সি, ডি, বা ই-এর প্রভাবে ঘটে। বিশ্বব্যাপী ভাইরাল হেপাটাইটিস সংক্রমণের বেশিরভাগই হেপাটাইটিস বি এবং সি থেকে হইয়া থাকে ।কিছু বিষাক্ত রাসায়নিক, ওষুধ বা পরিপূরক থেকেও হেপাটাইটিসের সংক্রমণ হইতে পারে ।অটোইমিউন হেপাটাইটিস একটি দীর্ঘস্থায়ী সংক্রমণ যেখানে আপনার শরীরের প্রতিরোধ ব্যবস্থা লিভারকে দুর্বল করে ।হেপাটাইটিস-এর সাধারণ লক্ষণ:পেটে ব্যথা, ঘন ঘন বদহজম এবং ডায়রিয়া, জন্ডিস, ত্বক, নখ ও চোখ হলুদ হইয়া যাওয়া, বমি বমি ভাব এবং বমি, খিদে কমিয়া যাওয়া এবং ক্রমাগত ওজন হ্রাস, জ্বর, শারীরিক বা মানসিক পরিশ্রম ছাড়াই ক্লান্তি অনুভব করা, গাঢ়-হলুদ রঙের প্রস্রাব, জয়েন্টে ব্যথা ।হেপাটাইটিস হইল এমন একটি রোগ যাহা লিভারকে সম্পূর্ণ রূপে খারাপ করিয়া দিতে পারে। যেহেতু লিভার শরীরের একটি অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ, তাই হেপাটাইটিস নামক রোগটি নিয়ে যথেষ্ট উদ্বেগের কারণ আছে। হেপাটাইটিস সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্য প্রতিবছর বিশ্ব হেপাটাইটিস দিবস পালন করা হয়।

## দুর্গডাঙ্গায় দুধের ট্যাঙ্কার ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ, আহত ৫

মেমারি, ২৮ জুলাই(হি.স.): সপ্তাহ ঘুরতে না ঘুরতেই আবারও দুর্ঘটনার শিকার হলো মেমারির দুর্গডাঙ্গা এলাকা। রবিবার ভোরের আলো ফোটার আগেই একটি ১২ চাকার দুধের ট্যাঙ্কার এবং একটি ডিম বোঝাই বোলেরো পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষ হয়। মেমারি দিক থেকে আসা দুধের ট্যাঙ্কারটি বিপরীত দিক থেকে আসা পিকআপ ভ্যানটিকে ধাক্কা মারে, যার ফলে পিকআপ ভ্যানটির সামনের অংশ দুমড়ে-মুচড়ে যায়।

এই দুর্ঘটনার ফলে পিকআপ ভ্যানে থাকা ৫ জন ব্যক্তি আহত হন। দুধের ট্যাঙ্কারটি নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে পড়ে। স্থানীয়রা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করেন এবং মেমারি থানার পুলিশ গাড়ি দুটিকে রিকভারী ভ্যানের সাহায্যে তুলতে সাহায্য করে।

স্থানীয়দের অভিযোগ, এই দুর্গডাঙ্গা এলাকায় প্রায়শই দুর্ঘটনা ঘটে, কারণ এখানে গাড়ি চালকেরা প্রায়ই বেপরোয়া ভাবে গাড়ি চালান। পুলিশের কাছে বহুবার অভিযোগ জানানো হলেও তেমন কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই বিষয়ে প্রশাসন দ্রুত ব্যবস্থা না নিলে এমন দুর্ঘটনা আরও ঘটতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন স্থানীয়রা।

## আজকের দিনে ক্রিকেটের সর্বকালের শ্রেষ্ঠ অলরাউন্ডার স্যার গ্যারি সোবার্সের জন্মদিন

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): স্যার গারফিল্ড সেন্ট অব্রুন সোবার্স, যিনি স্যার গ্যারি সোবার্স নামে পরিচিত। একজন প্রাক্তন বার্বাডিয়ান ক্রিকেটার যিনি ১৯৫৪ থেকে ১৯৭৪ সাল পর্যন্ত ওয়েস্ট ইন্ডিজের হয়ে খেলেছিলেন। তিনি একজন অত্যন্ত দক্ষ অলরাউন্ডার। ব্যাটিং বোলিং ফিল্ডিং সব জায়গাতেই তিনি অসাধারণ। তাঁকে ক্রিকেটের সর্বকালের সর্বশ্রেষ্ঠ অলরাউন্ডারদের একজন হিসেবে বিবেচনা করা হয়।

ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তি এই ক্রিকেটার ৯৩টি টেস্ট খেলে ৮০৩২ রান করেছেন এবং ২৩৫টি উইকেট নিয়েছেন। ৩৮৩ ফাস্ট ক্লাস ম্যাচে ২৮৩১৪ রান ও ৩১৪টি উইকেট নিয়েছেন। ৩৯ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে নেতৃত্ব দিয়েছেন।

১৯৭৫ সালে রাণী দ্বিতীয় এলিজাবেথ সোবার্সকে নাইট উপাধিতে ভূষিত করেন। ১৯৯৮ সালে ওয়েস্ট ইন্ডিজের পার্লামেন্টের একটি আইনের মাধ্যমে , সোবার্স বার্বাডোসের এগারো জাতীয় বীরের একজন হিসাবে নামকরণ করা হয়। ২০০৯ সালে, সোবার্স আইসিসি ক্রিকেট হল অফ ফেমে অন্তর্ভুক্ত হন ।ইতিহাসের এই সেরা অলরাউন্ডারের রবিবার ৮৮তম জন্মদিন।

## ছত্তিশগড়ের নবনিযুক্ত রাজ্যপাল রমেন ডেকাকে অভিনন্দন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

গুয়াহাটি, ২৮ জুলাই (হি.স.) : ছত্তিশগড়ের নবনিযুক্ত রাজ্যপাল তথা আসাম স্টেট ইনোভেশন অ্যান্ড ট্রান্সফরমেশন আয়োগ (এসআইটিএ)-এর ভাইস চেয়ারম্যান অসম-সন্তান রমেন ডেকাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। পাশাপাশি এসআইটিএ সহ দীর্ঘ মেয়াদে অসম সহ ভারতীয় রাজনীতিতে তাঁর অবদানকে অপরিসীম বলে আখ্যা দিয়েছেন মুখ্যমন্ত্রী ড. শর্মা।

আজ তাঁর অফিশিয়াল সামাজিক মাধ্যম এক্স-এ মুখ্যমন্ত্রী লিছেছেন, 'অসমের স্টেট ইনোভেশন অ্যান্ড ট্রান্সফরমেশন আয়োগ-এর ভাইস চেয়ারম্যান এবং অসম বিজেপির আমার সহকর্মী শ্রী রমেন ডেকাকে ছত্তিশগড়ের মাননীয় গভর্নর পদে নিযুক্ত করায় অনেক অভিনন্দন।'

## জলপাইগুড়িতে ডাম্পারের ধাক্কায় মৃত্যু একজনের

জলপাইগুড়ি, ২৮ জুলাই (হি. স.) : শনিবার রাত ৮.৩০ নাগাদ জলপাইগুড়ি জেলার বানারহাট থানার অন্তর্গত তেলিপাড়া-আংরাভাসা গ্রামীণ সড়কে একটি ডাম্পারের ধাক্কায় একজনের মৃত্যু হয়েছে। নিহতের নাম সুভাষ রায় (৪২)। তিনি তেলিপাড়া এলাকার বাসিন্দা ছিলেন।এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে স্থানীয় লোকজন দেহ সড়কে রেখে বিক্ষোভ দেখায়। স্থানীয় লোকজনের অভিযোগ, তেলিপাড়া থেকে আংরাভাসা পর্যন্ত এই গ্রামীণ সড়কের ধারে অনেকগুলো পাথর ভাঙার কল থাকায় সেখানে মাল পৌঁছে দিতে দিনরাত দ্রুত গতিতে ডাম্পার চলাচল করে।

# শতাব্দী প্রাচীন কের পূজা

অমিতাভ বসু

খার্চি পূজা চতুর্দশ দেবতার আরাধনা। এরপর ত্রিপুরার বাস্তু বা অভিভাবক দেবতা কের কে কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জ্ঞাপনের সময়।খার্চি পূজোর এক পক্ষকাল পর কের পূজা পালন করা হয়জ্জ এই পূজা ত্রিপুরার শতাব্দী প্রাচীন ঐতিহ্যমন্ডিত উৎসব। মূলত প্রাকৃতিক দুর্যোগ এবং বহিরাগত আগ্রাসন থেকে রক্ষার জন্য কের পূজা উদযাপিত হয়জ্জ প্রচলিত বিশ্বাস যে এই পূজা মানুষের মঙ্গল এবং সমৃদ্ধি আর শান্তি ও সম্প্রীতির আশীর্বাদ বহন করে। যদিও কোনো তথ্য-প্রমান নেই, সাধারণত বিশ্বাস করা হয় যে ত্রিপুরার মানিক্য রাজপরিবার জনগণের কল্যাণ ও মঙ্গলের জন্য এই পূজার সূত্রপাত করেন। পূর্বে আগরতলার উজ্জয়ন্ত রাজপ্রাসাদে পূজা উদযাপন করা হতো। এখনো পুরাতন আগরতলার পুরানো হাভেলির চত্বরে এবং প্রধানত উপজাতি অধ্যুষিত বিভিন্ন গ্রামে এই পূজা উদযাপিত হয়। কোকবোরোক ভাষায় "কের" শব্দের অর্থ একটি নির্দিষ্ট এলাকা বা স্থান জ্জ কের পূজার জন্য একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করা হয় এবং সবুজ বাঁশের একটি বড় টুকরো দিয়ে সেই স্থানের সীমানা বেষ্টিত করা হয়। প্রাচীন ঐতিহ্যগত প্রথা এবং রীতি অনুসারে, কোনও গর্ভবতী মহিলা বা গুরুতর অসুস্থ ব্যক্তিকে পূজার এলাকায় প্রবেশ করতে দেওয়া হয় না। জন্ম বা মৃত্যু অথবা কোনোরকম অস্বস্তিকর পরিস্থিতি পূজাঙ্গনে অবাঞ্ছিত কেননা তাতে পূজায় মনোযোগ বিঘ্নিত হয় এবং অশুচিকার পরিবেশ সৃষ্টি হয়। অনেক প্রবীণদের মতে, যে ব্যক্তি এই প্রথাগত নিয়ম লঙ্ঘন করে তার কাছ থেকে জরিমানা আদায় করা হয় এবং আবার নতুন করে পূজা শুরু করা হয়। নির্ধারিত এই স্থানের মধ্যে সবুজ বাঁশের খুঁটি দিয়ে নির্মিত একটি কাঠামোকে কের পূজার দেবতার প্রতীক হিসাবে গণ্য করা হয়জ্জ সুন্দর সুসজ্জিত শোভাযাত্রা সহকারে কের দেবতাকে পূজা মণ্ডপে উপস্থাপন করা হয়। পূজা শুরু হয় সকালে। এক জোরালো শব্দের মাধ্যমে সকলকে উৎসবের সূচনার সংবাদ জানানো হয়। পূজারম্ভে প্রধান পুরোহিত ও তার সহযোগীরা বাঁশ ঘষে আগুন জ্বালায়। বহুবিধ মন্ত্র পাঠ ও বিশদ আচার-অনুষ্ঠান কের পূজার রীতি জ্জ বিশেষ প্রার্থনা, স্তোত্র এবং ভক্তিমূলক গান গাওয়া হয়, যা পূজা স্থলে ভক্তি ও প্রশান্তির পরিবেশ গড়ে তোলে। এই পূজায় নানাবিধ সামগ্রী সজ্জিত নৈবেদ্য ও পশুবলি দেবতাকে উৎসর্গ করা হয়জ্জ পূজার প্রতিটি আচার-বিধি অত্যন্ত শ্রদ্ধা ও উৎসাহের সাথে পালন করা হয়। পূজার সময় পবিত্রতা বজায় রাখার জন্য বিভিন্ন নিয়ম ও বিধিনিষেধ কঠোরভাবে মেনে চলা হয়। পূজা শুরুর পর, পূজা প্রাঙ্গণে জোরে কথা বলা; চিৎকার করা, হাসা, কান্নাকাটি করা, অশ্লীল ভাষা ব্যবহার করা, অবমাননাকর মজা করা, অসৎ কথা বলা এবং অন্য যে কোনো অনৈতিক কার্যকলাপ সম্পূর্ণ নিষিদ্ধ। এমনকি পূজা চলাকালে বিনোদন ও জুতা পরা নিষিদ্ধ। পূজা শেষে আবার জোরালো শব্দ করে সমাপ্তি ঘোষণা করা হয়। কের পূজা এলাকার আশেপাশের লোকজন নানা রঙের ফুল এবং ঐতিহ্যবাহী অর্থবহ প্রতীক এবং চিত্র দিয়ে তাদের বাড়ি সাজায়। আর পূজাস্থল থেকে প্রজ্যোলিত আগুনের অংশ তাদের বাড়িতে নিয়ে যায় এই বিশ্বাসে যে এই পবিত্র অগ্নি অশুভ শক্তি দূর করবে এবং তাদের মঙ্গল সুনিশ্চিত করবে। এখানে উল্লেখযোগ্য যে কৃষিপ্রধান ত্রিপুরায় মানুষ মা বসুন্ধরা ও প্রকৃতির উপর নির্ভরশীল। তাই কের পূজাকে বসুন্ধরা ও প্রকৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উৎসব বলেও গণ্য করা হয়। খার্চি পূজার মতো, কের পূজাও মানুষ এবং প্রকৃতির মধ্যে ঘনিষ্ঠ সম্পর্কের বার্তা বহে। কের পূজায় সমগ্র সম্প্রদায়ের অংশগ্রহণ একতা ও সংহতির অনুভূতি জাগিয়ে তোলে এবং আধ্যাত্মিক সংযোগের বাতাবরণ তৈরি করে। এ এক কৃচ্ছসাধন ও মিলনের অনাবিল আনন্দোৎসব যা বহু শতাব্দী কাল ধরে চলে আসছে।



# বাঙালির ভাত খাওয়ার ইতিহাস

## বাঙালির খাদ্যতালিকায় কবে থেকে ভাত? প্রাচীন বইপত্র ও নথি ঘেঁটে তার তত্ত্বতালাশ *হারুন রশীদ*

*কোলাজ: সৈয়দ লতিফ হোসাইন*

এক পরিসংখ্যানে দেখা গেছে, বর্তমান বিশ্বে মাথাপিছু হিসাবে বাঙালি পৃথিবীর ১ নম্বর ভাতখেকো জাতি (সূত্র: ওয়ার্ল্ড পপুলেশন রিভিউ)। বছরে মাথাপিছু ২৫৭ কেজি ভাত খায় প্রতেক বাংলাদেশি। আবার ইউরোপভিত্তিক একটি গবেষণা সংস্থার মতে, ভাতখেকো হিসেবে বাঙালির পয়লা নম্বর আসন হারিয়েছে গাম্বিয়ার কাছে। বাংলাদেশের অবস্থান এখন ৪ নম্বরে। তাতে মনে করা যেতে পারে, ভাতের ওপর চাপ কমিয়ে বাঙালি অন্যান্য খাবারও খেতে শুরু করেছে বলে আফ্রিকার কাছে প্রথম স্থান হারিয়েছে।

পরিসংখ্যান যা---ই বলুক, বাঙালির ভাত খাওয়ার ইতিহাস যে আফ্রিকার চেয়ে পুরোনো, তাতে সন্দেহ নেই। ভাতের উৎপত্তি হয়েছিল এশিয়া অঞ্চলেই। হাজার হাজার বছর ধরে বিস্তর অন্ন ধ্বংস করে এই গাঙ্গেয় ভূখণ্ডে টিকে আছে বাঙালি জাতি। ভাতের সঙ্গে ডাল-সবজি-মাছ-মাংসও কম ধ্বংস হয়নি। এ খাবারগুলো এই ভূখণ্ডে হাজার হাজার বছর ধরে একই ধারাবাহিকতা নিয়ে বহাল। এক থালা পান্তার সঙ্গে একটি পোড়ামরিচ বা পেঁয়াজ এখনো অনেক মানুষের খাবার। বিশেষ দিনগুলোতে দই-চিড়া বা দুধ-খই-মুড়কি, পিঠা-পায়েস-পুলি ইত্যাদি যত ধরনের খাদ্যসামগ্রী তৈরি হয়, তারও প্রধান উপাদান চাল কিংবা ভাত। ভেতো বাঙালি কত হাজার বছর ধরে ভাতের সঙ্গে যুক্ত?

বাঙালির ভাতের ইতিকথা-প্রাচীন ভারতীয় সাহিত্যে খ্রিষ্টপূর্ব প্রথম সহস্রাব্দের গোড়া থেকেই খাদ্য হিসেবে ভাতের উল্লেখ দেখা যায়। সাধারণ খাবার ছাড়াও ঔষধি হিসেবেও ধান---চালের ব্যবহার ছিল। ঐতরেয় ব্রাহ্মণ গ্রন্থ থেকে জানা যায়, ভগবান ইন্দ্র ও বিষ্ণু ধান ও দুধ দিয়ে তৈরি একপ্রকার সুরা পান করতেন। আবার রামায়ণ---এও সেদ্ধ ভাতের উল্লেখ আছে। সেই সঙ্গে মুড়িও খাদ্য হিসেবে জনপ্রিয় ছিল।

মহাভারত---এ উল্লেখ আছে, ঋণ থেকে মুক্তি পেতে, ব্রাহ্মণদের খুশি করতে হরিণের মাংসের সঙ্গে ভাত, ঘি, দুধসহ পানীয় দেওয়া হতো। মহাভারত---এর সময়ে ধনী-গরিব সবার জন্য ভাতই ছিল সহজলভ্য খাবার। প্রাচীন ভারতীয় প্রায় সব সাহিত্যিক বয়ানেই ভাতের বহুল ব্যবহারের তথ্য পাওয়া যায়। রাজকীয়, ধর্মীয় পার্বণ, দৈনন্দিন জীবনের নানা উপলক্ষজন্ম, মৃত্যু বা বিয়ের অনুষ্ঠানে ভাতের উল্লেখযোগ্য ব্যবহার ছিল। মনুসংহিতা থেকে জানা যায়, শিশুদের প্রথম ভাত খাওয়া উপলক্ষে 'অন্নপ্রাশন' অনুষ্ঠানের আয়োজন করা হতো। এ ধরনের অনুষ্ঠান বাংলাদেশে এখনো প্রচলিত।

ইতিহাসে বহুকাল আগেই ভাতের কথা পাওয়া গেলেও বাংলাদেশে তার প্রত্নতাত্ত্বিক নজির মিলেছে অল্পকাল আগে। সাম্প্রতিককালে উয়ারী---বটেশ্বরে খনন করে গবেষকেরা পোড়া চালের নিদর্শন পেয়েছেন। বগুড়ার মহাস্থানগড় থেকে খ্রিষ্টপূর্ব চতুর্থ শতকের যে নমুনা পাওয়া যায়, সেখানেও আছে পোড়া চালের অস্তিত্ব। মহাস্থানগড়ের ব্রাহ্মীলিপি থেকে জানা যায়, সে সময় দুর্ভিক্ষ হয়েছিল। ফলে স্থানীয় শাসককে জনগণের মধ্যে ধান বিতরণের নির্দেশ দেওয়া হয়। ১৯৬৭ সালে শালবন বিহার খনন করে খ্রিষ্টীয় দশম শতকের অঙ্গারীভূত চালের অবশেষ পাওয়া গেছে। তাতে মনে হয়, বর্তমানে যে ধরনের খাবারে বাঙালি অভ্যস্ত, সেটা কয়েক হাজার বছরের পুরোনো।

বাঙালির ভাত খাওয়ার ইতিহাস যে আফ্রিকার চেয়ে পুরোনো, তাতে সন্দেহ নেই। ভাতের উৎপত্তি হয়েছিল এশিয়া অঞ্চলেই।

বাঙালির ডাল-ভাত- বাঙালির খাদ্যতালিকায় ভাতের পরেই ডালের অবস্থান। ডালের সঙ্গে ভাতের সম্পর্কটাও আজকের নয়। গাঙ্গেয় বদ্বীপ অঞ্চলে মানববসতির আদিযুগ থেকে চালের সঙ্গে ডালের নমুনাও মিলেছে। উয়ারী---বটেশ্বরে খ্রিষ্টপূর্ব চতুর্থ শতকের স্তরে মসুর, খেসারি, মাষকলাই ও মুগডালের নমুনা পাওয়া গেছে। এর মধ্যে মসুর ও খেসারির জন্ম দক্ষিণ---পশ্চিম এশিয়ায় এবং মাষকলাই ও মুগডালের উৎপত্তি দক্ষিণ ভারতে। ছোলা, খেসারি ইত্যাদি পশ্চিম এশিয়ার ডাল। এগুলো ওই অঞ্চলের আরও দুটি প্রধান ফসল যব ও গমের সঙ্গে ইরান ও পাকিস্তান সীমান্ত দিয়ে দক্ষিণ এশিয়া হয়ে বঙ্গদেশে প্রবেশ করেছিল। সুতরাং ডাল---ভাতের সম্পর্কের ইতিহাসও কয়েক হাজার বছরের পুরোনো।

ডাল---ভাতের পাশাপাশি শাকসবজিও বাঙালির খাদ্যের অন্যতম উপাদান। প্রাচীন সাহিত্য ও পুঁথিপত্রের সূত্র ধরে অনুমান করা যায়, এ যুগে আমরা যেসব তরকারি খেয়ে থাকি, তার অধিকাংশ প্রাচীনকালেও ছিল। যেমন বেগুন, লাউ, কুমড়া, ঝিঙে, কাঁকরোল, কচু প্রভৃতি অতি প্রাচীনকালের খাদ্যতালিকাতেও পাওয়া যায়। তবে এখনকার জনপ্রিয় সবজি আলুর ব্যবহার বাংলায় পর্তুগিজ আগমনের পর থেকে শুরু হয়েছিল। মধ্যযুগে মুসলমানদের আসার পরে নতুন করে যুক্ত হয় বরবটি। উয়ারী-বটেশ্বর ও বিক্রমপুর থেকে পাওয়া গেছে বেশ কিছু শাকসবজিলালশাক ও ডাঁটা---জাতীয় শাকের পোড়া অবশেষ।

মাছে---ভাতে বাঙালি- পাতের মধ্যে একটুকরা মাছ ছাড়া বাঙালির ভোজ কি কল্পনা করা যায়? এ দেশে পুকুরভরা মাছ ছাড়াও খাল---বিলে হরেক জাতের মিঠাপানির মাছ পাওয়া যায়। হিমালয় পর্বত থেকে নেমে আসা দুই শতাধিক নদী বঙ্গদেশের ওপর দিয়ে প্রবাহিত হয়ে মিলেছে বঙ্গোপসাগরে। তাদের এই দীর্ঘ যাত্রাপথে যে বিপুল জলাভূমি অতিক্রম করতে হয়েছে, তার বেশির ভাগই বাংলাদেশে। সেসব এলাকায় আছে অসংখ্য মাছের বাসস্থান। পৃথিবীর সবচেয়ে বৈচিত্র্যময় মৎস্যসম্পদের দেখা মেলে এই অঞ্চলেই। অতএব এখানকার মানুষ ভাতের সঙ্গে মাছও খাবে, এটাই স্বাভাবিক। গল্পগাথা ছাড়াও প্রত্নতাত্ত্বিক গবেষণায়ও এর প্রমাণ মিলেছে। এ অঞ্চলের সবচেয়ে প্রাচীন জনপদ হিসেবে উয়ারী---বটেশ্বরের প্রত্নতাত্ত্বিক সাক্ষ্য আছে। আমরা সেখান থেকেও বেশ কিছু নজির পেয়ে যাই।

উয়ারী-বটেশ্বরে প্রাপ্ত খ্রিষ্টপূর্ব ষষ্ঠ থেকে প্রথম শতকের রৌপ্যমুদ্রায় বিভিন্ন জাতের মাছের প্রতীকের ছাপ আছে। এ ছাড়া বগুড়ার মহাস্থানগড় ও রাজশাহীর বাইগাছায় পাওয়া রৌপ্যমুদ্রায় বিভিন্ন ফর্মে মাছের প্রতীক দেখা যায়। সোমপুর মহাবিহার ও ময়নামতির পোড়ামাটির ফলকে মাছের উপস্থাপন প্রায় সাধারণ ঘটনা। প্রাচীন বাংলার জাতিবিন্যাসের সবচেয়ে পুরোনো নথি বৃহর্দমপুরাণ অনুযায়ী, রোহিত (রুই), শফর (পুঁটি), সকুল (শোল) ও শ্বেতবর্ণ আঁশযুক্ত অন্যান্য মাছ ছিল ব্রাহ্মণদের উপযোগী খাবার। যেসব মাছ গর্তে কিংবা কাদায় বাস করে, যেগুলোর মুখ সাপের মতো এবং আঁশ নেই, এমন মাছ ব্রাহ্মণদের জন্য ছিল নিষিদ্ধ। একই বইয়ে প্রাণিজ ও উদ্ভিজ্জ তেলের তালিকা দিতে গিয়ে খ্রিষ্টীয় একাদশ শতকে ইলিশ মাছের তেলের বহুল ব্যবহারের কথা বলেছেন। এসব তথ্যের সাক্ষ্য থেকে নিশ্চিত বলা যায়, খ্রিষ্টপূর্ব সময়কাল থেকে বাঙালির পাতে ভাতের সঙ্গে অন্যতম প্রধান উপাদান হিসেবে উপস্থিত ছিল মাছ। আবহমান বাংলার 'মাছে-ভাতে বাঙালি' প্রবাদটির উৎপত্তি এখান থেকেই।

ভাতের দেবী শ্রীদেবী -ভাতের ইতিহাসের সর্বশেষ পর্বে ইন্দোনেশিয়ার দ্বীপপুঞ্জের মজার এক উপাখ্যানের সঙ্গে পরিচিত হওয়া যাক। ওই দ্বীপগুলোতে হাজার হাজার বছর ধরে ফসল উৎপাদন এবং উর্বরতা শক্তির প্রতীক হিসেবে দেবী শ্রী বা শ্রীদেবী বিশেষ এক দেবীর পূজা করা হয়ে আসছে। ভারতবর্ষে যেভাবে সমৃদ্ধির প্রতীক হিসেবে লক্ষ্মীর পূজা করা হয়, ইন্দোনেশিয়ায় একইভাবে শ্রীদেবীর পূজা চলে। কোনো কোনো গবেষকের অনুমান, সুপ্রাচীনকালে হিন্দুধর্মের সঙ্গে সেই পূজার রীতি ভারতবর্ষ কিংবা বঙ্গদেশ থেকে রপ্তানি হয়েছিল ইন্দোনেশিয়ার বিভিন্ন দ্বীপাঞ্চলে।

আবার অনেক গবেষক মনে করেন, জাভা দ্বীপে শ্রীদেবীকে পূজা করার ইতিহাস আরও প্রাচীন। এ নিয়ে বালি ও জাভা দ্বীপে একটা কিংবদন্তির গল্প চালু আছে।

বহুযুগ আগে স্বর্গের সর্বোচ্চ ক্ষমতাধর দেবতা 'বাতারা গুরু' নতুন প্রাসাদ নির্মাণের জন্য সব দেব-দেবীকে তাদের সর্বশক্তি নিয়োজিত করার নির্দেশ দিয়ে বলেছিলেন, কেউ এই আদেশ অমান্য করলে তার হাত---পা কেটে ফেলা হবে। বাতারা গুরুর আদেশ শুনে ঘাবড়ে গেল সাপের দেবতা অন্তবোগা। কারণ তাঁর হাত-পা কিছু নেই। সে তো চাইলেও এই আদেশ পালন করতে পারবে না। নিরুপায় হয়ে সে পরামর্শের জন্য গেল বাতারা গুরুর ছোট ভাই বাতারা নারদের কাছে; কিন্তু বাতারা নারদও কোনো উপায় করতে পারলেন না। নিজের দুর্ভাগ্যের কথা ভেবে অন্তবোগা তার সামনে বসে কাঁদতে শুরু করল। সে যখন কাঁদছিল, তখন তার চোখ থেকে তিনটা অশ্রুবিন্দু মাটিতে পড়ল। মাটি স্পর্শ করার সঙ্গে সঙ্গে অশ্রুবিন্দুগুলো মুক্তার মতো সুন্দর চকচকে ডিমে পরিণত হলো। বাতারা নারদ এই 'রত্নগুলো' বাতারা গুরুকে উপহার দেওয়ার পরামর্শ দিলেন এই ভেবে যে এগুলো উপহার পেলে খুশি হয়ে বাতারা হয়তো তাকে ক্ষমা করে দিতে পারেন। ধানখেতে শ্রীদেবীর পূজা-পরামর্শ শুনে অন্তবোগা ডিম তিনটি মুখে নিয়ে বাতারা গুরুর প্রাসাদের উদ্দেশে রওনা হলো। পথে তার দেখা হলো একটা ইগলের সঙ্গে। ইগলটা তার সঙ্গে আলাপ জুড়তে চাইল; কিন্তু মুখে ডিম নিয়ে কোনো কথা বলতে পারছিল না অন্তবোগা। ইগল ভাবল, অন্তবোগা দেমাগ দেখাচ্ছে। খেপে গিয়ে সে অন্তবোগাকে আক্রমণ করে বসল। ফলে একটি ডিম মাটিতে পড়ে গেল ভেঙে। এতে অন্তবোগা তাড়াতাড়ি ঝোপের মধ্যে লুকিয়ে গেল; কিন্তু ইগল আবারও আক্রমণ করলে আরেকটি ডিমও ভেঙে যায়। ভয়ে অন্তবোগা এবার একটি গর্তে ঢুকে পড়ল। তারপর কোনোমতে সেখান থেকে পালিয়ে যখন বাতারা গুরুর প্রাসাদে পৌঁছাল, তখন তার মুখে মাত্র একটি ডিম।

সেই একটি ডিম উপহার পেয়েই বাতারা গুরু তাকে ক্ষমা করে দিলেন। বললেন, একটি বাসা তৈরি করে ডিম ফোটা পর্যন্ত অপেক্ষা করো। অলৌকিকভাবে সেই ডিম ফুটে বের হলো অপূর্ব সুন্দর এক দেবশিশু। সেই শিশুকে বাতারা গুরু ও তাঁর স্ত্রীকে উপহার দিল অন্তবোগা। ওই শিশুর নাম ছিল শ্রী পোহাসি। বড় হওয়ার পর সে একটি রূপবতী রাজকন্যায় পরিণত হলো। তার সৌন্দর্যে সবাই মুগ্ধ। স্বর্গের সব দেবতা তার ভক্তে পরিণত হলো; কিন্তু এই সৌন্দর্য তার জন্য বিপদের কারণ হয়ে দাঁড়াল অচিরেই। কারণ তার পালকপিতা বাতারা গুরু তার প্রতি আকৃষ্ট হলো। নিজের পালিত কন্যার জন্য বাতারা গুরুর এই আকাঙ্ক্ষা দেখে দেবতারা দুশ্চিন্তায় পড়ে গেল। তারা আশঙ্কা করল, এই কেলেঙ্কারি স্বর্গের সম্প্রীতি নষ্ট করতে পারে। অতএব সব দেবতা ষড়যন্ত্র করে শ্রী পোহাসিকে বিষ প্রয়োগে হত্যা করল। তারপর দেহটা পৃথিবীর একটি গোপন জায়গায় সমাহিত করল। জাভা দ্বীপে প্রাচীন যুগের শ্রীদেবীর প্রস্তরমূর্তি

কিছুদিন পর শ্রী পোহাসির দেহ থেকে জন্ম নিতে থাকে এমন কিছু উদ্ভিদ, যা মানবজাতির জন্য বিশেষ দরকারি। তার মাথা থেকে জন্ম নিল নারকেলগাছ; নাক, ঠোঁট আর কান থেকে জন্মাল শাকসবজি ও বিভিন্ন ধরনের মসলা; তার চুল থেকে বিভিন্ন ফুলের গাছ ও ঘাস; স্তন থেকে বিভিন্ন ফলের গাছ; বাহু ও হাত থেকে সেগুনসহ বিভিন্ন বৃক্ষ; উরু থেকে জন্ম নিল নানা ধরনের বাঁশ; পা থেকে কন্দজাতীয় নানান গাছ। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্ভিদের জন্ম হলো তার নাভিমূল থেকেসেটি হলো ধান। মানবজাতির প্রধান খাদ্য। সে কারণে পরবর্তী যুগে ওই অঞ্চলের লোকেরা শ্রী পোহাসির পূজা করতে শুরু করে। এই শ্রী পোহাসি পরে দেবী শ্রী বা শ্রীদেবী হিসেবে পরিচিতি পেয়েছে। জাভা দ্বীপের লোকেরা এখনো তাকে পরোপকারী ধানের দেবী ও উর্বরতা শক্তির প্রতীক হিসেবে পূজা করে।

পশ্চিম জাভা দ্বীপের সুন্দা জাতির লোকেরা শ্রীদেবীকে উৎসর্গ করে 'সেরেন তাউন' নামে এক চমকপ্রদ উৎসবের আয়োজন করে। প্রাচীন যুগের সুন্দা রাজত্বের সময়কাল থেকে এটি হয়ে আসছে। ইন্দোনেশিয়ার কিছু টাকার মধ্যেও শ্রীদেবীর ছবি দেখা যায়। বালি দ্বীপের লোকেরা ধানখেতেই শ্রীদেবীর পূজা করে থাকে। কচি নারকেলপাতা দিয়ে শ্রীদেবীর উদ্দেশে একটা পূজাবেদি তৈরি করে স্থাপন করা হয় ধানখেতের মধ্যে। তারপর ফসল তোলার সময় দেবীর উদ্দেশে নিবেদন করা হয় অর্ঘ্য। জাভা ও সুন্দা জাতির মধ্যে মাপাগ শ্রী নামের একটা স্থানীয় উৎসব আছে, যা ফসল তোলার আগে উদ্যাপিত হয়। 'মাপাগ শ্রী'র আক্ষরিক অর্থ হলো শ্রীদেবীকে নিমন্ত্রণ করা। ফসল তোলার আগে গ্রামের মধ্যে শ্রীদেবীর আগমন ঘটানোর জন্যই এই আয়োজন। সেই সময় কোনো বাড়িতে যদি সাপের অনুপ্রবেশ ঘটে, তারা তাকে তাড়িয়ে দেয় না; বরং তার উদ্দেশে অর্ঘ্য দেয় ভালো ফসল উৎপাদনের জন্য।

এশিয়ার দেশে দেশে ভাতের প্রচলন থাকলেও প্রত্যেকে দেশের ভাত খাওয়ার রীতি স্বতন্ত্র। চীন, জাপান, কোরিয়াসহ দক্ষিণ---পূর্ব এশিয়ার দেশগুলোতে যে পদ্ধতিতে ভাত খাওয়া হয়, তার সঙ্গে ভারতবর্ষের ভাত খাওয়ার রীতিতে পার্থক্য আছে। বাঙালির ভাত খাওয়ার মধ্যে যে পরিমাণ রসনাতৃপ্তির জোগান ও বৈচিত্র্য আছে, পৃথিবীর খুব কম জাতির মধ্যেই সেটি লক্ষ করা যায়। বিশেষত ভাতের সঙ্গে যেসব খাদ্য উপাদান যুক্ত এবং যে পদ্ধতিতে সেগুলো তৈরি করা হয়, তার পুরোটাই একটি শিল্পকর্ম। আর সেই রন্ধনশিল্প যুগ যুগ ধরে বাঙালির রসনাকে এমনভাবে দখল করে রেখেছে যে পৃথিবীর যেকোনো দেশে গিয়ে সুযোগ পেলেই বাঙালিরা স্বদেশি রসুইঘর খুঁজে বেড়ায়।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# নিয়মিত তল্লাশির সময় উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর হাতে গ্রেপ্তার ৪৭ অবৈধ অনুপ্রবেশকারী



মালিগাঁও, ২৮ জুলাই, ২০২৪: অবৈধ অনুপ্রবেশকারীদের (বাংলাদেশি ও রোহিঙ্গা) শনাক্তকরণের ধারাবাহিক লড়াইয়ে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) ২০২৪-এর জুন মাসে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন স্টেশনে তল্লাশি চালানোর সময় ৪৭ জন অনুপ্রবেশকারী এবং ০৫ জন ভারতীয় দালালকে গ্রেপ্তার করে। বর্তমান মাস অর্থাৎ ২০২৪-এর জুলাই মাসের ২৩ তারিখ পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী ৪১ জন অনুপ্রবেশকারীকে আটক করেছে।

২০২৪-এর জুলাই মাসের ০২ তারিখে আগরতলার আরপিএফ টিম আগরতলা রেলওয়ে স্টেশনে নিয়মিত তল্লাশি চালায়। সেই সময় তারা সন্দেহভাজন নাগরিকত্বের ১১ জন ব্যক্তিকে (০৯ জন মহিলা ও ০২ পুরুষ) শনাক্ত করে। জিজ্ঞাসাবাদের সময় তারা কোনও বৈধ নথিপত্র দেখাতে পারেনি এবং পরে তারা স্বীকার করে যে বাংলাদেশ থেকে তারা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে।

আগরতলা রেলওয়ে স্টেশনে ২০২৪-এর ২৩ জুলাই তারিখের একটি ঘটনায় আরপিএফ ০৪ জন জন পুরুষ বাংলাদেশি নাগরিককে আটক করেছিল। এই বাংলাদেশী নাগরিকরা ট্রেনের মাধ্যমে কোলকাতা যাচ্ছিল। পরবর্তী আইনি পদক্ষেপ গ্রহণের জন্য পরে ধৃত সমস্ত অবৈধ অনুপ্রবেশকারীকে অফিসার ইন-চার্জ/গভর্মেন্ট রেলওয়ে পুলিশ/আগরতলার হাতে তুলে দেওয়া হয়। একইভাবে আরপিএফ-এর দ্বারা নিয়মিত তল্লাশি চালানোর সময় বদরপুর ও নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে অন্য অবৈধ অনুপ্রবেশকারীদের আটক করা হয়। বিভিন্ন স্টেশন ও ট্রেনে নিয়োজিত আরপিএফ কর্মীরা খুব সতর্ক এবং অবৈধ অনুপ্রবেশ, রোহিঙ্গা ও সন্দেহভাজন ব্যক্তিদের উপর কড়া নজর রেখে চলেছে।

## দিল্লিতে বেসমেন্টে ডুবে মৃত্যু ৩ পড়ুয়ার, বিক্ষোভ জারি রবিবারও

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): দিল্লির রাজেন্দ্রনগরের কোচিং সেন্টারে শনিবার ৩ পড়ুয়ার মৃত্যুর ঘটনায় রবিবারও বিক্ষোভ জারি রয়েছে। কোচিং সেন্টারের বেসমেন্টে কেন লাইব্রেরি রাখা হয়েছে, তা নিয়ে উঠেছে প্রশ্ন।

দিল্লিতে ভারী বৃষ্টির কারণে রাজেন্দ্রনগরের একটি কোচিং সেন্টারের বেসমেন্টে জমা জলে আটকে পড়ে ৩ পড়ুয়ার মৃত্যু হয় শনিবার। বেসমেন্টের ভিতর থেকে বেশ কয়েকজন পড়ুয়াকে নিরাপদে উদ্ধার করা সম্ভব হয়। দমকল বিভাগ জানিয়েছে, বেসমেন্টে জল ঢুকে যাওয়ায় পড়ুয়ারা আটকে পড়েছিলেন বলে তাদের জানানো হয়। এরপরই ৩ জনের দেহ উদ্ধার হয়। ৪ ঘন্টারও বেশি সময় তাঁরা বেসমেন্টে আটকে ছিলেন বলে খবর।

জানা যাচ্ছে, শনিবার টানা বৃষ্টির জেরে রাস্তা উপচে জল ওই কোচিং সেন্টারের বেসমেন্টে ঢুকতে শুরু করে। এ ব্যাপারে পড়ুয়ারা কর্তৃপক্ষর গাফিলতি নিয়েও প্রশ্ন তুলেছে। তাঁদের বক্তব্য, দিল্লির নিকাশি সমস্যার কথা তো সংস্থার অজানা নয়। তা হলে বেছে বেছে বেসমেন্টে কেন লাইব্রেরি করা হল? আর যদি বা তৈরি করা হল, তাহলে প্রয়োজবনীয় পদক্ষেপ নেওয়া হয়নি কেন? এ ব্যাপারে সংশ্লিষ্ট কোচিং সেন্টার কর্তৃপক্ষর কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া যায়নি।

## দিল্লির বাসে বোমাতঙ্ক, তল্লাশি

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): শনিবার রাতে দিল্লির একটি বাসে বোমাতঙ্ক ছড়ায়। খবর পেয়ে সঙ্গে-সঙ্গে ঘটনাস্থলে পৌঁছয় দমকল এবং পুলিশ। হাজির হয় বোম স্কোয়াড। ঘটনাটি ঘটেছে দিল্লির নজফগড় রোডে।

জানা যায়, আচমকাই একটি বাসে বোমাতঙ্ক ছড়ায়। শনিবার রাত প্রায় ১২টা নাগাদ খবর যায় দমকলে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান দিল্লি ফায়ার সার্ভিসের কর্মীরা। উপস্থিত হয় বোম স্কোয়াড। দীর্ঘক্ষণ চলে তল্লাশি। বাস চালক জানিয়েছেন, যাত্রীদের আসনের নীচে সন্দেহজনক জিনিস দেখতে পেয়ে দ্রুত বাসে থাকা যাত্রীদের নেমে যেতে বলা হয়। ফোন করা হয় পুলিশে। সঙ্গে সঙ্গে টহলদারি পুলিশের গাড়ি ঘটনাস্থলে পৌঁছয়। চলে আসে দমকল ও বোম স্কোয়াড।

## ৬ রাজ্যে নতুন রাজ্যপাল, দায়িত্ব বদল আরও ৩ রাজ্যে

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): ছ'টি রাজ্যে নতুন রাজ্যপাল নিয়োগ করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শনিবার রাতে রাষ্ট্রপতি ভবন থেকে বিজ্ঞপ্তি জারি করে রাজ্যপাল নিয়োগের কথা জানানো হয়েছে। পাশাপাশি আরও তিন রাজ্যপালকে ভিন রাজ্যে দায়িত্ব দেওয়া হয়েছে। আর পঞ্জাবের রাজ্যপাল বনোয়ারিলাল পুরোহিতের ইস্তফা মঞ্জুর করা হয়েছে।

শনিবার রাতে রাষ্ট্রপতি ভবনের তরফে বিজ্ঞপ্তি দিয়ে নয়া রাজ্যপালদের নাম ঘোষণা করা হয়। এই বিজ্ঞপ্তি অনুযায়ী, তেলেঙ্গানার নতুন রাজ্যপাল হয়েছেন জিষ্ণু দেব বর্মা। রাজস্থানের রাজ্যপালের দায়িত্ব পেয়েছেন হরিভাউ কিষাণরাও বাগড়ে। ঝাড়খণ্ডের রাজ্যপাল হয়েছেন সন্তোষকুমার গাঙ্গোয়ার। সিকিমের রাজ্যপাল হয়েছেন ওমপ্রকাশ মাথুর। মেঘালয়ের রাজ্যপাল হয়েছেন সি এইচ বিজয়শঙ্কর। ছত্তিশগড়ের রাজ্যপাল করা হয়েছে রমেন ডেকাকে।

অন্যদিকে মহারাষ্ট্রের দায়িত্ব পেয়েছেন ঝাড়খণ্ডের বিদায়ী রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণণ। পঞ্জাবের রাজ্যপাল হিসেবে ঘোষণা করা হয়েছে অসমের বিদায়ী রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়ার নাম। তিনি একইসঙ্গে কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়ের প্রশাসকের দায়িত্বও সামলাবেন। আর সিকিমের বিদায়ী রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য্যকে দেওয়া হয়েছে অসমের রাজ্যপালের দায়িত্ব। একইসঙ্গে তিনি মণিপুরের দায়িত্বও সামলাবেন।

## রাজনীতি নয় দিল্লির কোচিংয়ে পড়ুয়া মৃত্যু নিয়ে, মালিওয়ালকে ঘিরে বিক্ষোভ ছাত্রছাত্রীদের

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): দিল্লির রাজেন্দ্রনগরের কোচিং সেন্টারে শনিবার ৩ পড়ুয়ার মৃত্যুর ঘটনায় রবিবারও বিক্ষোভ জারি রয়েছে। কোচিং সেন্টারের বেসমেন্টে কেন লাইব্রেরি রাখা হয়েছে, তা নিয়ে উঠেছে প্রশ্ন। দিল্লিতে, ভারী বৃষ্টির কারণে রাজেন্দ্রনগরের একটি কোচিং সেন্টারের বেসমেন্টে জমা জলে আটকে পড়ে ৩ পড়ুয়ার মৃত্যু হয় শনিবার। বেসমেন্টের ভিতর থেকে বেশ কয়েকজন পড়ুয়াকে নিরাপদে উদ্ধার করা সম্ভব হয়।

এই ঘটনায় পড়ুয়াদের সঙ্গে কথা বলতে রবিবার সকালে ঘটনাস্থলে আসেন আম আদমি পার্টির সাংসদ স্বাতী মালিওয়াল। স্বাতীকে দেখা মাত্রই তাঁরা "গো ব্যাক" স্লোগান তুলে বিক্ষোভ দেখান। তাঁদের দাবি, পড়ুয়া মৃত্যুর এই ঘটনা নিয়ে তাঁরা কোনও রাজনীতি করতে দেবেন না।

প্রসঙ্গত, শনিবার টানা বৃষ্টির জেরে রাস্তা উপচে জল দিল্লির ওই কোচিং সেন্টারের বেসমেন্টে ঢুকতে শুরু করে।

এ ব্যাপারে পড়ুয়ারা কর্তৃপক্ষর গাফিলতি নিয়েও প্রশ্ন তুলেছেন। তাঁদের বক্তব্য, দিল্লির নিকাশি সমস্যার কথা তো সংস্থার অজানা নয়। তা হলে বেছে বেছে বেসমেন্টে কেন লাইব্রেরি করা হল? আর যদি বা তৈরি করা হল, তাহলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়নি কেন? এ ব্যাপারে সংশ্লিষ্ট কোচিং সেন্টার কর্তৃপক্ষর কোনও প্রতিক্রিয়া এখনও পাওয়া যায়নি।

## রবিতেও রাজধানীতে মোদীর বৈঠক বিজেপিশাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): নীতি আয়োগের বৈঠকের পরই দিল্লিতে বিজেপিশাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে শনিবার দুদিনের বৈঠক শুরু হয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। এই বৈঠকে যোগ দেন একাধিক রাজ্যের মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী। রবিবারও হয় এই বৈঠক। এই বৈঠকে এদিন উপস্থিত ছিলেন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

উল্লেখ্য, চলতি বছরের লোকসভা নির্বাচনের ফলপ্রকাশের পর বিজেপিশাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে এই প্রথম বৈঠক করলেন মোদী। রবিবাসরীয় সকালেই দিল্লিতে বিজেপির সদর দফতরে পৌঁছে যান বিজেপির প্রথম সারির নেতারা। সকাল সকাল দিল্লির বিজেপি সদর দফতরে হাজির হয় মোদীর কনভয়। গাড়ি থেকে নেমে বিজেপি দফতরে প্রবেশ করেন প্রধানমন্ত্রী। লোকসভা নির্বাচনের পর্যালোচনা, বিভিন্ন সরকারি প্রকল্পে কাজের অগ্রগতি-সহ একাধিক রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি আলোচ্য বিষয় বলে বিজেপির তরফে জানা যাচ্ছে।

## অমরনাথ যাত্রায় রেকর্ড, ২৯ দিনে ৪.৫১ লক্ষাধিক পুণ্যার্থীর পূজার্চনা ও দর্শন সম্পন্ন

শ্রীনগর, ২৮ জুলাই (হি.স.): এই বছরের অমরনাথ যাত্রা একের পর এক রেকর্ড গড়েই চলেছে। এখনও পর্যন্ত ২৯ দিনে ৪.৫১ লক্ষাধিক পুণ্যার্থী অমরনাথের পবিত্র গুহায় পূজার্চনা ও দর্শন সম্পন্ন করেছেন। গত বছর সমগ্র সময়কালে ৩.৫০ লক্ষ পুণ্যার্থী অমরনাথ যাত্রা করেছিলেন। এই বছর মাত্র ২৯ দিনেই ৪.৫১ লক্ষ তীর্থযাত্রী ইতিমধ্যেই পবিত্র গুহা মন্দিরের ভিতরে দর্শন করেছেন।

এদিকে, ১৬৭৭ জন পুন্যার্থীর আরেকটি দল রবিবার জম্মুর ভগবতীনগর বেস ক্যাম্প থেকে অমরনাথ গুহা মন্দিরের উদ্দেশে রওনা দিয়েছেন। এর মধ্যে ৪০৮ জন বালতাল এবং ১২৬৯ জন পহেলগাঁও বেস ক্যাম্প পৌঁছবেন। সেখান থেকে তাঁরা যাবেন পবিত্র গুহামন্দিরে।

## রবিবার দক্ষিণে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা, উত্তরে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): বঙ্গোপসাগরে নিম্নচাপ পরিস্থিতি তৈরি হওয়ায় পশ্চিমবঙ্গের আবহাওয়ায় পরিবর্তন দেখা দিচ্ছে। জানা গেছে, নিম্নচাপ ওড়িশার দিকে অগ্রসর হচ্ছে, যার প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার দুই মেদিনীপুরে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে। এছাড়া, কলকাতা-সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে হাওয়া অফিস সূত্রে খবর।

আবহাওয়া দফতরের পূর্বাভাস, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় আগামী ৪৮ ঘণ্টায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। রবিবার মূলত ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে কালিম্পং ও আলিপুরদুয়ারে। সঙ্গে বজ্রবিদ্যুতের পূর্বাভাস দেওয়া হয়েছে এই দুই জেলা ছাড়াও মালদায় ও দুই দিনাজপুরে।

## দিল্লির কোচিং সেন্টারে পড়ুয়া মৃত্যুর ঘটনায় হেফাজতে দুই

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): দিল্লির রাজেন্দ্রনগরের কোচিং সেন্টারে শনিবার ৩ পড়ুয়ার মৃত্যুর ঘটনায় রবিবারও বিক্ষোভ জারি রয়েছে। কোচিং সেন্টারের বেসমেন্টে কেন লাইব্রেরি রাখা হয়েছে, তা নিয়ে উঠেছে প্রশ্ন। এই ঘটনায় দিল্লি পুলিশ দুজনকে হেফাজতে নিয়েছে বলে জানা গেছে। সংশ্লিষ্ট কোচিং সেন্টারের কর্ণধার এবং তাঁর সহযোগীকে হেফাজতে নেওয়া হয়েছে বলে পুলিশ সূত্রে জানা যাচ্ছে।

প্রসঙ্গত, শনিবার টানা বৃষ্টির জেরে রাস্তা উপচে জল দিল্লির ওই কোচিং সেন্টারের বেসমেন্টে ঢুকতে শুরু করে। এ ব্যাপারে পড়ুয়ারা কর্তৃপক্ষর গাফিলতি নিয়ে প্রশ্ন তুলেছেন। তাঁদের বক্তব্য, দিল্লির নিকাশি সমস্যার কথা তো সংস্থার অজানা নয়। তা হলে বেছে বেছে বেসমেন্টে কেন লাইব্রেরি করা হল? আর যদি বা তৈরি করা হল, তাহলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়নি কেন, তা নিয়েও সরব পড়ুয়ারা।

## রবিতে সাগর উত্তাল হওয়ার সম্ভাবনা, মৎস্যজীবীদের জন্য জারি সতর্কতা

কলকাতা, ২৮ জুলাই (হি.স.): গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের উপর অবস্থিত নিম্নচাপ ঘনীভূত হওয়ার সম্ভাবনা। এর ফলে রবিবার সমুদ্র উত্তাল হয়ে ঝোড়ো হাওয়ার গতি ঘণ্টায় ৬০ কিমি পর্যন্ত পৌঁছাতে পারে, এমনটাই পূর্বাভাস।

হাওয়া অফিস সতর্ক করেছে যে, আগামী ৪৮ ঘণ্টা মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়ায় সতর্কতা অবলম্বন করা উচিত।

আবহাওয়া দফতর সূত্রে খবর, বঙ্গোপসাগরে এদিন নিম্নচাপ গভীর হওয়ার সম্ভাবনা রয়েছে। সেই কারণে সমুদ্র ও নদী উত্তাল হওয়ার সম্ভবনা। মৎস্যজীবীদের গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়ায় সতর্কবার্তা দেওয়া হয়েছে। হাওয়া অফিস জানিয়েছে, ঝোড়ো হাওয়ার সঙ্গে ভূপৃষ্ঠের বাতাসের গতিবেগ এদিন থাকতে পারে ৪০-৬০ কিলোমিটার প্রতি ঘণ্টায়। জানা যাচ্ছে, নিম্নচাপটি ওড়িশার দিকে অগ্রসর হচ্ছে। যার প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় রবিবার বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## বানভাসি কোলহাপুরে নামলো বিপর্যয় মোকাবিলা বাহিনী

কোলহাপুর, ২৮ জুলাই (হি.স.): এক নাগাড়ে বৃষ্টিতে বানভাসি দেশের একাধিক রাজ্য। বিপর্যস্ত মহারাষ্ট্রও। ভারী বৃষ্টির জেরে জলের তলায় মহারাষ্ট্রের কোলহাপুর।

জানা গেছে, প্লাবিত হয়েছে মহারাষ্ট্রের একাধিক এলাকা। জলমগ্ন কোলহাপুর-ও। প্লাবিত হওয়ায় ক্ষয়ক্ষতি হয়েছে ফসলের। বানভাসি পরিস্থিতিতে বিপর্যস্ত এলাকাবাসীরাও। তৎপর হয়েছে প্রশাসন।

নেমেছে বিপর্যয় মোকাবিলা বাহিনী। রবিবার জানা গেছে, নৌকায় বিভিন্ন এলাকায় ঘুরে স্থানীয়দের সহায়তায় হাত বাড়িয়ে দিচ্ছেন বাহিনীর সদস্যরা। তাঁরা প্লাবনের পরিস্থিতি গভীরভাবে পর্যবেক্ষণ করছেন বলেও জানা যাচ্ছে।

## বালুরঘাট টাউন বিজেপির পার্টি অফিস ভাঙার চক্রান্ত পুরসভার, দায়ের অভিযোগ

বালুরঘাট, ২৮ জুলাই (হি. স.) : দক্ষিণ দিনাজপুরের মঙ্গলপুরে থাকা বালুরঘাট টাউন বিজেপির পার্টি অফিসটি ভাঙার চক্রান্ত করছে পুরসভা। সেই জায়গায় ফুটপাথ ব্যবসায়ীদের বসানোর চেষ্টা করছেন পুরপ্রধান অশোককুমার মিত্র ও স্থানীয় কাউন্সিলর সুরজিৎ সাহা। এই অভিযোগ তুলে বালুরঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করলেন বালুরঘাট টাউন বিজেপির সভাপতি সমীরপ্রসাদ দত্ত। বিষয়টি জানাজানি হতেই চাঞ্চল্য ছড়িয়েছে শহরে। বালুরঘাট শহরের মঙ্গলপুর এলাকায় রয়েছে বিজেপির টাউন কার্যালয়। আগে এটাই দলের জেলা কার্যালয় ছিল। পূর্ত দফতরের জায়গার উপর পার্টি অফিসটি রয়েছে। বছর চারেক আগে ৫১২ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের সময় কার্যালয়ের একাংশ ভাঙা পড়েছে। আগের থেকে এখন অফিসটি ছোট হয়েছে। গত বৃহস্পতিবার বালুরঘাট পুরসভা ও পুলিশ প্রশাসন যৌথভাবে ফুটপাথ দখলমুক্ত করতে বালুরঘাট শহরে বিশেষ অভিযান চালায়। হিলি মোড় থেকে মঙ্গলপুর হয়ে রঘুনাথপুর পর্যন্ত অভিযান চালানো হয়। সেদিন বিজেপির এই পার্টি অফিস চত্বরেও যান আধিকারিকরা। খুঁটিয়ে দেখা হয় এলাকা। এদিকে পার্টি অফিস ভাঙা হতে পারে খবর পেয়ে ঘটনাস্থলে যায় বিজেপি নেতৃত্ব। যদিও সেদিন বিজেপি পার্টি অফিসের কিছুই ভাঙা হয়নি। তবে পুরসভা সেই অফিস ভাঙার পরিকল্পনা করেছে অভিযোগ তুলে শনিবার রাতে বালুরঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। বিজেপির শহর সভাপতি পুরপ্রধান ও স্থানীয় কাউন্সিলারের বিরুদ্ধে এই অভিযোগ দায়ের করেছেন।

## মহেশতলায় জঙ্গল থেকে উদ্ধার বৃদ্ধার দেহ, আটক ছেলে-বৌমা

কলকাতা, ২৮ জুলাই (হি. স.) : মহেশতলায় জঙ্গল থেকে উদ্ধার বৃদ্ধার দেহ উদ্ধারের ঘটনায় আটক ছেলে-বৌমা। মৃতার নাম প্রভা নাথ (৬০)। প্রতিবেশীদের অভিযোগ, দীর্ঘদিন থেকে বাড়ি নিয়ে ছেলের সঙ্গে ঝামেলা চলছিল ওই প্রৌঢ়ার। ছেলে-বৌমা মিলে প্রায়শই তাঁর গায়ে হাতও তুলত বলে অভিযোগ। প্রভা দেবীর আরও এক মেয়ে রয়েছে। তিনি পড়াশোনার সূত্রে বাইরে থাকেন। কিন্তু, বাড়িতে যে ঝামেলার মধ্যে ছেলে এই কাণ্ড ঘটিয়ে ফেলবে তা ভাবতে পারছেন না কেউই। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, শুক্রবার রাতেই খুন করা হয়েছে ওই বৃদ্ধাকে। তারপর দেহ প্যাকিং করে বাড়ির পাশে জঙ্গলের মধ্যে লুকিয়ে রাখে। শনিবার রাতে ঘটনার কথা জানাজানি হয়। খবর যায় পুলিশের কাছে। খবর পেতেই এলাকায় যায় মহেশতলা থানার পুলিশ। শুরু হয় তল্লাশি। জঙ্গলের মধ্যে থেকে বৃদ্ধার রক্তাক্ত দেহ উদ্ধার হয়। দ্রুত নিয়ে যাওয়া হয় বেহালা বিদ্যাসাগর হাসপাতালে। যদিও সেখানে ডাক্তারেরা জানায় অনেক আগেই মৃত্যু হয়েছে ওই বৃদ্ধার। আটক করা হয় বৃদ্ধার ছেলে-বৌমাকে। চলছে জিজ্ঞাসাবাদ।

## রায়গঞ্জে ঝোপের মধ্যে থেকে অচেতন অবস্থায় উদ্ধার নাবালিকা

উত্তর দিনাজপুর, ২৮ জুলাই (হি. স.) : শনিবার সন্ধ্যায় উত্তর দিনাজপুরের রায়গঞ্জের কাশবমহেশো এলাকায় একটি নির্মাণাধীন ভবনের পাশের ঝোপ থেকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করা হয় এক নাবালিকাকে। শিশুটির শরীরে আঘাতের চিহ্ন রয়েছে। তার গলায়ও দাগ ছিল। দেখে মনে হচ্ছিল শিশুটিকে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করা হয়েছে। কিন্তু শিশুটি শ্বাস নিচ্ছিল। শিশুটিকে রায়গঞ্জ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও পরিবার সূত্রে জানা গেছে, শুক্রবার সন্ধ্যায় বাড়ির পাশে নির্মাণাধীন ভবনের দিকে খেলতে যায় তৃতীয় শ্রেণির ওই ছাত্রী। কিন্তু নির্ধারিত সময় পেরিয়ে গেলেও বাড়িতে না আসায় পরিবারের লোকজন খোঁজাখুঁজি শুরু করে। পরিবারের সদস্যরা জানান, মেয়েটি নির্মাণাধীন বাড়ির পাশের ঝোপের মধ্যে অচেতন অবস্থায় পড়ে ছিল।

শরীরে অনেক আঘাতের চিহ্ন ছিল।

তার গলায় শ্বাসরোধের চিহ্ন দেখে তার পরিবারের সদস্যরা অভিযোগ করছেন, তাকে দড়ি বা তোয়ালে জাতীয় কিছু দিয়ে শ্বাসরোধ করার চেষ্টা করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, শিশুটির শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। গলায় ফাঁসের দাগও স্পষ্ট। শনিবার রাতে রায়গঞ্জ থানায় করনজোড়ার রায়পাড়ার বাসিন্দা দিলীপ রায়ের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে নির্যাতিতার পরিবার। অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করে কেন সে শিশুটির সঙ্গে এমন কাজ করল তা জানার চেষ্টা করছে পুলিশ।

## বালুরঘাটে বিশ্বনাথ চৌধুরীকে শেষ শ্রদ্ধা জানাতে ভিড় বাম নেতাদের

বালুরঘাট, ২৮ জুলাই (হি. স.) : রবিবার শেষকৃত্য সম্পন্ন হবে প্রাক্তন কারামন্ত্রী বিশ্বনাথ চৌধুরীর। রবিবার সকাল আটটায় বালুরঘাটে আরএসপির জেলা কার্যালয়ে আনা হয় প্রাক্তন কারামন্ত্রী বিশ্বনাথ চৌধুরীর মরদেহ। সেখানেই তাঁকে শেষ শ্রদ্ধা জানাতে ভিড় জমান বাম নেতারা। শনিবার সকালে কলকাতার এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় বিশ্বনাথ চৌধুরীর। ফুসফুসের ক্যানসারে তিনি আক্রান্ত ছিলেন। প্রথমে কিছুদিন কলকাতার বেসরকারি হাসপাতালে চিকিৎসা এবং পরে তাঁকে এসএসকেএমে ভর্তি করা হয়। সেখানেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি বালুরঘাট বিধানসভায় সাতবারের বিধায়ক ছিলেন। বাম আমলে তিনি ছিলেন কারা ও সমাজকল্যাণ মন্ত্রী।

দ্বায়িত্ব সামলেছেন আরএসপির রাজ্য সম্পাদকের। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে বালুরঘাটে। রবিবার তাঁর দেহ দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে আনা হয়। সেখানকার জেলা আরএসপি কার্যালয়ে বিশ্বনাথ চৌধুরীর মরদেহ সর্বসাধারণের শেষ শ্রদ্ধা জানানোর জন্য শায়িত রাখা হয়। প্রয়াত এই বাম নেতাকে শ্রদ্ধা জানাতে আসেন বহু স্থানীয় মানুষ।

## ডায়মন্ড হারবারগামী লোকালে আগুনের ফুলকি, আতঙ্কে যাত্রীরা

কলকাতা, ২৮ জুলাই (হি.স.) : রবিবার ছুটির দিনেও ভোগান্তি পোহাতে হল ট্রেন যাত্রীদের। এদিন সকালে ডায়মন্ড হারবারগামী লোকালে আগুনের ফুলকি দেখে ট্রেন থামাতে বলেন স্টেশনে দাঁড়িয়ে থাকা যাত্রীরা। সুভাষগ্রাম স্টেশনে দাঁড়িয়ে যায় ট্রেনটি। এর জেরে শিয়ালদহ দক্ষিণ শাখায় ট্রেন চলাচল বন্ধ ছিল কিছুক্ষণের জন্য। রবিবার শিয়ালদহ থেকে রওনা হওয়ার পর বেলা ১২টার আশেপাশে সুভাষগ্রামে পৌঁছয় ডায়মন্ড হারবারগামী লোকাল ট্রেনটি। ওই ট্রেনের চাকার উপরে আগুনের ফুলকি দেখতে পান স্টেশনে দাঁড়িয়ে থাকা যাত্রীরা। তাঁরাই চিৎকার করে ট্রেনটি থামাতে বলেন। দ্রুত ঘটনাস্থলে পৌঁছন রেলের আধিকারিকরা। প্রাথমিক অনুমান, যান্ত্রিক ত্রুটির কারণে রেলের চাকা থেকে আগুনের ফুলকি দেখা দিয়েছিল।

# হরেকরকম
হরেকরকম
হরেকরকম

## শরীরের জন্য রোজ কতটা পরিমাণ ছোলা খাওয়া উচিত?



একটা সময়ে নিয়ম করে দৌড়তে যেতেন। তাই সকাল শুরু হত ভেজানো ছোলা খেয়ে। প্রোটিন, কার্বোহাইড্রেট, ফ্যাট, ফাইবার, ক্যালশিয়াম, আয়রন এবং ভিটামিন রয়েছে ছোলায়। কাঁচা বাদামও উপকারী। তবে বাদামে যেটুকু ফ্যাট রয়েছে, তা ছোলাতে নেই। তাই স্বাস্থ্য সচেতন অনেকের কাছেই ছোলার মতো খাবারের কদর বেশি।

তাই বলে মুঠো মুঠো কাঁচা ছোলা খাওয়া যায় কি? পুষ্টিবিদেরা বলছেন, সারা দিনে এক মুঠো ছোলা খাওয়াই যথেষ্ট। রোজ ভেজানো ছোলা খেলে কী কী উপকার পাবেন?

১) ছোলায় ক্যালশিয়াম এবং ম্যাগনেশিয়ামের পরিমাণ বেশি। যা হাড়ের ঘনত্ব বাড়িয়ে তুলতে সাহায্য করে। বয়সকালে হাড়ের নমনীয়তা ধরে রাখতেও এই উপাদানগুলি জরুরি। আর্থাইটিস এবং অস্টিয়োপোরোসিসের সমস্যা প্রতিরোধ করতে চাইলে নিয়মিত ভেজানো ছোলা খেতে হবে।

২) এই মরসুমে সর্দিকাশি, সংক্রমণজনিত সমস্যা হওয়া স্বাভাবিক। রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল হলে ঘন ঘন রোগে আক্রান্ত হওয়ার প্রবণতা বেড়ে যায়। শরীরের নিজস্ব প্রতিরোধ ব্যবস্থা উন্নত করতে সাহায্য করে ভেজানো ছোলা।

৩) শরীরচর্চা করে দেহের অতিরিক্ত মেদ ঝরাতে চাইছেন? ডায়েটে ভেজানো ছোলা যোগ করতে পারেন। ছোলাতে যে পরিমাণ ফাইবার থাকে, তা মেদ ঝরানোর পক্ষে যথেষ্ট।

৪) অনেক মহিলাই রক্তাল্পতার সমস্যায় ভোগেন। ছোলায় রয়েছে আয়রন। তাই নিয়মিত ভেজানো ছোলা খেলে রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ বেড়ে যায়।

৫) ডায়াবেটিকদের জন্য ভেজানো ছোলা উপকারী। কারণ ছোলার গ্লাইসেমিক ইনডেক্স কম। যা সহজেই রক্তে শর্করা বেড়ে যাওয়ার ভয় থাকে না। এ ছাড়া ছোলায় রয়েছে প্রোটিন এবং ফাইবার। যা সামগ্রিক ভাবে ডায়াবিটিস নিয়ন্ত্রণের জন্য ভাল।

## বাড়ছে জ্বরের দাপট

হাঁচি, কাশি, সর্দি, গলা ব্যথা, গা গরম... আবহাওয়া বদলের সঙ্গে কয়েক ফেঁটা বৃষ্টি পড়ায় এই ধরনের উপসর্গে ভুগছেন এখন আট থেকে আশি সকলেই। চার দিকে ডেঙ্গি, ইনফ্লুয়েঞ্জার দাপট বাড়ছে। জেনারেল ফিজিশিয়ান ডা. সুবীর মণ্ডল বলছেন, "মূলত এ সময়ে ভাইরাল জ্বরের প্রবণতা বেশি। বাড়ছে অ্যাডিনো, রাইনো, রেসপিরেটরি সিনসেশিয়াল ইত্যাদি ভাইরাসের দাপট।"

কোন কোন ভাইরাসের দাপট বাড়ছে?

ডা. মণ্ডল বলছেন, এখন ভাইরাসের দাপটে আপার রেসপিরেটরি পার্ট অর্থাৎ নাক, গলা, টনসিল, ফুসফুসের উপরের অংশ ইত্যাদি আক্রান্ত হচ্ছে। লোয়ার রেসপিরেটরি পার্ট মূলত ব্যাক্টিরিয়া দ্বারা আক্রান্ত হয়।

অ্যাডিনোভাইরাস: এ ক্ষেত্রে জ্বর সাধারণত ১০০ ডিগ্রির আশপাশেই থাকে। খুব বেশি বাড়ে না। তবে জ্বর বাড়লে এই অ্যাডিনোভাইরাস থেকে ব্যাক্টিরিয়াল ইনফেকশনের সম্ভাবনা তৈরি হয়। জ্বর-সহ এর উপসর্গও সাধারণ। প্রাথমিক ভাবে সর্দি, কাশি দিয়ে শুরু করে গলায় ব্যথা, হাঁচি ইত্যাদি হয়। এর সঙ্গে অল্প শ্বাসকষ্ট, চোখ লাল হয়ে যাওয়া, কানে কম শোনার সমস্যাও (বিশেষত বাচ্চাদের ক্ষেত্রে) দেখা দিতে পারে। রোগীর জোরালো আলো, শব্দে সমস্যা হয়। গুরুতর ভাবে অ্যাডিনোভাইরাসে আক্রান্ত হলে গলা ও ঘাড়ের চার দিকের গ্ল্যান্ড ফুলে যেতে পারে। সারা শরীরে প্রচণ্ড ব্যথা হয়। তবে হাসপাতালে ভর্তি হওয়ার বিশেষ প্রয়োজন হয় না।

রাইনোভাইরাস: এই ভাইরাস মূলত নাক দিয়ে শরীরে ঢোকে। এর উপসর্গ মৃদু। তবে নজর না দিলে নিউমোনিয়া হতে পারে।

ডেঙ্গি: বর্ষার হাত ধরে ডেঙ্গির সমস্যাও দেখা দিচ্ছে। এর উপসর্গ এখন সাধারণ মানুষের জানা। তবে ডা. মণ্ডল বলছেন, "ডেঙ্গি কখনও কখনও প্রাণঘাতী হয়ে উঠতে পারে। তাই সতর্ক থাকা এবং ঠিক সময়ে চিকিৎসা জরুরি।" ডেঙ্গির জ্বর মোটামুটি দিন তিনেক থাকে। তার পর জ্বর কমে এলেই রক্তে প্লেটলেট কমে যেতে থাকে। সে সময়েই বিভিন্ন সমস্যা দেখা দেয়।

ইনফ্লুয়েঞ্জা: বর্ষাকালে ইনফ্লুয়েঞ্জা বাড়ে বেশি। সাধারণ সর্দি, কাশি, জ্বরের চেয়ে এ ক্ষেত্রে তীব্রতা একটু বেশি হয়। ইনফ্লুয়েঞ্জা সারতে তুলনামূলক ভাবে বেশি সময় লাগলেও ভয়ের তেমন কিছু নেই। তবে বয়স্ক ব্যক্তি, ডায়াবেটিক, স্টেরয়েড নিচ্ছেন, কেমোথেরাপির রোগীদের ক্ষেত্রে সুস্থ হওয়া কঠিন। আর সে কারণেই তাঁদের আগেভাগে ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন দেওয়া হয়। সাধারণত নভেম্বর-ডিসেম্বর নাগাদ এই ভ্যাকসিন দেওয়া হয়। বাচ্চাদের ক্ষেত্রেও শিশুরোগ বিশেষজ্ঞ ডা. দিব্যেন্দু রায়চৌধুরী বলছেন, "গত সপ্তাহ দু"-তিনেক ধরে বাচ্চাদের মধ্যে জ্বরও বাড়ছে। বেশির ভাগ ক্ষেত্রেই তাপমাত্রা থাকছে ১০২-১০৩ ডিগ্রি। ওষুধ খাওয়ালেও ঘাম দিয়ে জ্বর ছাড়ছে না, বরং খানিক পর ফিরে আসছে। সঙ্গে ডায়রিয়া, সর্দি, কাশি, গলা ব্যথা, টনসিল ফুলে যাওয়া, গলায় ইনফেকশন, ঢেঁক গিলতে না পারা, চোখ লাল হয়ে যাওয়া, দুর্বলতার মতো সমস্যাও থাকছে। এ ক্ষেত্রে পরীক্ষায় অধিকাংশ সময়েই ইনফ্লুয়েঞ্জা, অ্যাডিনোভাইরাস ইত্যাদির দাপট ধরা পড়ছে। এ ছাড়াও বাচ্চাদের মধ্যে হ্যান্ড-ফুট অ্যান্ড মাউথ ডিজিজও বাড়ছে। তবে ডা. রায়চৌধুরী বলছেন, ভয়ের বিশেষ কারণ নেই। ঠিক চিকিৎসায় সপ্তাহখানেকের মধ্যেই সুস্থ হয়ে উঠছে বাচ্চারা। তবে সুস্থ হয়ে উঠলেও কিছু দিন এ সময়ে বাচ্চাদের স্কুল বা খেলার মাঠে না পাঠানোই ভাল। সে ক্ষেত্রে অন্য বাচ্চাদের আক্রান্ত হওয়ার সম্ভাবনা থেকে যায়। সম্ভব হলে বাচ্চাদের জন্য মাস্ক ব্যবহার করতে পারেন।

বাড়ছে কোভিড

কোভিড বাড়ার আভাস পাওয়া যাচ্ছে আবার। প্রায় রোজই এখন বেশ কিছু সংখ্যক করোনাভাইরাস পরীক্ষার রেজাল্ট পজিটিভ আসছে। তবে চিকিৎসকদের মতে, করোনার উপসর্গ আগের মতো তেমন জোরালো নয় এবং মৃত্যুর ঘটনা ঘটছে না। সাধারণ সর্দি-কাশির চেয়ে এর তীব্রতা সামান্য বেশি। কখনও কখনও সামান্য শ্বাসকষ্ট থাকছে রোগীর। যে কোনও সাধারণ সর্দি-কাশি হলেও যেমন স্বাদ, গন্ধ কমে যায়, করোনার ক্ষেত্রেও এখন তেমনই হচ্ছে, তা নিয়ে চিন্তার কিছু নেই। অ্যান্টিভাইরালও দেওয়ার প্রয়োজন হচ্ছে না। বরং সাধারণ উপসর্গ অনুযায়ী চিকিৎসাতেই অধিকাংশ রোগী সুস্থ হচ্ছেন।

নজরে কলেরা

ভাইরাল জ্বরের পাশাপাশি ইতিমধ্যেই অল্পস্বল্প কলেরা দেখা দিচ্ছে। কলেরার ক্ষেত্রে মূল উপসর্গ ডিহাইড্রেশন, জ্বর এবং গুরুতর ডায়রিয়া। এ ক্ষেত্রে মলত্যাগের সময়ে তা জলের মতো হবে। কলেরার উপসর্গ দেখা দিলে প্রাথমিক অবস্থাতেই চিকিৎসকের পরামর্শ নিন। তবে হাসপাতালে ভর্তি করানো জরুরি নয়, বাড়িতে থেকেও চিকিৎসা হতে পারে। সাধারণত খাবার থেকে ডায়রিয়া হলে চিকিৎসকেরা অধিকাংশ সময়েই অ্যান্টিবায়োটিক নেওয়ার পরামর্শ দেন না। তবে কলেরা হলে তৎক্ষণাৎ অ্যান্টিবায়োটিক চালু করা হয়।

কোনও এলাকায় কলেরা রোগী ধরা পড়লে একবার সে এলাকার কলের জল পরীক্ষা করে নেওয়া জরুরি।

বর্ষায় পিউরিফায়ারের বদলে জল ফুটিয়ে খান।


ঘরের নুন চিনির জল বা প্যাকেটজাত ওআরএস নয়, সাধারণ ওআরএস পাউডার প্যাকেটের নির্দেশানুযায়ী জলে মিশিয়ে খান। বছর পাঁচেকের বাচ্চাদের ডায়রিয়া হলে জিঙ্ক ট্যাবলেট দিতে পারেন।

চিকিৎসা অধিকাংশ ক্ষেত্রেই এখন জ্বর-সর্দি-কাশিতে তেমন ভয়ের কিছু নেই। বিশেষ পরীক্ষানিরীক্ষা করানোরও দরকার পড়ে না। সাধারণ প্যারাসিটামলেই জ্বর কমে। সঙ্গে পর্যাপ্ত বিশ্রাম এবং যথেষ্ট পরিমাণ জল খাওয়া জরুরি। প্রয়োজনে উপসর্গ অনুযায়ী চিকিৎসা করা হয়। ডা. সুবীর মণ্ডল বলছেন, "কাভিডে এখন ভয়ের কিছু না থাকলেও আইসোলেশনে থাকা জরুরি। একের থেকে অন্যের যাতে করোনা না ছড়ায়, সে দিকে নজর রাখা দরকার।" কলেরার ক্ষেত্রেও ডায়রিয়া থেকে যাতে শরীর ডিহাইড্রেটেড না হয়ে যায়, সে দিকে নজর রাখুন।

চিকিৎসকেরা বলছেন, জ্বরে ম্যালেরিয়া, ডেঙ্গি, টাইফয়েড পরীক্ষা আগে করানো হয়। বাকি অন্যান্য ভাইরাসের প্রাথমিক চিকিৎসা একই ধরনের। তাই অতিরিক্ত নজর দেওয়ার দরকার পড়ে না। তবে সাধারণ উপসর্গ অনুযায়ী ওষুধে সমস্যা না কমলে বা ফিরে ফিরে এলে রোগী কোন ভাইরাসে আক্রান্ত, তা পরীক্ষা করে জেনে নিন।



## ময়েশ্চারাইজার বেশি থাকলে লপস্টিকের রং টিকবে দীর্ঘ ক্ষণ



সুন্দর করে সেজেগুজে বেরোলেন কিন্তু এক বার লিপস্টিক উঠে গেলেই পুরো সাজটা মাটি হয়ে যায়। অনেকেই ব্যাগে একটি লিপস্টিক রেখে দেন। ঠোঁট থেকে মুছে গেলে সুবিধামতো একটু "টাচআপ" করে নেন। কিন্তু তারও ঝক্কি কম নয়। তার চেয়ে লিপস্টিক উঠবে না, এমন ব্যবস্থা করলে কেমন হয়? একটা সময়ের পর লিপস্টিক উঠে যেতে শুরু করে। তখন আর নতুন করে লিপস্টিক পরে নেওয়া ছাড়া উপায় নেই। তাই লিপস্টিক কেনার আগে দেখে নিন তাতে ময়েশ্চারাইজারের পরিমাণ বেশি আছে কি না। এমন হলে তা দ্রুত উঠে যাওয়ার আশঙ্কা থাকে। এ ছাড়াও দীর্ঘ ক্ষণ লিপস্টিক তাজা রাখার বেশ কিছু কৌশল আছে। সেই নিয়মগুলি জেনে লিপস্টিক ব্যবহার করলে রূপটান টিকে থাকবে বহু ক্ষণ। রইল তেমন কয়েকটি ফিকির।

১. লিপস্টিক দীর্ঘস্থায়ী করতে, ঠোঁটে লিপস্টিক প্রয়োগ করার আগে আপনাকে অবশ্যই মৃত ত্বক স্ক্রাব করতে হবে। গোলাপ জল, মধু এবং চিনি দিয়ে বাড়িতেই বানিয়ে ফেলতে পারেন লিপ স্ক্রাব। ঠোঁটে স্ক্রাব করার পর লিপবাম এবং তার পর লিপস্টিক লাগান।

২. একটি লিপ লাইনার দিয়ে আপনার ঠেঁট লাইন করুন এবং এটি সম্পূর্ণ ঠোঁটেও লাগান। এতে লিপস্টিক লাইনারের সঙ্গে লেগে থাকবে এবং এটি দীর্ঘস্থায়ী হবে। এই পদ্ধতিতে ঠোঁট পুরুও মনে হবে।

৩. লিপস্টিক লাগানোর আগে ভাল লিপ প্রাইমার লাগিয়ে নিন। বিশেষ করে যদি কোনও অনুষ্ঠানে যাওয়ার কথা থাকে তবে এটি দারুণ কাজে আসতে পারে। চাইলে প্রাইমারের জায়গায় ফাউন্ডেশনও ব্যবহার করতে পারেন। এতেও কাজ হয়ে যাবে। ৪. লিপস্টিক লাগানোর পরে আপনার ঠোঁটের মাঝে একটি টিস্যু টেনে নিন এবং তার পরে একটি তুলতুলে ব্রাশ দিয়ে কিছু প্রেস পাউডার আলতো করে লাগিয়ে নিন। সবশেষে লিপস্টিকের আর একটি পরত লাগান এবং দীর্ঘস্থায়ী করার জন্য আরও এক বার প্রক্রিয়াটির পুনরাবৃত্তি করুন।

৫. লিপস্টিকের মানের সঙ্গে আপস করবেন না। ভাল ব্র্যান্ডের লিপস্টিক নিয়মিত ব্যবহার করুন কারণ পণ্যটি সরাসরি আপনার ঠোঁটে যাচ্ছে। লিপস্টিক একাধিক রঙের না কিনে ভাল কোনও সংস্থার কিনুন, সেই লিপস্টিক দীর্ঘ ক্ষণ স্থায়ী হবে।

## কখনও চড়া রোদ, কখনও বৃষ্টি! আর্দ্র পরিবেশে শরীরে অস্বস্তি কেন বাড়ে?



শুধু কি গরমেই ক্লান্ত হয় শরীর? গ্রীষ্মে ও বর্ষার মাসগুলিতে বেশি শরীর খারাপ হয় তাপমাত্রা বৃদ্ধির জন্য। তার সঙ্গেই থাকে আর্দ্রতা। আর্দ্র আবহাওয়াও অনেকটাই প্রভাব ফেলে শরীরের উপর। কখনও ঝমঝমিয়ে বৃষ্টি, তো কখনও রোদের তীব্রতার জেরে বাড়ির বাইরে বেরোনো মুশকিল হয়ে যাচ্ছে। গ্রীষ্মকালে আর্দতা যত বাড়ে, ততই বেশি ঘাম হয়।

শরীর থেকে জল বেরিয়ে যায়। আর ঘিরে ধরে ক্লান্তি।

কথায় কথায় তাপমাত্রার প্রসঙ্গই বেশি ওঠে। কিন্তু জানেন কি, বাতাসের আর্দতা কী ভাবে প্রভাব ফেলে শরীরের উপর?

বাতাসে ভাসমান জলীয় বাষ্প থেকেই আর্দতা অনুভূত হয়। এই আর্দতার কারণে শরীর থেকে অতিরিক্ত তাপ ঘামের সাহায্যে বার হয়ে যেতে পারে না। চিকিৎসক শুভম সাহা বললেন, "বাতাসে আর্দতার মাত্রা বেশি থাকলে ঘাম বাতাসে মিশতে পারে না। ঘাম বেরিয়ে গেলে শরীর ঠান্ডা হয়। ঘাম বসলে শরীর ভিতর থেকে গরম হয়ে ওঠে, আরও বেশি করে ঘাম বেরোয়। বেশি ঘাম ত্বকের উপরের স্তরে জমে গিয়ে অস্বস্তি আরও কয়েক গুণ বাড়িয়ে তোলে।"

চিকিৎসক অদ্রিজা রহমান মুখোপাধ্যায় আনন্দবাজার অনলাইনকে বললেন, "ঘামের সঙ্গে শরীর থেকে অনেকটা নুন বেরিয়ে যায়। শুধু জল খেলে কিন্তু সেই ঘাটতি পূরণ হয় না। ইলেক্ট্রোলাইটের মাত্রায় হেরফের হলে পেশিতে টান ধরতেই পারে। ক্লান্ত লাগতে পারে। আমরা যাকে "হিট এগজরশন" বলে থাকি। নুন-চিনির জল বা ওআরএস খেলে এই পরিস্থিতি অনেকটাই সামাল দেওয়া যায়।

বাতাসে আর্দতা বেশি হলে ঘাম হওয়ার পাশাপাশি শ্বাসনালিগুলি সঙ্কুচিত হতে শুরু করে। এই রকম পরিস্থিতি কিন্তু হাঁপানি ও ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজে (সিওপিডি) আক্রান্ত রোগীদের ক্ষেত্রে বিপজ্জনক হতে পারে।

বায়ু যত বেশি মাত্রায় আর্দ্র হয়, ততই অস্বস্তি হয় শরীরে। যে দিন বাতাসে আর্দতা বেশি থাকে, সে দিন ঘাম শুকোতে সময় নেয়। দিনভর চটচটে ভাব যেন সর্বত্র। এ দিকে, দিনভর ঘাম না শুকোলে শরীরও শীতল হয় না। শরীরের তাপমাত্রা অতিরিক্ত বেড়ে যেতে পারে। শরীরের তাপমাত্রা বেড়ে গেলে কর্মক্ষমতা কমতে থাকে। শরীর অচল হয়ে যায়। সে কারণেই বাতাসের আর্দতা সম্পর্কে সচেতন থাকতে বলেন চিকিৎসকরা।

আর্দ্র পরিবেশে কী ভাবে শরীরের খেয়াল রাখবেন?

১) শীত-গ্রীষ্ম-বর্ষা শরীর চাঙ্গা রাখতে জলপানের সঙ্গে কোনও রকম আপস করা চলবে না। ঘাম নিয়ন্ত্রণে রাখতে সারা দিনে বার বার ঠান্ডা জলে চুমুক দিতে পারেন। ঠান্ডা জল খেলে শরীরের তাপমাত্রা কমে, ফলে ঘামের প্রবণতাও কমে।

২) অতিরিক্ত শরীরচর্চা কিন্তু এই সময় বিপদের কারণ হতে পারে। শরীর চাঙ্গা রাখতে হালকা ব্যায়াম, যোগাসন করতেই পারেন। তবে, এই সময় "হেভি ইনটেন্স" ওয়ার্কআউট এড়িয়ে চলার পরামর্শ দিচ্ছেন চিকিৎসকেরা। অতিরিক্ত ঘাম হয়, এমন যে কোনও কাজ এড়িয়ে চলাই ভাল।

৩) বাড়ি থেকে বেরোনোর সময় হালকা রঙের পোশাক পরুন। খুব বেশি মোটা কাপড় কিংবা ঘাম বেশি হয়, এমন পোশাক এড়িয়ে চলুন। কেবল গরমেই নয়, বর্ষাতেও হালকা সুতির পোশাকের বিকল্প হয় না। অফিস হোক কিংবা বন্ধুবান্ধবদের সঙ্গে সিনেমা দেখা সুতি, লিনেন, মলমলের মতো হালকা কাপড়ের পোশাক পরুন, যাতে শরীরে সহজেই হাওয়া-বাতাস খেলতে পারে এবং ঘাম কম হয়। গায়ের সঙ্গে আঁটসাঁট পোশাক একদম চলবে না। অন্তর্বাসের ক্ষেত্রেও সুতিকেই বেছে নিন, সিন্থেটিক কাপড়ের অন্তর্বাস না হয় শীতের জন্যই তোলা থাক। ৪) যাঁরা অতিরিক্ত ধূমপান ও মদ্যপান করেন, তাঁদের ঘাম হওয়ার প্রবণতা বেশি। তাই ঘামের সমস্যা কমাতে ধূমপান ও মদ্যপানে রাশ টানতে হবে। ৫) ঘামের সমস্যা মেটাতে কী খাচ্ছেন, সে দিকেও খেয়াল রাখাও প্রয়োজন। কিছু খাবার হজম হতে দেরি হয় এবং শরীরের তাপমাত্রা বাড়িয়ে দেয়। তাই অতিরিক্ত ঝাল, তেল-মশলাদার খাবার ছেড়ে হালকা খাবার খাওয়াই ভাল। ঘামের দুর্গন্ধ অনেক সময় খাবার থেকেই হয়। ক্যাফিনও হাত-পা ঘামিয়ে দেয়। তাই অতিরিক্ত ঘামের সমস্যা থেকে মুক্তি চাইলে বেশি চা, কফি খাবেন না।

## ওট দিয়েই বানিয়ে ফেলুন ৩টি সুস্বাদু মিঠাই

বানানোর পদ্ধতি সহজ এবং পুষ্টিকরও বটে। যাঁরা ওজন কমানোর পরিকল্পনা করছেন, তাঁদের জন্য ওট একটি অত্যন্ত পছন্দের খাবার। এই খাবার দীর্ঘ সময়ের জন্য পেট ভর্তি রাখে। ওটে ক্যালোরির মাত্রা অত্যন্ত কম। এ ছাড়াও ওজন ঝরাতে, কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণ করতে এবং দীর্ঘস্থায়ী রোগের ঝুঁকি কমাতে ওটের কোনও তুলনা নেই।

এতে প্রচুর ফাইবার আছে। ফলে কোষ্ঠকাঠিন্যের সমস্যা কমে ওট খেলে। তবে রোজ রোজ দুধ-ওট কিংবা দই-ওট খেতে একঘেয়ে লাগে। ওজন ঝরানোর ডায়েট করলেও অনেক সময় খিদের পেটে মিষ্টিমুখ করতে মন চায়। ওট দিয়েই বানানো যায় ভিন্ন স্বাদের মিষ্টির কিছু পদ! রইল তার হদিস।

ওট-ম্যাঙ্গো মাফিন। ছবি: শাটারস্টক।

ওট-ম্যাঙ্গো মাফিন: কেক, মাফিন অনেকেরই পছন্দের খাবার। বিশেষ করে শিশুদের। স্বাস্থ্যকর খাবার হিসাবে স্কুলের টিফিনে সন্তানকে কেক বা মাফিন বানিয়ে দেন। এই গরমে অন্য স্বাদের মাফিন খেতে চাইলে ওটস দিয়ে বানিয়ে নিতে পারেন। টুকরো করে কাটা আম, আদা কুচি এবং আগের রাতে ভিজিয়ে রাখা ওট, খেজুর, ক্রিম এবং নারকেল কোরা দিয়ে মিক্সিতে ঘুরিয়ে থকথকে একটি মিশ্রণ বানিয়ে নিন। এই মিশ্রণটি মাফিন তৈরির উপযোগী সিলিকনের পাত্রে ভরে মাইক্রোঅভেনে মিনিট পাঁচেক রাখলেই তৈরি ওটের ম্যাঙ্গো মাফিন।

ওট কুকিজ। ছবি: শাটারস্টক।

ওটের কুকিজ: কুকিজ খেতে কম-বেশি সকলেই ভালবাসেন। চায়ের সঙ্গে নানা স্বাদের কুকিজ খেতেও মন্দ লাগে না। চাইলে বাড়িতেও বানিয়ে নিতে পারেন ওটসের কুকিজ। মিক্সারে ১১০ গ্রাম মাখন, আধ কাপ ব্রাউন সুগার, ১টি কলা, ১/৪ কাপ ময়দা, ১ চা চামচ দারচিনি, ১ চা চামচ বেকিং সোডা এবং দেড় কাপ ওট মিশিয়ে একটি আঠালো মিশ্রণ বানিয়ে নিন।

## পায়ে তেল মাশিল করলে ঘুম হয় ভালো



ঘুম না আসা বা অনিদ্রাজনিত সমস্যায় ভোগেন এমন মানুষের সংখ্যা কম নয়। শুধু যে বয়স্কদের এই ধরনের সমস্যা হয়, তা নয়। কমবয়সিদের মধ্যেও "ইনসোমনিয়া"-র প্রকোপ দিনে দিনে বাড়ছে। এই ধরনের সমস্যা কারও ক্ষেত্রে মারাত্মক আকার ধারণ করে। তখন চিকিৎসকের শরণ নিতেই হয়। নিয়ম করে রাতে শোয়ার আগে ঘুমের ওষুধও খান অনেকে। সম্প্রতি এক স্বাস্থ্য সচেতন এবং নেটপ্রভাবী বলছেন, ঘুমোনোর আগে পায়ের পাতায় মযাগনেশিয়াম অয়েল মালিশ করলে এই ধরনের সমস্যা নিরাময় হয়। তা কি আদৌ ঠিক?

চিকিৎসকেরা বলছেন, শারীরবৃত্তীয় নানা ধরনের কাজের জন্য ম্যাগনেশিয়ামের খনিজটি গুরুত্বপূর্ণ। এ ছাড়া দেহের পেশির কাজকর্ম ঠিক রাখা, হাড়ের জোর বাড়িয়ে তোলা, স্নায়ুতন্ত্র সঠিক ভাবে পবিচালনা কবা, ইনসুলিন হরমোন মাত্রা ঠিক রাখা এবং হার্টের সামগ্রিক দেখাশোনা কবা সবেব নেপথ্যে বযেছে ম্যাগনেশিযাম। শুধু কি তাই? অনিদ্রাজনিত সমস্যা দূর করতেও এই খনিজটি বেশ কাজেব। কাবণ, ম্যাগনেশিযাম কর্টিসল হবমোনের ক্ষরণ নিয়ন্ত্রণ করতে পারে। মানসিক চাপ বা উদ্বেগ বেড়ে যাওয়ার নেপথ্যে রয়েছে এই হরমোনটি।

## নামমাত্র যত্নেই ভাল থাকবে চুল

ঘর এবং বাইরে দু'দিকের দায়িত্বই সামলাতে হয়। সঙ্গে অফিসের গুরুভার তো রয়েছেই। এই ছুটে চলার জীবনে সবচেয়ে বেশি অবহেলিত হয় চুল। অথচ চুলের ক্ষেত্রে সবচেয়ে সুবিধার বিষয় হল, অল্প যত্নেই সুন্দর থাকে। সেই নামমাত্র যত্ন নেওয়ারই সময় পান না অনেকে। তাঁদের জন্য রইল অতি সহজে চুল যত্নে রাখার চারটি কৌশল।

১) তাড়াতাড়ি চুল শুকোনোর জন্য অনেক ভরসা রাখেন হেয়ার ড্রায়ারের উপর। এতে চুলের স্বাভাবিক তৈলাক্ত ভাব নষ্ট হয়ে গিয়ে চুল রুক্ষ হয়ে যায়। যদি ব্যস্ততা থাকে, তাহলে স্নান করার সময়ে দরকার হলে চুল ভেজাবেন না। শ্যাম্পু করতে হলে হাতে সময় নিয়ে স্নানে ঢুকুন। ড্রয়ার ব্যবহার না করার চেষ্টা করুন।

২) চুলের জন্য সানস্ক্রিনের ব্যবহার প্রচলন থাকলেও সূর্যালোক থেকে চুল রক্ষা করতে চুলের সানস্ক্রিনের সঙ্গে অনেকেই পরিচিত নন। সেক্ষেত্রে বাইরে বেরোনোর আগে মাথায় জড়িয়ে নিতে পারেন একটি স্কার্ফ। স্কার্ফ জড়ালেও গরম লাগবে না। চুল পনিটেল করে বেঁধে একটি সিল্কের স্কার্ফ জড়িয়ে নিতে পারেন উপর দিয়ে।

৩) ব্যস্ততার কারণে ঘন শ্যাম্পু করার প্রবণতা খানিকটা কম। তবে চুল ভাল রাখতে বাড়িতেই বানিয়ে নিন কন্ডিশনার। নারকেলের দুধ, অ্যালোভেরা আর মেথি দিয়ে প্রাকৃতিক উপায়ে তৈরি করে নিন কন্ডিশনার। এই কন্ডিশননারে ব্যবহারে চুল হয়ে উঠবে স্বাস্থ্যেজ্বল ও প্রাণবন্ত।

৪) বাইরে বেরোলে চুল খুলে না যাওয়াই ভাল। বাইরের রোদ, ধুলোবালির সংস্পর্শে এসে চুল নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকে। বিশেষ করে চড়া রোদে চুল ছেড়ে না রাখাই ভাল।

## ' শিক্ষা সপ্তাহ '

**দীপক রঞ্জন কর**

শিক্ষা সপ্তাহটি পালিত হল
প্রতি স্কুলে স্কুলে
TLM নিয়ে শিক্ষাদান হল
সম্পূর্ণ খেলার ছলে।

হাতে কলমে শিক্ষা দেওয়া শিক্ষক-শিক্ষার্থী মিলে ,
নতুন জিনিস গড়বে তারা,
শিখবে তিলে তিলে।

পাঠ্য শিক্ষার পাশাপাশি
শারীর শিক্ষার তরে,
খেলাধুলায় দেহ গঠনেও,
মনোনিবেশ গড়ে।

নাচ গান আবৃতি পাঠ
অংশগ্রহণে হবে সংস্কৃতিমনা ,
শিক্ষার্থীদের পাশাপাশি চাই
সামন তালে যেমন পড়াশোনা।

প্রতি বিদ্যালয় কিংবা মাঠে
চারা গাছ লাগান,
পাশাপাশি নিজের হাতে
তৈরি হোক নানা সবুজ বাগান।

ছবি আঁকা, কবিতা লেখা,
ছাত্রের বাড়ে মেধা
মিলিতভাবে কাজ করাতেই
থাকে অমৃত-সুধা।

আজকের জাতীয় শিক্ষানীতি
টুয়েন্টি টুয়েন্টি জানাই স্বাগত,
নিপুন ত্রিপুরা, নিপুন ভারত,
সরকারের উদ্যোগকে জানাই স্বাগত।

শিক্ষক অভিভাবক মিলিত
আজ এক মিলন শিক্ষাঙ্গনে ,
উদ্যোগে সার্বিক সফলতা
আসুক তিথি ভোজনে।।

# বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতায় খুনিদের খুঁজে শাস্তি দেব : শেখ হাসিনা



ঢাকা থেকে মনির হোসেন।। বাংলাদেশে সাম্প্রতিক সহিংসতায় খুনের সঙ্গে জড়িতদের খুঁজে বের করে শাস্তি দেওয়া হবে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাদের বিচার করতে হবে, তা না হলে মানুষের নিরাপত্তা দেওয়া যাবে না। রবিবার ঢাকার গণভবনে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সাম্প্রতিক সহিংসতায় নিহতদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ এবং আর্থিক সহায়তা প্রদানকালে তিনি এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, আমার চেষ্টা থাকবে যারা এই খুনের সঙ্গে জড়িত, খুঁজে খুঁজে বের করে তারা অবশ্যই যেন শাস্তি পায় সেটাই আমার প্রচেষ্টা থাকবে, আমি সেটাই করব। তিনি বলেন, মানুষ কি দোষ করল যে এভাবে মানুষ খুন করতে হবে। মানুষ খুন করে সরকার পতন— এটা কবে হয়, কখন হয়, সাধারণ মানুষ কী দোষ করেছে।

শেখ হাসিনা বলেন, মানুষ মেরে লাশ ঝুলিয়ে রাখার মতো এই বর্বরতা, জানোয়ারের মতো ব্যবহার, এটা কি কেউ করতে পারে। একজন মুসলমান আরেকজন মুসলমানের লাশ ঝুলিয়ে রাখবে পা বেঁধে, যারা এগুলোর সঙ্গে জড়িত অবশ্যই তাদের বিচার হবে। তাদের বিচার করতে হবে, তা না হলে মানুষের নিরাপত্তা দেওয়া যাবে না।

সাম্প্রতিক সহিংসতায় নিহতদের পরিবার ও আহতদের পাশে থাকার আশ্বাস দিয়ে সরকারপ্রধান বলেন, যতক্ষণ বেঁচে আছি আপনাদের পাশে আছি। আমি আসলে আপনাদের কী বলে সান্ত্বনা দেব? শুধু এটুকু বলব যে আমি আপনাদের মতোই একজন। বাবা-মা, ভাই হারানো সেই এতিম। কাজেই আপনাদের কষ্ট আমি বুঝি।

আমি আছি আপনাদের জন্য, আপনাদের পাশে। রংপুরে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদসহ দেশের বিভিন্ন স্থানে নিহত ৩৪ জনের পরিবারের সদস্যরা গণভবনে আসেন। তাদের হাতে আর্থিক সহায়তা হিসেবে পারিবারিক সঞ্চয়পত্র এবং নগদ অর্থ তুলে দেন প্রধানমন্ত্রী। এসময় গণভবনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড় শিরীন শারমিন চৌধুরী, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল প্রমুখ।

## বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশের চেষ্টা বানচাল বিএসএফের

কৃষ্ণনগর, ২৮ জুলাই (হি. স.) : কৃষ্ণনগরে ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় অনুপ্রবেশে বাধা পেয়ে ধারাল অস্ত্র দিয়ে বিএসএফের উপর হামলা চালানো হয় বলে অভিযোগ । যদিও, আত্মরক্ষায় পাল্টা গুলি চালায় সীমান্তরক্ষী বাহিনী । বিএসএফ গুলি চালাতেই হামলাকারী বাংলাদেশিরা ওপারে ফিরে যায় ।নদিয়া জেলার আন্তর্জাতিক সীমান্ত ফাঁড়ি রাংঘাটের ঘটনা । জানা গিয়েছে, ৮-১০ জন বাংলাদেশি অনুপ্রবেশের চেষ্টার সময় বিএসএফ জওয়ানকে ধারাল অস্ত্র দিয়ে আক্রমণ করে । আত্মরক্ষার্থে বিএসএফ পালটা গুলি চালায় । ঘটনাস্থল থেকে হামলায় ব্যবহৃত ধারাল অস্ত্র উদ্ধার করা হয়েছে ।বিএসএফের তথ্য অনুযায়ী, কৃষ্ণনগরের অধীন আঞ্চলিক কার্য্যালয়ের বর্ডার ফাঁড়ি রাংঘাটের ৬৮ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা শনিবার রাতে পাহারা দিচ্ছিল সীমান্তে । সেই সময় কাঁটাতারের ওপারে সন্দেহজনক গতিবিধি নজরে আসে বাহিনীর । তাঁরা দেখেন ৮-১০ জন বাংলাদেশি কোদালিয়া নদীর তীরে কলা বাগানের ভিতর দিয়ে নদী পার হয়ে অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টা করছে । কর্তব্যরত বিএসএফ জওয়ানরা তাদের থামতে বলে । কিন্তু, দুর্বৃত্তরা বাহিনীর চোখে উজ্জ্বল আলো ফেলে ও হামলা চালায় । তবে, পরিস্থিতি সামাল দিতে অনুপ্রবেশকারীদের দিকে স্টান গ্রেনেড ছোড়ে বাহিনী । তবে, তারপরেও পিছিয়ে না গিয়ে, জওয়ানদের উপর আক্রমণ চালায় অনুপ্রবেশকারীরা ।

সেই সময় জওয়ানরাও দু'রাউন্ড গুলি চালায় । গুলির শব্দ শুনে অনুপ্রেশকারীরা বাঁশবাগানে লুকিয়ে পড়ে । পরে সেখান থেকে ফের নদী পেরিয়ে বাংলাদেশে ফিরে যায় ।এদিকে, কৃষ্ণনগরের ৬৮ নম্বর ব্যাটালিয়নের বর্ডার ফাঁড়ি রানাঘাট ও মামাভাগিনাতেও জওয়ানদের উপর আক্রমণ চালানো হয় । সেখানে মাদক পাচারের চেষ্টা হয়েছিল । একইভাবে, মুর্শিদাবাদ জেলার আঞ্চলিক কার্য্যালয় বহরমপুরের ৭৩ নম্বর ব্যাটালিয়নের বর্ডার ফাঁড়ি বামনাবাদ এবং মালদা জেলার সীমান্তে গরু পাচারকারী ও অনুপ্রবেশকারীরা বিএসএফের উপর একইরকমভাবে প্রাণঘাতি হামলার চেষ্টা করে । উত্তর ২৪ পরগনার ৫ নম্বর ব্যাটালিয়ন আউট পোস্ট ডোবারডায় গুলি চালিয়ে চোরাচালান ও অবৈধ অনুপ্রবেশকারীদের তাড়িয়েছে বিএসএফ । সেখান থেকে একটি গবাদি পশু, ৩২৫ বোতল ফেনসিডিল, ২ কেজি গাঁজা ও অন্যান্য অবৈধ সামগ্রী উদ্ধার করা হয়েছে । পরপর এইসব ঘটনায় বর্ডার গার্ডস বাংলাদেশ (বিজিবি) এর সঙ্গে বৈঠক করেছে বিএসএফ ।

বাংলাদেশি চোরাকারবারীরা যেভাবে বিনা প্ররোচনায় বিএসএফের উপর হামলা চালাচ্ছে, তা নিয়ে প্রতিবাদ জানান হয়। হামলা ও আত্মরক্ষায় গুলি চালানোর বিষয়ে সংশ্লিষ্ট থানায় একটি প্রাথমিক রিপোর্টও করা হয়েছে বিএসএফের তরফে ।

## ছত্তিশগড়ের নয়া রাজ্যপাল অসম—সন্তান প্রবীণ বিজেপি নেতা রমেন ডেকা

গুয়াহাটি, ২৮ জুলাই (হি.স.) : ভারতীয় জনতা পার্টির প্রবীণ নেতা তথা পোড়খাওয়া রাজনীতিবিদ পঞ্চদশ এবং ষোড়শ লোকসভায় অসমের মঙ্গলদৈ-এর সাংসদ রমেন ডেকাকে ছত্তিশগড়ের নয়া রাজ্যপাল পদে নিয়োগ করেছেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

১৯৫৪ সালের ১ মার্চ কামরূপ জেলার অন্তর্গত শুয়ালকুচিতে জন্মগ্রহণ করেছিলেন রমেন ডেকা। তাঁর বাবা সুরেন্দ্রনাথ ডেকা এবং চম্পাবতী ডেকা। মা ও বাবা, উভয়েই প্রয়াত। গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের অধীন প্রাগজ্যোতিষ কলেজ থেকে দর্শন ও অর্থনীতিতে স্নাতক রমেন ডেকা দীর্ঘ মেয়াদে ভারতীয় রাজনীতিতে বিচরণ করেছেন তিনি।

রমেন ডেকা অসম প্রদেশ বিজেপির সভাপতির পদও দক্ষতার সঙ্গে সামলেছেন। প্রবীণ পোড়খাওয়া রাজনীতিক রমেন ডেকা ১৯৭৪-৭৫ সালে গৌহাটি ইউনিভার্সিটির কোর্ট মেম্বার ছিলেন।

এর পর ১৯৭৭ সালে অসম প্রদেশ জনতা পার্টির সাধারণ সম্পাদক পদে নিয়োজিত হন তিনি। এর পর যথাক্রমে ১৯৮০ সালে ভারতীয় জনতা পার্টির প্রতিষ্ঠাতা সদস্য, ২০০৫ সালে প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক এবং মুখপাত্র, প্রদেশ উপ-সভাপতি, উত্তরপূর্ব সমন্বয় পরিষদ এবং জাতীয় পরিষদের সদস্য, জাতীয় কার্য্যনির্বাহী কমিটি এবং মেঘালয়ের প্রভারি।

১৯০৬ সালে দলের প্রদেশ সভাপতি, ২০০৯ সালে পঞ্চদশ লোকসভার সদস্য নির্বাচিত, ২০০৯ সালের ৩১ আগস্ট থেকে ২০১৪ সালের মে পর্য্যন্ত স্বরাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটির সদস্য।

২০১০ সালের ১ মে পাবলিক অ্যাকাউন্টস কমিটির সদস্য, ভারত-ভুটান সংসদীয় বন্ধুত্ব গ্রুপ সদস্য, অধস্তন আইন সংক্রান্ত কমিটি, সংসদীয় সদস্যের বৈঠকে সদস্যদের অনুপস্থিতি সংক্রান্ত কমিটির সদস্য, ডোনার এবং খনি মন্ত্রালয়ের কনস্যুলেটিভ কমিটির সদস্য হিসেবে নিয়োজিত হয়েছিলেন ডেকা।

এছাড়া একাধারে তিনি ২০১৪ সালের ১৬-তম লোকসভায় দ্বিতীয় মেয়াদে পুনরায় নির্বাচিত সাংসদ। ওই সালের ৯ জুন থেকে লোকসভায় চেয়ারপারসনের প্যানেল সদস্য।

২০১৪ সালের ১৪ আগস্ট থেকে এস্টিমেট সংক্রান্ত কমিটির সদস্য, পরামর্শক কমিটির সদস্য, বিদেশ বিষয়ক মন্ত্রক এবং প্রবাসী ভারতীয় বিষয়ক মন্ত্রকের সদস্য, 'প্রধানমন্ত্রী আদর্শ গ্রাম যোজনা'-র অধীন কেন্দ্রীয় উপদেষ্টা কমিটির সদস্য, ভারত-চিন সংসদীয় বন্ধুত্ব গ্রুপের সদস্য, চা বোর্ডের সদস্য হিসেবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন রমেন।

এছাড়া ২০১৪ সালের ১ সেপ্টেম্বর থেকে ২০১৮ সালের ৩১ আগস্ট পর্য্যন্ত স্বরাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটির সদস্য, ২০১৫ সালের ২৯ জানুয়ারী থেকে জেনারেল পার্পাস কমিটির সদস্য, ওই সালেরই ৩ জুলাই থেকে অতিরিক্তভাবে এস্টিমেট কমিটির সাব-কমিটি-২-এর সদস্যপদে দায়িত্ব পান তিনি। ২০১৮ সালের ১ সেপ্টেম্বর থেকে আবার তকে পররাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটির সদস্য মনোনীত করা হয়।

## দিল্লির কোচিংয়ে মৃত্যু পড়ুয়ার, শোকপ্রকাশ রাহুলের

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): দিল্লির রাজেন্দ্রনগরের কোচিং সেন্টারে শনিবার ৩ পড়ুয়ার মৃত্যুর ঘটনায় রবিবারও বিক্ষোভ জারি রয়েছে। কোচিং সেন্টারের বেসমেন্টে কেন লাইব্রেরি রাখা হয়েছে, তা নিয়ে উঠেছে প্রশ্ন।

এই দুর্ঘটনায় শোকপ্রকাশ করেছেন রাহুল গান্ধী। তিনি বলেন, দিল্লিতে বিল্ডিংয়ের বেসমেন্ট জলমগ্ন হয়ে পড়ার কারণে পড়ুয়াদের মৃত্যু খুবই দুঃখজনক। কয়েকদিন আগে বৃষ্টিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছিল। শোকাহত পরিবারের সকলের প্রতি আমি আন্তরিক সমবেদনা জানাই। পরিকাঠামোর এমন ঘাটতি আসলে চলতি সিস্টেমেরও ব্যর্থতা। নিরাপদ জীবন প্রতিটি নাগরিকের অধিকার এবং সেটি দেওয়া সরকারের দায়িত্বের মধ্যে পড়ে।

## বানভাসি একাধিক রাজ্য, ভারী বৃষ্টির সতর্কতা

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): বিগত কয়েক সপ্তাহ যাবৎ দেশের বিভিন্ন অংশে বৃষ্টির জেরে প্লাবন পরিস্থিতি। তার মধ্যেই ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। জানা গেছে, আগামী কয়েকদিন দেশজুড়ে একাধিক রাজ্যে ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। হাওয়া অফিস সূত্রে খবর, রবিবার গুজরাট ও মধ্যপ্রদেশে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আগামী দিনকয়েক ভারী বৃষ্টি অব্যাহত থাকবে এই দুই রাজ্যে। পাশাপাশি রবিবার থেকে চলতি মাসের শেষ পর্যন্ত মহারাষ্ট্র, গোয়া, কর্ণাটক, ছত্তিশগড়ে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এছাড়াও আগামী কয়েকদিন বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে দিল্লি, উত্তর প্রদেশ, রাজস্থান, চণ্ডীগড়, হরিয়ানা, জম্মু ও কাশ্মীর, লাদাখ, পঞ্জাবে। রবি ও সোমবার মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড-সহ একাধিক রাজ্যে। এদিকে রবিবার কেরল, কর্ণাটক, তামিলনাড়ুতে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

## নেশামুক্তিতে 'মানস'-এর বড় ভূমিকা, মন কি বাতে উল্লেখ মোদীর

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.) : নেশামুক্তি নিয়ে কেন্দ্রের বড় পদক্ষেপ'। রবিবার মন কি বাতে 'মানস' হেল্পলাইনের কথা উল্লেখ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেন, সম্প্রতিই সরকার 'মানস' নামে একটি বিশেষ হেল্পলাইন খুলেছে। এটি নেশামুক্তিতে সাহায্য করবে। সরকারের তরফে ১৯৩৩ হেল্পলাইনও চালু করা হয়েছে। নেশামুক্তি নিয়ে কোনও সাহায্যের প্রয়োজন হলে এই নম্বরে ফোন করুন। মানস হেল্পলাইনের পাশাপাশি পোর্টালও চালু হয়েছে বলে জানান তিনি।

এছাড়াও তিনি এদিন এও বলেন, এই প্রথম খাদি শিল্পের ব্যবসা দেড় লক্ষ কোটি পার করেছে। এতে অগুনতি কর্মসংস্থানের সুযোগও হবে। পাশাপাশি তিনি এদিন মন কি বাতে উল্লেখ করেন, হর ঘর তিরঙ্গা, এক পেড় মা কে নাম সহ একাধিক প্রকল্পের বিষয়ে।

## গজরাজের তান্ডবে বিপাকে ঝাড়গ্রামবাসী

ঝাড়গ্রাম, ২৮ জুলাই(হি.স.) : রবিবার সকালেই ঝাড়গ্রাম শহরে প্রবেশ করলো বিখ্যাত গজরাজ রামলাল। রামলালের এই অপ্রত্যাশিত প্রবেশে শহরের শ্রীরামপুর, বেনাগেড়িয়া, সুভাষপল্লী এবং পুরাতন ঝাড়গ্রামের বিভিন্ন এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। বহু মানুষ তাকে দেখতে ভিড় জমায় এবং শহরের মানুষের মধ্যে একদিকে উৎসাহ এবং আতঙ্কও ছড়ায়। রামলাল শুধু শহরে ঘুরে বেড়ানোতেই থেমে থাকেনি, সে বেশ কিছু বাড়িঘর এবং ফসলের ক্ষতি করেছে। শহরের মানুষের আতঙ্ক এবং উচ্ছ্বাসের মাঝে বনদফতরের কর্মীরা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালিয়ে যায়।

সূত্র অনুযায়ী, রামলাল প্রায়ই এই ধরনের আচরণ করে এবং শহরের বিভিন্ন স্থানে খাদ্য খোঁজার জন্য প্রবেশ করে। এর আগেও তাকে খাদ্যগুদাম ভাঙতে এবং রাস্তায় ট্রাক থামিয়ে চাল ও অন্যান্য খাদ্যদ্রব্য খেতে দেখা গেছে। শহরের মানুষের আশা, বনদফতর দ্রুত ব্যবস্থা নিয়ে রামলালকে বনাঞ্চলে ফিরিয়ে নিয়ে যাবে এবং এরূপ ঘটনার পুনরাবৃত্তি রোধ করবে।

## নিলাম হচ্ছে প্রয়াত বাস্কেটবল তারকা কোবি ব্রায়ান্টের লকার

নিউ ইয়র্ক, ২৮ জুলাই (হি.স.): নিলামে তোলা হয়েছে ২০২০ সালে হেলিকপ্টার দুর্ঘটনায় প্রয়াত সর্বকালের অন্যতম সেরা বাস্কেটবল কিংবদন্তী কোবি ব্রায়ান্টের লকার (আলমারি)। নিলামে তোলার উদ্যোগ নিয়েছে নিউইয়র্কের নিলামকারী প্রতিষ্ঠান সদবি। ২ আগস্ট শেষ হবে এই নিলাম।

পাঁচবার এনবিএ চ্যাম্পিয়নশিপজয়ী ও ১৮ বার অলস্টার দলে জায়গা পাওয়া ব্রায়ান্টের লকারের দাম ১৫ লাখ ডলার পর্যন্ত উঠতে পারে বলে ধারণা করা হচ্ছে।

সদবি জানিয়েছে, ২০০৮ সালে লেকার্সের স্টেডিয়াম স্টেপলস সেন্টার অ্যারেনা সংস্কারের সময় এক মেইনটেন্যান্স কর্মী ব্রায়ান্টের লকারটি রক্ষা করেন। পরে লকারটি নিলামকারী প্রতিষ্ঠান সদবির হাতে তুলে দেওয়া হয়। সদবির সংগ্রহশালার প্রধান ওয়াখটার বলেছেন, 'কোবি ব্রায়ান্টের এই লকার স্মারকের চেয়েও বেশি কিছু। এটি অনন্য অভিযাত্রার পবিত্র স্মৃতিচিহ্ন।"

## লিগস কাপে ইন্টার মায়ামির সূচনা, দর্শকাসনে বসে খেলা দেখলেন মেসি

ফ্লোরিডা, ২৮ জুলাই (হি.স.): গত মরসুমে লিগস কাপে প্রায় সব ম্যাচ খেলে মায়ামিকে চ্যাম্পিয়ন করেছিলেন। এবার আর তা হল না।চোটের জন্য এবার তিনি মাঠের বাইরে। কবে ফিরবেন তাও অজানা।খেলা দেখলেন দর্শক সারিতে বসে।

এদিন সকালের ম্যাচে মেসিকে ছাড়া শুরুটা ভালভাবেই করেছে ফ্লোরিডার ক্লাবটি। পিউবলার বিপক্ষে মায়ামি জিতল ২---০ গোলে। মায়ামির হয়ে গোল দুটি করেছেন মাতিয়াস রোহা ও লুইস সুয়ারেজ।

লিগস কাপে মায়ামি পরের ম্যাচ খেলবে টাইগ্রেস ইউএএনএলের বিপক্ষে। ৪ আগস্ট ভোর ছ"টায় মেক্সিকান এই ক্লাবটি মুখোমুখি হবে লিগস কাপের বর্তমান চ্যাম্পিয়নদের সঙ্গে।

## কোচিং সেন্টারে পড়ুয়া মৃত্যুর ঘটনায় রিপোর্ট তলব দিল্লির উপ-রাজ্যপালের

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.) : দিল্লির রাজেন্দ্রনগরের কোচিং সেন্টারে শনিবার ৩ পড়ুয়ার মৃত্যুর ঘটনায় রবিবারও বিক্ষোভ জারি রয়েছে। কোচিং সেন্টারের বেসমেন্টে কেন লাইব্রেরি রাখা হয়েছে, তা নিয়ে উঠেছে প্রশ্ন।

এই দুর্ঘটনার প্রেক্ষিতে রবিবার দিল্লির উপ-রাজ্যপাল ভি কে সাক্সেনা বলেন, আমি এই মর্মান্তিক ঘটনার যাবতীয় তথ্যর জন্য একটি রিপোর্ট আগামী মঙ্গলবারের মধ্যে ডিভিশনাল কমিশনারকে দিতে বলেছি। এই ঘটনায় যে প্রতিভাবান তরুণ-তরুণীদের মৃত্যু হয়েছে, তাঁদের পরিবারকে কোনওভাবেই এই ঘাটতি কেউ পূরণ করতে পারবে না। যাঁদের জন্য এঁদের প্রাণ গিয়েছে তাঁদের শাস্তির দাবি করছি।

## লারাকে টপকে নজির গড়লেন রুট

বার্মিংহাম, ২৮ জুলাই (হি.স.): টেস্ট ক্রিকেটে লারাকে টপকে নজির গড়লেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক জো রুট। শনিবার ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট ক্রিকেটে ১২ হাজার রানের মাইলফলক স্পর্শ করলেন জো রুট।

লাল বলের ক্রিকেটে ১৩১টি ম্যাচ খেলে ১১,৯৫৩ রান ছিল ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন অধিনায়ক ব্রায়ান লারার। চলতি বার্মিংহ্যাম টেস্টের আগে রুটের রান ছিল ১১,৯৪০। শনিবার তিনি ১৪ রান পূর্ণ করার সঙ্গে সঙ্গে লারাকে টপকে টেস্টে সর্বোচ্চ রান সংগ্রহকারীদের তালিকায় সপ্তম স্থানে উঠে এলেন। টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশি রান রয়েছে শচীন তেন্ডুলকরের। তিনি ২০০টি টেস্ট খেলে করেছিলেন ১৫৯২১ রান।তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন রিকি পন্টিং। তিনি ১৬৮ ম্যাচে সংগ্রহ করেছেন ১৩৩৭৮ রান। তৃতীয় স্থানে রয়েছেন দক্ষিণ আফ্রিকার প্রাক্তন অলরাউন্ডার জ্যাক কালিস। তিনি ১৬৬টি টেস্ট করেছেন ১৩২৮৯ রান।চতুর্থ স্থানে রাহুল দ্রাবিড়। ১৬৪টি টেস্ট খেলে ১৩২৮৮ রান করেছেন তিনি। তালিকায় পঞ্চম স্থানে রয়েছেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক অ্যালিস্টার কুক। তিনি ১৬১ টেস্টে ১২৪৭২ রান করেছিলেন।

## রবিবার মহিলাদের এশিয়া কাপের ফাইনালে মুখোমুখি ভারত ও শ্রীলঙ্কা

ডাম্বুলা, ২৮ জুলাই (হি.স.): রবিবার শ্রীলঙ্কার ডাম্বুলা আন্তর্জাতিক স্টেডিয়ামে ভারত ও শ্রীলঙ্কা ফাইনালে মুখোমুখি। টি-টোয়েন্টি এশিয়া কাপের গ্রুপ পর্ব থেকে সেমিফাইনাল পর্যন্ত দুটো দলই দুর্দান্ত পারফরম্যান্স করেছে। ভারত ও শ্রীলঙ্কা এখনও পর্যন্ত একটি ম্যাচও হারেনি। সব ম্যাচ জিতে দুটি দল ফাইনালে গেছে।সেমিফাইনালে ভারত বাংলাদেশকে এবং শ্রীলঙ্কা পাকিস্তানকে হারিয়েছে। তাই এদিন শিরোপা লড়াইয়ের ম্যাচটা উত্তেজনাপূর্ণ হবে।

তাহলেও এশিয়া কাপের পারফরমেন্সে কিছুটা হলেও ভারত এগিয়ে শ্রীলঙ্কার থেকে। এর আগে সাত বার এশিয়া কাপ জিতেছে ভারত। এদিন অষ্টমবার ট্রফি জয়ের লক্ষ্যে নামবে স্মৃতি মান্ধানারা। স্মৃতি মান্ধানা এবং শেফালি বর্মারা ভাল ফর্মে রয়েছেন। অন্যদিকে, বোলিংয়ে ভরসা যোগাচ্ছে দীপ্তি শর্মা এবং রেণুকা সিং ঠাকুর।

অন্যদিকে, শ্রীলঙ্কাও বেশ ভালো ফর্মে। দুরন্ত ফর্মে রয়েছেন শ্রীলঙ্কার অধিনায়ক চামারি আটাপাট্টু। তবে শ্রীলঙ্কার বাকি ব্যাটারদের পারফরম্যান্স খুব একটা ধারাবাহিক নয়। এই ব্যাপারটাই শ্রীলঙ্কাকে চিন্তায় রেখেছে।

## নিলাম হচ্ছে প্রয়াত বাস্কেটবল তারকা কোবি ব্রায়ান্টের লকার

নিউ ইয়র্ক, ২৮ জুলাই (হি.স.): নিলামে তোলা হয়েছে ২০২০ সালে হেলিকপ্টার দুর্ঘটনায় প্রয়াত সর্বকালের অন্যতম সেরা বাস্কেটবল কিংবদন্তী কোবি ব্রায়ান্টের লকার (আলমারি)। নিলামে তোলার উদ্যোগ নিয়েছে নিউইয়র্কের নিলামকারী প্রতিষ্ঠান সদবি। ২ আগস্ট শেষ হবে এই নিলাম।

পাঁচবার এনবিএ চ্যাম্পিয়নশিপজয়ী ও ১৮ বার অলস্টার দলে জায়গা পাওয়া ব্রায়ান্টের লকারের দাম ১৫ লাখ ডলার পর্যন্ত উঠতে পারে বলে ধারণা করা হচ্ছে।

## লিগস কাপে ইন্টার মায়ামির সূচনা, দর্শকাসনে বসে খেলা দেখলেন মেসি

ফ্লোরিডা, ২৮ জুলাই (হি.স.): গত মরসুমে লিগস কাপে প্রায় সব ম্যাচ খেলে মায়ামিকে চ্যাম্পিয়ন করেছিলেন। এবার আর তা হল না।চোটের জন্য এবার তিনি মাঠের বাইরে। কবে ফিরবেন তাও অজানা।খেলা দেখলেন দর্শক সারিতে বসে।

এদিন সকালের ম্যাচে মেসিকে ছাড়া শুরুটা ভালভাবেই করেছে ফ্লোরিডার ক্লাবটি। পিউবলার বিপক্ষে মায়ামি জিতল ২—০ গোলে। মায়ামির হয়ে গোল দুটি করেছেন মাতিয়াস রোহা ও লুইস সুয়ারেজ।

লিগস কাপে মায়ামি পরের ম্যাচ খেলবে টাইগ্রেস ইউএএনএলের বিপক্ষে। ৪ আগস্ট ভোর ছ"টায় মেক্সিকান এই ক্লাবটি মুখোমুখি হবে লিগস কাপের বর্তমান চ্যাম্পিয়নদের সঙ্গে।

## অলিম্পিক টেনিস: "নাদাল-অলকারাজ" জুটি দ্বিতীয় রাউন্ডে

প্যারিস, ২৮ জুলাই (হি.স.): কার্লোস অলকারাজ ও রাফায়েল নাদাল। দুই প্রজন্মের এই সেরা জুটি রবিবার অলিম্পিকে প্রথম রাউন্ডে নেমেছিলেন। তাই এইম্যাচের দিকে নজর ছিল সবার। ভক্তদের প্রত্যাশা তাঁরা পূরণ করে দ্বিতীয় রাউন্ডে উঠেছেন।

পুরুষ টেনিসের দ্বৈত ইভেন্টে প্রথম রাউন্ডে নাদাল-অলকারাজ জুটি ৭-৬ (৪), ৬-৪ গেমে হারিয়েছেন আন্দ্রেস মোলতিনি ও ম্যাক্সিমো গঞ্জালেস জুটিকে। ডাবলসে ২০১৬ রিও অলিম্পিকে মার্ক লোপেজকে সঙ্গে নিয়ে সোনা জিতেছিলেন নাদাল।

## আলিপুরদুয়ারে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব : শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে উঠল দুর্নীতির অভিযোগ

আলিপুরদুয়ার, ২৮ জুলাই(হি.স.): আলিপুরদুয়ারের কালচিনি বিধানসভা এলাকায় বিজেপির অভ্যন্তরীণ কোন্দল এবার প্রকাশ্যে এসেছে। হ্যামিল্টনগঞ্জে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে কালচিনি ব্লকসহ বিভিন্ন অঞ্চলের বিজেপি নেতৃত্বরা দলের শীর্ষ নেতৃত্বের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে ধরেন। তাঁদের অভিযোগ, বিধানসভার আহ্বায়কসহ কিছু শীর্ষ নেতা দুর্নীতির সঙ্গে জড়িত এবং বারংবার জানানো সত্ত্বেও জেলা নেতৃত্ব এ বিষয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করেননি।

কালচিনি বিধানসভার বিভিন্ন প্রান্ত থেকে বিজেপির নেতা ও কর্মীরা সভায় উপস্থিত ছিলেন। তাদের হুঁশিয়ারি, দলের দুর্নীতিগ্রস্তদের বিরুদ্ধে ব্যবস্থা না নিলে তারা আর দলের কোনও কর্মসূচিতে অংশগ্রহণ করবেন না। সভায় বিজেপির বিভিন্ন অঞ্চলের পঞ্চায়েত সদস্য ও মণ্ডলের নেতৃত্বরা উপস্থিত ছিলেন।

যদিও বিজেপির জেলা সম্পাদক রাজেশ বারলা জানান, দলের কোনও কর্মীর সমস্যা থাকলে সেটা শীর্ষ নেতৃত্বকে জানানো উচিত, এবং শীর্ষ নেতৃত্ব সেই বিষয়ে পদক্ষেপ নেবে। এদিকে তৃণমূলের পক্ষ থেকে কটাক্ষ করে বলা হচ্ছে, বিজেপির অভ্যন্তরীণ গোষ্ঠীদ্বন্দ্ব এবং নেতৃত্বের দুর্নীতি দলের পতনের কারণ হবে।

## পূর্ব বর্ধমানে শিশু বিক্রির অভিযোগে চাঞ্চল্য

পূর্ব বর্ধমান, ২৮ জুলাই(হি.স.): রবিবার পূর্ব বর্ধমান জেলার খণ্ডঘোষ ব্লকে শিশু বিক্রির অভিযোগে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। অভিযোগ অনুসারে, দত্তক দেওয়ার নাম করে বেশ কয়েকটি শিশুকে টাকার বিনিময়ে অন্য দম্পতির হাতে তুলে দেওয়া হয়েছে। শনিবার শাঁখারী গ্রামে সর্বশেষ একটি ২০ দিনের শিশুকন্যাকে টাকার বিনিময়ে দত্তক দেওয়ার অভিযোগ ওঠে।

অভিযুক্ত দম্পতির ভাইপো গত ২৪ জুলাই খণ্ডঘোষ ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে লিখিত অভিযোগ দায়ের করেন। প্রশাসনের নিয়ম নীতিকে বুড়ো আঙ্গুল দেখিয়ে এই ঘটনা ঘটানো হয়েছে বলে জানানো হয়েছে। ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক জানান, সমগ্র ঘটনা খতিয়ে দেখে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। অভিযুক্ত দম্পতির দাবি, তারা আর্থিক অভাবের কারণে আত্মীয়দের মধ্যেই দুটি সন্তানকে দত্তক দিয়েছেন, তবে কোনও টাকার বিনিময়ে নয়। বর্তমানে তাদের কাছে সাতটি সন্তান রয়েছে এবং কোনও সন্তান বিক্রির অভিযোগ ভিত্তিহীন বলে তারা জানান।

## অলিম্পিকে শোকের ছায়া, গেমস ভিলেজে বক্সিং কোচের মৃত্যু

প্যারিস, ২৮ জুলাই (হি.স.): প্যারিস অলিম্পিক শুরুর দ্বিতীয় দিনেই নেমে এলো শোকের ছায়া। অলিম্পিক গেমস ভিলেজে প্রয়াত হলেন সামোয়ার বক্সিং কোচ লিওনেল এলিকা ফাতুপাইতো। জানা গেছে,শনিবার হৃদরোগে আক্রান্ত হয়েছিলেন এই বক্সিং কোচ। হাসপাতালে নিয়ে যাওয়া

## নদিয়ার বাবুপাড়া অগ্নিশ্বরী কালী মন্দিরে পূজা ও অলৌকিক কাহিনী

চাকদা, ২৮ জুলাই(হি.স.) : নদিয়া জেলার চাকদা বিধানসভার অন্তর্গত চাদুরিয়া দু''নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীনস্থ বাবুপাড়া অগ্নিশ্বরী কালী মন্দির স্থানীয় এবং দূরদুরান্তের ভক্তদের কাছে একটি প্রিয় তীর্থস্থান। ভাগীরথী গঙ্গার তীরবর্তী অঞ্চলে অবস্থিত এই মন্দিরে প্রতিদিন অসংখ্য মানুষ পুজো দিতে আসেন।

মন্দির কর্তৃপক্ষ ভক্তদের সুবিধার্থে গঙ্গায় স্নানের জন্য মহিলা ও পুরুষদের জন্য বিশেষ বাথরুমের ব্যবস্থা করেছে। প্রতিদিনই এই মন্দিরের পুরোহিত দ্বারা নিয়মিত পূজা করা হয়, যা ভক্তদের মধ্যে অত্যন্ত জনপ্রিয়।

বিশেষ করে পৌষ মাসের আমাবস্যায় এই মন্দিরে বিশেষ পূজার আয়োজন করা হয়, যা হাজার হাজার ভক্তকে আকর্ষণ করে। মন্দিরের ইতিহাস ও অলৌকিক কাহিনীগুলি স্থানীয় মানুষদের মধ্যে প্রচলিত রয়েছে, যা শুনলে যে কেউ অবাক হয়ে যাবে।

স্থানীয় বাসিন্দারা বিশ্বাস করেন যে, এই মন্দিরে পূজা দিলে মনোবাসনা পূর্ণ হয় এবং জীবনে সুখ-শান্তি আসে। বাবুপাড়া অগ্নিশ্বরী কালী মন্দির ঘিরে এমন অনেক গল্প রয়েছে যা ভক্তদের মধ্যে মন্দিরের মাহাত্ম্য এবং ঐতিহ্য আরও বাড়িয়ে তোলে।

## ইন্টারভিউ বঞ্চিত আপার প্রাইমারি চাকরিপ্রার্থীদের 'শেষ মহা মিছিল'

কলকাতা, ২৮ জুলাই(হি.স.) : ইন্টারভিউ বঞ্চিত আপার প্রাইমারি চাকরিপ্রার্থীরা রবিবার 'শেষ মহা মিছিল' আয়োজন করেছেন। শিয়ালদহ বিগ বাজার থেকে শুরু হওয়া এই মিছিল ধর্মতলা পর্যন্ত গিয়ে পৌঁছায়। শহীদ মাতঙ্গিনী হাজিরার মূর্তির পাদদেশে গত ৭৬৬ দিন ধরে ইন্টারভিউ বঞ্চিত আপার প্রাইমারি চাকরিপ্রার্থীরা ধর্না দিয়ে নানা কর্মসূচি পালন করছেন। তাদের প্রধান দাবি হল, ন্যায্য ইন্টারভিউ এবং চাকরির নিশ্চয়তা। দীর্ঘদিনের এই আন্দোলনের পরেও তাদের চাকরি অধরা রয়ে গেছে, যা চাকরিপ্রার্থীদের মধ্যে চরম অসন্তোষ এবং হতাশার সৃষ্টি করেছে।

মিছিলের মাধ্যমে তারা সরকারের কাছে তাদের দাবির গুরুত্ব পুনরায় তুলে ধরার চেষ্টা করেছেন। চাকরিপ্রার্থীদের মতে, এই শেষ মহা মিছিলই তাদের চূড়ান্ত পদক্ষেপ, এবং তারা আশা করছেন যে, সরকার তাদের দাবির প্রতি সমর্থন জানাবে এবং তাদের ন্যায্য অধিকার প্রদান করবে। চাকরিপ্রার্থীদের আন্দোলন এবং মিছিল সম্পর্কে শহরের সাধারণ মানুষ এবং বিভিন্ন সংগঠন সমর্থন জানিয়েছে, যা তাদের আন্দোলনের শক্তি এবং গুরুত্বকে আরও বাড়িয়ে তুলেছে।

## কাঁকিনাড়া জ্যোতি ফাউন্ডেশনের একবর্ষপূর্তি অনুষ্ঠান ও অর্জুন সিং এর সম্বর্ধনা ঘোষণা

ভাটপাড়া, ২৮ জুলাই(হি.স.) : কাঁকিনাড়া জ্যোতি ফাউন্ডেশনের একবর্ষপূর্তি অনুষ্ঠান আয়োজিত হল ভাটপাড়া প্রেমচন্দ্র শতবার্ষিকী ভবনে। এই সমাজসেবী সংস্থার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং।

অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে কৃতী ছাত্রছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয়। এছাড়াও, গত বছর আয়োজিত রোজগার মেলা থেকে যারা চাকরি পেয়েছেন, তাদেরও সম্বর্ধনা জানানো হয়। অর্জুন সিং এই অনুষ্ঠানে ঘোষণা করেন যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের পর যারা আর্থিক অনটনে উচ্চ শিক্ষায় ভর্তি হতে পারবে না, তাদের কাঁকিনাড়া জ্যোতি ফাউন্ডেশনের মাধ্যমে তিনি নিজের মৃত বাবা, মা ও ভাইয়ের নামে অর্থ সাহায্য করবেন।এছাড়া, দিল্লিতে নীতি আয়োগের বৈঠক নিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করেন অর্জুন সিং। তিনি অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নাটক করছেন। অর্জুন সিং জানান, তাকে শেষের পরিবর্তে সাত নম্বর জায়গায় বলতে দেওয়া হয়েছিল এবং তার মাইক কখনোই বন্ধ করা হয়নি। তিনি দাবি করেন, মুখ্যমন্ত্রী মিথ্যা কথা বলছেন।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## ডাকাতির বারো ঘন্টার মধ্যে উদ্ধার খোয়া-যাওয়া সামগ্রী, গ্রেফতার চার

হাওড়া, ২৮ জুলাই (হি.স.) : মাত্র বারো ঘন্টার মধ্যেই হাওড়া সিটি পুলিশ উদ্ধার করল খোয়া যাওয়া সামগ্রী। ডোমজুড়ের জ্বালান কমপ্লেক্সে সংঘটিত ডাকাতির সাথে জড়িত চারজন ডাকাতকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের রবিবার হাওড়া আদালতে তোলা হবে।কে বারো জনের একটি ডাকাত দল ডোমজুড়ের একটি গোডাউনে হানা দেয়। ওই গোডাউনের একমাত্র নিরাপত্তা কর্মীকে বেঁধে রেখে গেটের তালা ভেঙে তারা ভেতরে প্রবেশ করে এবং চার টন দামি জিংক ধাতব বার নিয়ে চম্পট দেয়। যাওয়ার সময় সিসিটিভি ক্যামেরার ডিভিআরও নিয়ে যায়।

পুলিশ তৎক্ষণাৎ ঘটনাস্থলে ছুটে যায় এবং তদন্ত শুরু করে। রাস্তার সিসিটিভি ফুটেজ দেখে যে গাড়িতে করে ডাকাতরা গেছিল সেই গাড়িটিকে শনাক্ত করা হয়। গাড়ির মালিক অবিনাশ সিংকে জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে যে, সে গাড়িটি সুব্রত সেন ওরফে ছোটকাকে ভাড়া দিয়েছিল। ছোটকা ও তার সঙ্গী বিশাল কুমার সাউ ডাকাতির পরিকল্পনা করে। ডাকাতির সময় গাড়ির মালিক নিজেই গাড়ি চালাচ্ছিল।

ডাকাতির সমস্ত মাল গাড়িতে তুলেছিল বিকাশ কুমার জয়সওয়াল। পরে এই মাল রাকেশ কুমার সাউ নামে এক ব্যবসায়ীকে বিক্রি করে। গতকাল পুলিশ ঘুসুড়িতে তার গোডাউনে হানা দিয়ে সমস্ত সামগ্রী উদ্ধার করে। প্রাথমিক তদন্তে ৬ জনের সরাসরি যোগ পাওয়া গেছে। বাকিদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

## আবারও কুমিরের পেটে মধ্যবয়স্ক ব্যক্তি

দক্ষিণ ২৪ পরগনা, ২৮ জুলাই(হি.স.) : দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমা ব্লকের গোবর্ধনপুর কোস্টাল থানার সত্য দাসপুর এলাকায় আবারও কুমিরের আক্রমণে এক মধ্যবয়স্ক ব্যক্তি প্রাণ হারিয়েছেন। রবিবার সকালে, বছর চল্লিশের আসমাউদ্দিন শেখকে নদীর ধার থেকে কুমিরে ধরে নিয়ে যায়।

দিন এসকালে এলাকার কয়েকজন মৎস্যজীবী নদীতে জাল ফেলার সময় আসমাউদ্দিন তাদের কাছে মাছের খোঁজ নিতে যান। নদীর চরেই দাঁড়িয়ে থাকা অবস্থায় হঠাৎ কুমির তার লেজ দিয়ে ঝাপটা মেরে আসমাউদ্দিনকে জলে ফেলে নিয়ে যায়। ইতিমধ্যে গোবর্ধনপুর কোস্টাল থানা বনদফতর এবং এলাকার মানুষজন ওই ব্যক্তির খোঁজে নদীতে তল্লাশি চালাচ্ছে।

উল্লেখ্য, গত একমাস আগে একই এলাকায় এক নাবালককে কুমিরে ধরে নিয়ে গিয়েছিল এবং তিনদিন পর তার মৃতদেহ উদ্ধার হয়। সেই ঘটনায় সরকারের পক্ষ থেকে নাবালকের পরিবারকে চাকরি এবং ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়। তবুও, একই জায়গায় আবারও কুমিরের আক্রমণের ঘটনা ঘটায় এলাকার মানুষজনের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরবর্তী পদক্ষেপ হিসেবে বনদফতর এবং স্থানীয় প্রশাসন কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছে।

## মালদায় সমবায় সমিতি নির্বাচনেও ব্যাপক উত্তেজনা

মালদা, ২৮ জুলাই (হি.স.) : মালদা জেলার চাঁচল মহকুমার ছয়টি ব্লকের সমবায় সমিতি নির্বাচনে রবিবার ব্যাপক উত্তেজনা দেখা দিয়েছে। সামসি এগরিল হাই স্কুলে অনুষ্ঠিত এই নির্বাচনে সন্ত্রাস এবং ছাপ্পার অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে।

বাম কংগ্রেস জোটের প্রার্থীকে বুথ থেকে বের করে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। বাম কংগ্রেসের অভিযোগ, তৃণমূলের কর্মীরা ব্যালট নিয়ে গিয়ে বাইরে ছাপ্পা মারছে। পুলিশ এই ঘটনার তদন্তে নেমেছে, কিন্তু তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ভোট কেন্দ্রের বাইরে এবং ভিতরে সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি হয়। বাম কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, তৃণমূল পরিকল্পিতভাবে এই ধরনের ঘটনা ঘটিয়ে ভোট প্রক্রিয়া বিঘ্নিত করছে। তবে, তৃণমূল এই অভিযোগ অস্বীকার করেছে এবং সুষ্ঠু নির্বাচনের পক্ষে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে।

স্থানীয় প্রশাসন আশ্বাস দিয়েছে যে, নির্বাচন প্রক্রিয়া নিরপেক্ষ এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হবে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে এবং ভোট গণনা কেন্দ্রেও কড়া নজরদারি বজায় রাখা হচ্ছে।

## অসম সরকারের প্রাক্তন শিক্ষাবিষয়ক উপদেষ্টা ড় ননীগোপাল মহন্ত গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য

গুয়াহাটি, ২৮ জুলাই (হি.স.) : গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য পদে নিয়োজিত হয়েছেন বিশিষ্ট শিক্ষাবিদ, রাজ্য সরকারের প্রাক্তন শিক্ষাবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড় ননীগোপাল মহন্ত।

শিক্ষা ও গবেষণায় সমৃদ্ধ পটভূমিতে অধ্যাপক মহন্তের নেতৃত্ব উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটাবে বলে আশা করছে শিক্ষানুরাগী মহল। আশা করা হচ্ছে, ড় ননীগোপাল মহন্ত তাঁর নতুন ভূমিকায় অভিজ্ঞতার বাস্তবায়ন করবেন। মূলত তিনি গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক ছিলেন। ২০১৮ থেকে ২০১৯ পর্যন্ত বিভাগীয় প্রধান এবং রেজিস্ট্রার হিসেবেও দায়িত্ব পালন করেছেন ড় মহন্ত।

উজান অসমের শিবসাগরে একটি বৈষ্ণব সত্রিয়া পরিবারের সন্তান ননীনগোপাল মহন্ত আঞ্চলিক সাংস্কৃতিক ঐতিহ্যের প্রচার ও প্রসারে বেশ অবদান রেখেছেন।

দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ননীগোপাল মহন্ত ২০০২ থেকে ২০০৪ সাল পর্যন্ত ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটি, বার্কলে রোটারি ওয়ার্ল পিস ফেলো হিসেবে তাঁর শিক্ষাকে এগিয়ে নিয়েছিলেন। এই ফেলোশিপের বলে তিনি ইউরোপ এবং দক্ষিণ এশিয়া জুড়ে গবেষণা করার সুযোগ পেয়েছিলেন।

তিনি তাঁর কর্মজীবনে আঞ্চলিক এবং জাতীয় সমস্যাবলির ওপর একজন বিশিষ্ট লেখক এবং ভাষ্যকার হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছেন। ২০০৯ সালে পাবলিক ডিসকোর্সে তাঁর অবদান এডুকেশন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এক্সিলেন্স অ্যাওয়ার্ডের মাধ্যমে স্বীকৃত হয়েছে।

অসমের শিক্ষা অধিকরণ এবং মাধ্যমিক শিক্ষা বোর্ড সহ রাজ্যের বিভিন্ন সরকারি সংস্থায় অধ্যাপক মহন্ত উপদেষ্টা হিসেবে দক্ষতা প্রদর্শন করেছেন। তিনি ২০২১ সালে অসমে হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য সরকারের শিক্ষা বিষয়ক উপদেষ্টা হিসেবে নিয়োজিত হয়েছিলেন। তবে চলতি ২০২৪ সালের ১২ ফেব্রুয়ারি অসমের শিক্ষা বিষয়ক উপদেষ্টা পদে পদত্যাগ করে ফের গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ে ফিরে গিয়ে অধ্যাপনা শুরু করেন ড় ননীগোপাল মহন্ত।

অধ্যাপক ননীগোপাল মহন্ত অ্যাকাডেমিক ইনস্টিটিউশনগুলির বহু নেতৃত্বের পদও অলঙ্কৃত করেছেন। গুয়াহাটির হ্যান্ডিক গার্লস কলেজের গভর্নিং বডির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি। এছাড়া ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত উত্তরপূর্ব ভারত রাষ্ট্রবিজ্ঞান সমিতির নেতৃত্ব দিয়েছেন ড় ননীগোপাল।

## ভাল্লুকের দেহাংশ পাচারের ছক ভেস্তে দিল বনবিভাগ, গ্রেফতার দুই পাচারকারী

শিলিগুড়ি, ২৮ জুলাই(হি.স.): ফের একবার বনবিভাগের তৎপরতায় ভাল্লুকের দেহাংশ পাচারের চেষ্টা ভেস্তে গেল। বাগডোগরা বনবিভাগের কর্মকর্তারা রবিবার বিহার মোড় এলাকায় অভিযান চালিয়ে দু''জন পাচারকারীকে গ্রেফতার করেছেন। ধৃতরা হলেন আইজুল হক ও বাবুল হোসেন, যাদের কাছ থেকে তিনটি ভাল্লুকের পিত্ত এবং চামড়া উদ্ধার করা হয়েছে।

কার্শিয়াঙ ফরেস্ট ডিভিশনের ডিএফও দেবেশ পান্ডে জানিয়েছেন, পাচারকারীরা অরুণাচল প্রদেশ থেকে নেপালে ভাল্লুকের দেহাংশ পাচারের পরিকল্পনা করেছিল। গোপন সূত্রে এই খবর পাওয়ার পর বনবিভাগের দলটি বিহার মোড় সংলগ্ন এলাকায় তল্লাশি অভিযান চালায়। সন্দেহজনক কার্যকলাপের ভিত্তিতে দুই যুবককে আটক করা হয় এবং তাদের কাছ থেকে ভাল্লুকের দেহাংশ উদ্ধার করা হয়।

ধৃতদের রবিবার শিলিগুড়ি মহকুমা আদালতে হাজির করা হয়েছে এবং পুলিশ তাদের রিমান্ডে নিয়ে পুরো ঘটনার তদন্ত শুরু করবে। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতরা অসমের বাসিন্দা। এই ঘটনার প্রেক্ষিতে বনবিভাগের কর্মকর্তারা পাচারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার অঙ্গীকার করেছেন এবং অপ্রত্যাশিত পাচার রোধে নজরদারি বাড়ানোর কথা জানিয়েছেন।

## শিলিগুড়িতে মদ্যপ অবস্থায় দাদার হাতে ভাই খুন

শিলিগুড়ি, ২৮ জুলাই(হি.স.): শিলিগুড়ির ২২ নম্বর ওয়ার্ডের তালতলায় ঘটে গেল এক হৃদয়বিদারক ঘটনা। পরিবারের মধ্যেকার বিবাদে বড় ভাই মধুসূদন পালের ছুরির আঘাতে নিহত হলেন ছোট ভাই পিন্টু পাল। গত শুক্রবার রাতে পিন্টু পালের মা অসুস্থ হওয়ায় পরিবারের সবাই হাসপাতালে ছিলেন। সেই সময় বাড়িতে মদ্যপ অবস্থায় দুই ভাইয়ের মধ্যে বচসা শুরু হয়। উত্তেজনার মুহূর্তে বড় ভাই মধুসূদন ছোট ভাই পিন্টুকে ছুরি দিয়ে আঘাত করেন। গুরুতর আহত পিন্টু পাল পরিবারের লোকেদের ফোন করে সহায়তা চান।

পিন্টু পালের পরিজনরা ঘটনাস্থলে এসে তাকে পেটে কাপড় চেপে বসে থাকতে দেখেন। সঙ্গে সঙ্গে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আঘাত গুরুতর হওয়ায় তাকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়, কিন্তু রবিবার ভোর রাতে পিন্টু পালের মৃত্যু হয়।

এই ঘটনার খবর পাওয়া মাত্র ওয়ার্ড কাউন্সিলর দীপ্ত কর্মকার পিন্টু পালের বাড়ি ছুটে আসেন। তিনি জানান, প্রায়ই মদ্যপ অবস্থায় দুই ভাইয়ের মধ্যে ছোটখাটো ঝগড়া লেগেই থাকত, কিন্তু এমন মর্মান্তিক পরিণতি হবে কেউ ভাবেনি। বড় ভাই মধুসূদন পালের কোন স্থায়ী কাজ না থাকার কারণে তার পরিবারের সাথে তার সম্পর্ক খারাপ ছিল, যা হয়তো এই ঘটনার মূল কারণ।

এই ঘটনা সম্পর্কে থানায় জানানো হয়েছে এবং পুলিশ তদন্ত শুরু করেছে। ওয়ার্ড কাউন্সিলর দীপ্ত কর্মকার বলেন, 'আইনগত প্রক্রিয়া মেনে পুলিশ তদন্ত করবে এবং দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।'

## বহরমপুরে ফুটপাত দখলমুক্ত করল প্রশাসন

বহরমপুর, ২৮ জুলাই (হি.স.) : মুর্শিদাবাদ জেলার সদর শহর বহরমপুরে ফুটপাত দখলমুক্ত করতে প্রশাসন এক বড় ধরনের অভিযান চালায়। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় ফুটপাত দখল করে থাকা দোকানগুলো ভেঙে ফেলে এবং ফুটপাত পুনরুদ্ধার করা হয়।

প্রশাসন থেকে জানানো হয়েছে যে, ফুটপাত ও সরকারি জমি দখল করে থাকা হকারদের রবিবার মোহনা বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায় সতর্ক করা হয়েছে যাতে তারা আর কোনোভাবেই ফুটপাত দখল না করে।

এই দখল মুক্ত অভিযানে উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলার সদর মহকুমা শাসক শুভঙ্কর রায় সহ অন্যান্য প্রশাসনিক কর্মকর্তা এবং বহরমপুর থানার পুলিশ। তারা সম্মিলিতভাবে এই অভিযান পরিচালনা করেন এবং এলাকার পথচারীদের জন্য ফুটপাত দখল মুক্ত করেন।

## অলিম্পিকে দেশের খেলোয়াড়দের উৎসাহিত করার আর্জি মোদীর

নয়াদিল্লি, ২৮ জুলাই (হি.স.): শুক্রবার থেকে শুরু হয়েছে ''দ্য গ্রেটেস্ট শো অন আর্থ'' অলিম্পিক। দেশবাসীর কাছে সেই ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়াড়দের উৎসাহিত করার আর্জি জানাতে নিজের বেতার অনুষ্ঠান 'মন কি বাত'-কে বেছে নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বিশ্ব মঞ্চে তেরঙ্গা উত্তোলনের এক অনবদ্য সুযোগ প্যারিস অলিম্পিক। রবিবার মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশবাসীর উদ্দেশে ভাষণ দেওয়ার সময় মোদী বলেন, বর্তমানে প্যারিস অলিম্পিক নিয়ে আলোচনা হচ্ছে সারা বিশ্ব জুড়ে। অলিম্পিক আমাদের খেলোয়াড়দের বিশ্ব মঞ্চে তেরঙ্গা উত্তোলন করার এবং দেশের জন্য কিছু করার সুযোগ দেয়। আপনিও খেলোয়াড়দের উৎসাহিত করুন, তাদের মনোবল বাড়াতে সাহায্য করুন।

## ছেলের হাতে মা খুন, প্লাস্টিক মুড়ে বাড়ির মধ্যেই দেহ ফেলে রাখলো ছেলে

মহেশতলা, ২৮ জুলাই(হি.স.): মহেশতলার ১৯ নম্বর ওয়ার্ডের আকড়া জগন্নাথ নগর পশ্চিম পুকুরপাড় এলাকায় ঘটে গেল এক নৃশংস হত্যাকাণ্ড। স্থানীয়দের অভিযোগ অনুযায়ী, ছেলে বিজয় নাথ তার মা প্রভা নাথকে খুন করে প্লাস্টিকে মুড়ে বাড়ির মধ্যেই ফেলে রাখে। শনিবার রাতে এলাকাবাসী দুর্গন্ধ পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন এবং রক্তাক্ত অবস্থায় মহিলার দেহ দেখতে পান। রবিবার সকালে ফের একবার পুলিশ স্থানীয়দের জিজ্ঞাসাবাদ করে।

খবর পেয়ে মহেশতলা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মহিলার রক্তাক্ত দেহ উদ্ধার করে বেহালার বিদ্যাসাগর হাসপাতালে পাঠায়। এছাড়াও, ছেলে বিজয় নাথ ও তার স্ত্রীকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, প্রভা নাথ তার এক ছেলে ও এক মেয়েকে নিয়ে থাকতেন। ছেলে বিজয় নাথের বিয়ের পর থেকেই পরিবারে অশান্তি শুরু হয়। প্রায় সময় মাকে ও বোনকে মারধর করত। মেয়ে পড়াশোনা করার জন্য বাইরে থাকে, আর প্রভা নাথকে বারান্দায় বের করে রেখে ঘরে স্বামী-স্ত্রী একসাথে থাকতেন। স্থানীয়দের অভিযোগ, সম্পত্তি নিয়ে বিরোধের কারণেই হয়তো এই হত্যাকাণ্ড ঘটেছে। পুলিশ এই ঘটনার পুরো তদন্ত শুরু করেছে এবং সত্য উদঘাটনের চেষ্টা করছে।

## ডায়মন্ড লোকালে আগুন, ট্রেন চলাচলে বিঘ্ন

সুভাষগ্রাম, ২৮ জুলাই(হি.স.): রবিবার দুপুর ১২:১২ মিনিটে ডায়মন্ড হারবার লোকাল ট্রেনে আগুন লাগার ঘটনা ঘটে। এই মুহূর্তে ট্রেনটি সুভাষগ্রাম স্টেশনে দাঁড়িয়ে আছে। প্ল্যাটফর্মের যাত্রীরা আগুন দেখতে পেয়ে চিৎকার শুরু করেন।

এই ঘটনার কারণে আপাতত শিয়ালদা দক্ষিণ শাখায় বারুইপুর থেকে নামখানা, কাকদ্বীপ এবং লক্ষীকান্তপুরগামী ট্রেন চলাচল বন্ধ রাখা হয়েছে। রেল সূত্রে জানা গেছে, যান্ত্রিক ত্রুটির ফলে ট্রেন থেকে আগুনের ফুলকি বের হতে দেখা যায়। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং দ্রুত ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে।

রেল কর্তৃপক্ষ দ্রুত ব্যবস্থা গ্রহণ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে ট্রেন চলাচল পুনরায় শুরু করছে।

## তৃণমূল নেতার বিরুদ্ধে নারী ও পরিবারের লোকজনকে মারধরের অভিযোগ, ভিডিও ভাইরাল

কালনা, ২৮ জুলাই(হি.স.): পূর্ব বর্ধমানের কালনা শহরের শ্বাসপুর দেবনাথ পাড়া এলাকায় একটি জমি নিয়ে বিবাদের কারণে তৃণমূল নেতার বিরুদ্ধে এক মহিলাসহ তার পরিবারের সদস্যদের মারধরের অভিযোগ উঠেছে। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক গোপাল তেওয়ারি ও তার সঙ্গীদের বিরুদ্ধে এই অভিযোগ আনা হয়েছে।

শনিবার রাতে সুজাতা পাল নামে এক গৃহবধূ থানায় অভিযোগ দায়ের করেছেন। তিনি দাবি করেন, তার বাড়ির পাশের জমি ঘিরে নেওয়ার বিষয়ে বিবাদে গোপাল তেওয়ারি ও তার সঙ্গীরা তাকে এবং তার পরিবারের সদস্যদের মারধর করেছে। সোশ্যাল মিডিয়ায় এই ঘটনার ভিডিও ভাইরাল হওয়ার পর ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে।

গোপাল তেওয়ারি পাল্টা দাবি করেন, তার কেনা জমিতে পাঁচিল দেওয়ার কারণে বিরোধ শুরু হয় এবং উল্টো তাকে এবং তার দলকে মারধর করা হয়েছে।

এই ঘটনার পরিপ্রেক্ষিতে রবিবার বিজেপির সহ-সভাপতি সুভাষ পাল এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন এবং দোষীদের শাস্তি দাবি করেছেন।তৃণমূল মুখপাত্র দেবপ্রসাদ বাগ জানান, 'আইন কারো হাতে তুলে নেওয়া উচিত নয়, পুলিশ তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে।'

## বিল্ডিং নির্মাণে কাজ করতে

● আটের পাতার পর

কাজ করছিলেন তখন মাটি ভেঙ্গে তার উপর পড়ে। তাতে গুরুতর আহত হয়েছেন তিনি। অন্যান্য সহকর্মীরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে এসেছেন। বর্তমানে আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন তিনি।

## দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে

● প্রথম পাতার পর

বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গেছে। তবে তাদের আঘাত গুরুতরও হয় সেখান থেকে তাদের জিবিপি হাসপাতালে রেফার করা হয়েছে।

## রাজ্যের আর্থ সামাজিক

● প্রথম পাতার পর

সুবিধা দিয়েছে। এতে বিভিন্ন ধরণের উন্নত চাষাবাদের মাধ্যমে কৃষক সমাজ উপকৃত হচ্ছে।

মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনায় অনেক নাগরিককে জীবন বীমা কভারেজ প্রদান করেছে এবং তাদের পরিবারের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করেছে। এছাড়া স্বামীত্ব স্কিম, ভারত নেট, সয়েল হেলথ কার্ড, অটল পেনশন যোজনা এবং স্বানিধি প্রকল্পগুলির বিষয়েও বিশদ তথ্য উপস্থাপন করেন মুখ্যমন্ত্রী।

## জনজাতি অধ্যুষিত

● প্রথম পাতার পর

একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলগুলির উন্নয়নের দিকে এবারের বাজেটে বিশেষ নজর দেওয়া হয়েছে। প্রত্যন্ত এলাকাগুলির শিক্ষার উন্নয়নের জন্য ৬,৩৯৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের প্রসঙ্গে কেন্দ্রীয় জনজাতি কল্যাণমন্ত্রী বলেন, ড্রপ আউট কমানোর লক্ষ্যে প্রি-মেট্রিক স্কলারশিপে ৪৪০.৩৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। উচ্চ শিক্ষায় আগ্রহ বাড়ানোর লক্ষ্যে পোষ্ট মেট্রিক স্কলারশিপে ২,৪৩২.৬৮ কোটি বরাদ্দ করা হয়েছে।

জনজাতি কল্যাণমন্ত্রী শ্রী ওরাং বলেন, ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নের জন্য কেন্দ্রের নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার বিশেষ নজর দিয়েছে। এই অঞ্চলের শিল্পের বিকাশ এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে চলতি বছরেই উত্তর পূর্ব ট্রান্সফরমেটিভ ইন্ডাষ্ট্রিয়ালাইজেশন স্কিমের অনুমোদন দেওয়া হয়েছে। দশ বছরের এই প্রকল্পের জন্য ১০,০৩৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

তিনি জানান, নর্থ-ইষ্ট স্পেশাল ইনফাস্ট্রাকচার ডেভেলাপমেন্ট স্কিমে ত্রিপুরার জন্য ৪৫৮ কোটি টাকার ১৪টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। সাংবাদিক সম্মেলনে রাজ্যে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, সাংসদ কৃতি সিং দেববর্মা, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে ও অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

## দুধপুরে দুই জা'র

● প্রথম পাতার পর

পাল্টা ঝড় তুলেছেন বিজেপি প্রার্থী পূর্নিমা রুদ্রপাল। প্রার্থী জানিয়ছেন, দুই পরিবারের মধ্যে রয়েছে যথেষ্ট মিল। দুজন দুই দলের হয়ে ভোট লড়লেও একে অপরের ঘরে আসা যাওয়া থেকে তাদের সমস্ত পারিবারিক সম্পর্ক রয়েছে সেই সম্পর্কের জায়গাতেই। প্রতিদিন ভোট প্রচারে গিয়ে ভালো সাড়া মিলছে বলেই জানালেন বিজেপি প্রার্থী।

## অলিম্পিকে শুটারে

● প্রথম পাতার পর

২০২০ টোকিও অলিম্পিকে মনুর উপরে আশা করেছিলেন আপামর ভারতবাসী। একেবারে শেষ মুহূর্তে পিস্তল বিকল হয়ে যাওয়ায় তিনি ব্যর্থ হয়েছিলেন।কাঁদতে কাঁদতে তিনি ফিরেছিলেন টোকিও থাকে। হতাশ হয়েছিল সারা ভারতবাসী। এদিন প্যারিসে ভারতবাসীকে সেই পদক এনে দিতে পেরে তিনি নিজেও গর্বিত,গর্বিত করলেন ভারতবাসীকেও।

## পৃথক অভিযানে ৩৪ জন

● প্রথম পাতার পর

বাংলাদেশী নাগরিক যাদের মধ্যে তিনজন পুরুষ একজন মহিলা এবং একজন তৃতীয় লিঙ্গের নাগরিককে আটক করা হয়েছে। তারা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে। আটককৃতরা হলো তামিম হোসেন(১৮), রাজশাহী বাংলাদেশ, বিপ্লব বণিক(৫৩), ফেনী, বাংলাদেশ, উৎপলা বনিক (৪২) ফেনী, বাংলাদেশ, নিঝর বণিক(১৭), জুলি পাল (তৃতীয় লিঙ্গ)(১৮) ব্রাহ্মণবাড়িয়া, বাংলাদেশ। তাদের হেফাজতে নিয়ে তদন্ত অব্যাহত রেখেছে পুলিশ।

অপরদিকে মোহনপুরস্থিত বিএসএফ এমসিপি এলাকায় অটোরিক্সাসহ একজনকে আটক করেছে বিএসএফ।

অটোটি গোপালপুর থেকে মোহনপুর বাজারের দিকে আসছিল। বিএসএফ এমসিপি অটোটি থামানোর চেষ্টা করলে অটোতে বসে থাকা কয়েকজন অজ্ঞাত ব্যক্তিকে নিয়ে চালক না থামিয়ে ঘটনাস্থল থেকে মোহনপুর বাজারের দিকে পালিয়ে যায়। পরে অটোটির পেছনে ধাওয়া করে চালকসহ মোহনপুর বাজার থেকে অটোরিকশাটি উদ্ধার করে। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর অটোসহ আটক চালককে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

একটি পৃথক ঘটনায় ২ জন রোহিঙ্গা অবৈধ অনুপ্রবেশকারীকে ভারতীয় ভূখণ্ডে প্রবেশের চেষ্টা করার সময় উত্তর ত্রিপুরা জেলার অন্তর্গত বিওপি টিলাবাজারের সীমান্তবর্তী এলাকায় সতর্ক বিএসএফ সৈন্যরা আটক করে।

# অঙ্গন

## চার কৃতি খেলোয়াড়কে সংবর্ধনা জ্ঞাপন



আগরতলা, ২৮ জুলাই।। এএসজেসি-র উদ্যোগে রাজ্যের চার কৃতি ক্রীড়াবিদ তথা দুই খুদে মহিলা দাবাড়ু অর্শিয়া দাস এবং আরাধ্যা দাস পাশাপাশি দুই প্যারা সুইমার সমীর বর্মন ও বিনীত রায়কে সংবর্ধিত করা হয়েছে। আগরতলা প্রেসক্লাব এক অনুষ্ঠানে। ক্লাবের সম্পাদক এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

## প্যারিস অলিম্পিক আসরে ত্রিপুরাবাসীর শুভেচ্ছা বার্তা

প্যারিস,২৮ জুলাই।। শুরু হয়ে গেছে বিশ্বের সবচেয়ে বড় স্পোর্টস ইভেন্ট অলিম্পিক গেমস। আর চলমান এই প্যারিস অলিম্পিক গেমসে ভারতীয় দলের সাফল্য কামনা করে টিপুরা অলিম্পিক এসোসিয়েশনের তরফে রাজ্যের ৪০ লাখ মানুষের

ভালোবাসা ও শুভেচ্ছা বার্তা আজ, রবিবার তুলে দেয়া হলো ভারতীয় অলিম্পিক দলের তিন শীর্ষ প্রতিনিধির হাতে। রবিবার দুপুরে অলিম্পিক গেমস ভিলেজে ভারতীয় টেবিল টেনিস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক কমলেশ মেহেতা, ভারতীয় টেনিস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক অনিল ধ্রুপর এবং ভারতীয় রোয়িং এসোসিয়েশনের সাধারণ সম্পাদক এম ভি শ্রীরামের হাতে ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের শুভেচ্ছা বার্তা তুলে দেন ত্রিপুরার বিশিষ্ট ক্রীড়া সংগঠক সুজিত রায়। ভারতীয় টেনিস এসোসিয়েশন এবং ভারত বাংলাদেশ স্পোর্টস ফ্রেন্ডশিপ ফোরামের প্রতিনিধি হয়ে প্যারিস অলিম্পিক গেমসে হাজির হয়েছেন সুজিত রায়।

এদিকে ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশন তথা রাজ্যের ৪০ মানুষের শুভেচ্ছা বার্তা গ্রহণ করে তারা বলেন ত্রিপুরার মানুষের এই ভালোবাসা ও শুভেচ্ছার সম্মান জানিয়ে ভারতীয় দলের ক্রীড়াবিদদের কাছে এই বার্তা পৌঁছে দেয়া হবে। প্যারিসের অলিম্পিক ভিলেজ থেকে সুজিত রায় বিস্তারিত এ খবর জানিয়েছেন।

## ত্রিপুরা অ্যাথলেটিক্স অ্যাসো-র বার্ষিক সাধারণ সভা ও রাজ্য আসর সেপ্টেম্বরে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরা অ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ১লা সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। এর দিনক্ষণ আজ রবিবার সংস্থার এক্সিকিউটিভ কাউন্সিলের বৈঠকে স্থির করা হয়েছে। সংস্থার বার্ষিক সাধারণ সভা ১লা সেপ্টেম্বর বেলা ১১টায় শহীদ ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হল-এ অনুষ্ঠিত হবে বলে স্থির হয়েছে। এন এস আর সি সি-র কনফারেন্স হল-এ রবিবার দুপুরে সংস্থার সহ-সভাপতি শংকর লাল ভট্টাচার্যের পৌরহিত্যে অনুষ্ঠিত এক্সিকিউটিভ কাউন্সিলের বৈঠকে বার্ষিক সাধারণ সভার দিনক্ষণ স্থির করা ছাড়াও ওই সেপ্টেম্বরেই ৫৪ তম ত্রিপুরা স্টেট অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ ২০২৪ অনুষ্ঠিত হবে বলে স্থির হয়েছে। পাশাপাশি আগামী ১১ আগস্ট সংস্থার এক্সিকিউটিভ কাউন্সিলের পরবর্তী বৈঠক অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

১১ আগস্টের বৈঠকে সম্পাদকীয় প্রতিবেদন এবং বার্ষিক আয়-ব্যয়ের হিসাব নিকাশ চূড়ান্ত করণ করা হতে পারে বলে জানা গেছে। উল্লেখ্য, ১লা সেপ্টেম্বর সংস্থার বার্ষিক সাধারণ সভায় ২০২৪-২০২৮ তথা চার বছরের জন্য রাজ্য সংস্থার কার্যকরী কমিটি পুনর্গঠন করা হবে। প্রয়োজন সাপেক্ষে তা গণতান্ত্রিক উপায়ে তথা গোপন ব্যালটে ভোটের মাধ্যমেও হতে পারে বলে রবিবারের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ত্রিপুরা অ্যাথলেটিক্স এসোসিয়েশনের সম্পাদক এক বিবৃতিতে এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন।

## শান্তির বাজারে চ্যালেঞ্জার ট্রফি : ১ রানে রোমাঞ্চকর জয়ে অবনমন বাঁচালো ইয়ারং

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। এক রানে শ্বাসরুদ্ধকর জয়। দুরন্ত এই জয়ের সুবাদে এবারের মত অবনমন থেকে নিজেদের বাঁচিয়ে নিলো ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটির ছেলেরা। খেলা শান্তিরবাজারে পুরুষদের সিনিয়র লীগ চ্যালেঞ্জার ট্রফি ক্রিকেট টুর্নামেন্ট।

রবিবার ছিল এলিমিনেটর অর্থাৎ অবনমনের ম্যাচ। ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটি বনাম ব্রু জোয়াইন মথৌ-র মধ্যে।

বাই খোড়া ইংলিশ মিডিয়াম স্কুল গ্রাউন্ডে। উদ্যোক্তা শান্তির বাজার ক্রিকেট এসোসিয়েশন। সকালে ম্যাচ শুরুতে টস জিতে ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটি প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। ৪৭ ওভারের নির্ধারিত খেলা। তবে ২৮.২ ওভার খেলতেই ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটি ১৪৭ রানে ইনিংস গুটিয়ে নেয়। দলের পক্ষে সঞ্জীব দেববর্মার ৩৫ রান এবং শুভঙ্কর রিয়াংয়ের ৩২ রান উল্লেখ করার মতো।

ব্রু জোয়াইন মথৌ-র প্রদীপ দেববর্মা ৭০ রানে পাঁচটি উইকেট এবং রামকিশোর রিয়াং ২১ রানে তিনটি উইকেট তুলে নেয়। জবাবে ব্যাট করতে নেমে ব্রু জোয়াইন মথৌ-র ব্যাটার্সরা ছক কষে সমানতালে রান সংগ্রহে সক্ষম হলেও শেষ রক্ষা করতে পারেনি। ৩৩ ওভার খেলে ঠিক এক রান বাকি থাকতেই ইনিংস থামিয়ে নিতে বাধ্য হয়।

উমেশ রিয়াং নির্ভরযোগ্য ব্যাট চালিয়ে ৪৮ রান সংগ্রহ করে দলকে জয়ের কাছাকাছি পৌঁছে দিলেও উপযুক্ত সঙ্গীর অভাবে এক রানে ম্যাচ হেরে এবারের মতো দলকে অবনমন থেকে বাঁচাতে পারেনি।

ইয়ারং ওয়েলফেয়ার সোসাইটির কিষান রিয়াং ৩৩ রানে ৪টি উইকেট তুলে নিয়ে প্রতিপক্ষকে রুখে দেওয়ার পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও জিতে নেয়।



রাজ্যের প্রখ্যাত দুই ক্ষুদে দাবাড়ু অর্শিয়া দাস ও আরাধ্যা দাসকে রবিবার এক অনাড়ম্বর অনুষ্ঠানে সংবর্ধনা জানাল নবগঠিত আগরতলা স্পোর্টস জার্নালিস্টসক্লাব। তাদের সঙ্গে ভিন্নভাবে সক্ষম দুই প্যারা সাতারু বিনীত রায় এবং সমীর বর্মনকেও সম্বর্ধনা জানানো হয়।অনুষ্ঠানের প্রথমে স্বাগত ভাষণ রাখেন আগরতলা স্পোর্টস জার্নালিস্টসক্লাবের সম্পাদক সন্তোষ গোপ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের বিশিষ্ট দুই সাংবাদিক অলক ঘোষ ও প্রণব সরকার এবং ত্রিপুরার প্রখ্যাত মহিলা ক্রিকেট কোচ শ্রাবণী দেবনাথ। আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত এই সম্বর্ধনা অনুষ্ঠানে ক্রীড়া সাংবাদিকদের উপস্থিতি ছিল লক্ষ্যণীয়। অনুষ্ঠানে সংক্ষিপ্ত ভাষণে অলক ঘোষ এবং প্রণব সরকার ক্রীড়া সাংবাদিকদের পেশাগত দক্ষতাবৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। এরা আশা ব্যক্ত করে বলেন, সদ্যগঠিত আগরতলা স্পোর্টস জার্নালিস্টসক্লাব সদস্যদের পেশাগত উৎকৃষ্টতা বাড়ানোর পাশাপাশি রাজ্যের সম্ভাবনাময় খেলোয়ারদের প্রতিনিয়ত উৎসাহ জুগিয়ে যাবে। সম্বর্ধনা অনুষ্ঠানে পৌরহিত্য করেন ক্লাবের সভাপতি শান্তনু বণিক।

## জাকারিয়ার জোড়া গোল, নবোদয়কে হারিয়ে জয়ে ফিরলো কল্যান সমিতি



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে ফিরেছে কল্যাণ সমিতি। তাও ৫-২ গোলের ব্যবধানে। প্রতিপক্ষ নবোদয় সংঘ কে হারিয়ে। যদিও নবোদয় সংঘের পক্ষে এটি লাগাতর তৃতীয় হার। এদিকে কল্যাণ সমিতি প্রথম ম্যাচে বীরেন্দ্র ক্লাবকে ৯-১ গোলে হারানোর পর দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিরুদ্ধে ২-৪ গোলে হেরে পয়েন্ট খুইয়ে ছিল। আজ, রবিবার ফের জয়ে ফিরেছে নবোদয় সংঘকে ৫-২ গোলের ব্যবধানে হারিয়ে। খেলা দ্বিতীয় ডিভিশন ক্লাব লীগ ফুটবল টুর্নামেন্ট। উদ্যোক্তা ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন। উমাকান্ত মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের দশম ম্যাচে বেলা দুইটায় কল্যাণ সমিতি খেলার শুরু থেকেই অ্যাটাকিং মনোভাবে গোল দেওয়ার মনস্থির করে আক্রমণ রচনা করতে থাকে। খেলার ১৮ ও ২৫ মিনিটের মাথায় সোয়াম হালাম এবং মঙ্গলসিং দেববর্মা পরপর দুটি গোল করলে দল এগিয়ে যায়। পক্ষান্তরে নবোদয়ের ফুটবলাররা এমন কোন প্রতিরোধ গড়ার সুযোগ বের করতে পারেনি। দ্বিতীয়ার্ধের শুরুতেও কল্যাণ সমিতি লাগাতর আক্রমণ। ৫৭ মিনিটের মাথায় জন জমাতিয়ার গোলে ব্যবধান বেড়ে ৩-০ হয়। তারপরও গোল ব্যবধান বাড়ানোর লক্ষ্যে কল্যাণ সমিতির ছেলেরা সচেষ্ট হয়। ৭৩ মিনিটের মাথায় জাকারিয়া হালাম একটি গোল করলে ব্যবধান বেড়ে চার-শূন্য হয়। তবে একেবারে শেষ পর্যায়ে ইনজুরি টাইমে নবোদয় সংঘের করণ রিয়াং একটি গোল করলে ব্যবধান কমে এক-চার হয়। তিন মিনিট বাদেই জাকারিয়া হালাম আরও একটি গোল করে ব্যবধান ফের বাড়ায়। পরবর্তী মিনিটেই নবোদয়ের শান্তি সাধন জমাতিয়া ম্যাচের শেষ গোলটি করলে চূড়ান্ত ব্যবধান কল্যাণ সমিতির পক্ষে ৫-২ হয়। খেলায় অসদাচরনের দায়ে বিজয়ী কল্যাণ সমিতির ভক্ত সাধনকে রেফারি হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি অসীম বৈদ্য, অরিন্দম মজুমদার, তপন কুমার নাথ ও টিংকু দে।

## বি-ডিভিশন লীগ ফুটবলে বীরেন্দ্রকে হারিয়ে জয়ের হ্যাটট্রিক স্পোর্টস স্কুলের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। লাগাতর তিন ম্যাচে জয় অর্থাৎ জয়ের ধারা অব্যাহত রেখে এগোচ্ছে ত্রিপুরা স্পোর্টস স্কুল। অনেকটা চ্যাম্পিয়নের মেজাজে একেবারে জয়ের হ্যাটট্রিক। আপাতত টুর্নামেন্টের ১১তম ম্যাচের শেষে পয়েন্ট তালিকার শীর্ষেও অবস্থান করছে ত্রিপুরা স্পোর্টস স্কুল।

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত বি ডিভিশন লীগ ফুটবলের খেলায় আজ, রবিবার ত্রিপুরা স্পোর্টস স্কুল তিন গোলের ব্যবধানে বীরেন্দ্র ক্লাবকে পরাজিত করেছে। যদিও প্রথমার্ধে হাড্ডাহাড্ডি লড়াইয়ের মধ্যে খেলা গোলশূন্য অবস্থায় ড্র ছিল। এক কথায় প্রথমার্ধে বীরেন্দ্রর রক্ষণভাগ অনেকটা প্রতিরোধ করতে পেরেছিল। দ্বিতীয়ার্ধের শুরুতে বিলাস দেববর্মার গোল ত্রিপুরা স্পোর্টস স্কুলকে ১-০ তে এগিয়ে দেয়।

৬৩ মিনিটের মাথায় বিলাসের দ্বিতীয় গোল স্পোর্টস স্কুলকে আর পেছনদিকে তাকাতে হয়নি। রক্ষণভাগ শক্ত রেখে আক্রমণের ধার ক্রমশ বাড়াতে থাকলে ৭১ মিনিটের মাথায় ক্ষরাং জমাতিয়া আরও একটি গোল করলে ব্যবধান বেড়ে ৩-০ হয়।

বীরেন্দ্র ক্লাবের আক্রমণ ভাগের খেলোয়াড়রা তেমন কোনও সুযোগ বের করতে পারেনি গোল পরিশোধ করে খেলায় গোল ব্যবধান কমিয়ে আনতে। শেষ পর্যন্ত ৩-০ গোলের ব্যবধানে জয় ছিনিয়ে ত্রিপুরা স্পোর্টস স্কুল ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়ে।

এই জয়ের সুবাদে জয়ের হ্যাট্রিক করে ত্রিপুরা স্পোর্টস স্কুল আপাতত পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে ৯ পয়েন্ট পেয়ে।

ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি টিংকু দে, অরিন্দম মজুমদার, তপন কুমার নাথ ও অসীম বৈদ্য। দিনের খেলা: বেলা সাড়ে তিনটায় এনএসআরসিসি বনাম ত্রিপুরা পুলিশ রিক্রিয়েশন ক্লাব, উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

## টেস্টে রোহিত শর্মা পাচ্ছেন নতুন ডেপুটি

মুম্বই, ২৭ জুলাই (হি.স.): টেস্টে জশপ্রীত বুমরাহ আর সহ অধিনায়ক থাকছেন না।রোহিত শর্মা নতুন ডেপুটি পাচ্ছেন শুভমান গিলকে।আগামী ১৯ সেপ্টেম্বর থেকে বাংলাদেশের বিরুদ্ধে যে টেস্ট ম্যাচ শুরু হচ্ছে সেখানে শুভমানকেই সহ অধিনায়কের ভূমিকায় দেখা যাবে। শ্রীলংকায় যে সিরিজ চলছে সেখানে টি-টোয়েন্টি ও একদিন দুটো ফর্মাটেই শুভমান গিলকে সহ অধিনায়ক করা হয়েছে। এবার তাকে দেখা যাবে সহ অধিনায়ক হিসেবে টেস্ট ম্যাচে।

## অলিম্পিক ফুটবল: ইরাককে হারিয়ে কোয়ার্টার ফাইনালে যাওয়ার আশা টিকিয়ে রাখল আর্জেন্টিনা

প্যারিস, ২৮ জুলাই (হি.স.): উদ্বোধনী ম্যাচে মরক্কোর বিপক্ষে হারার পর শনিবার দ্বিতীয় ম্যাচে অলিম্পিক লিওঁর আঙিনা লিওঁ স্টেডিয়ামে ৩-১ গোলে জিতেছে আর্জেন্টিনা।

"বি" গ্রুপের এই ম্যাচে চতুর্দশ মিনিটে থিয়াগো আলমাদার গোলে এগিয়ে যায় আর্জেন্টিনা। বিরতির আগে হেডে সমতা টানেন ইরাকের আইমেন হুসেইন। দ্বিতীয়ার্ধের ৬২ মিনিটে ফের এগিয়ে যায় অলিম্পিকে দুবারের সোনাজয়ীরা। এরপর ৮৫ মিনিটে ৩-১ করেন মিডফিল্ডার এসেকিয়েল ফের্নান্দেস।



রবিবার প্রধানমন্ত্রীর মন কি বাত এর ১১২ তম পর্বে জেপি নাড্ডার উপস্থিত অনুষ্ঠানে অনুষ্ঠানটি শ্রবন করেন মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা সহ অন্যান্যরা।

## হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে সচেতনতামূলক অনুষ্ঠান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে রবিবার আগরতলায় এক সচেতনতামূলক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সূচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

রবিবার হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা শাখার উদ্যোগে বিশ্ব হেপাটাইটিস ফাউন্ডেশন দিবস উদযাপন করা হয়। এইদিন সকালে আগরতলা উজ্জয়ন্ত প্যালেসের সামনে থেকে মানুষকে সচেতন করতে শহরের রাজপথে এক রেলি অনুষ্ঠিত হয়।রেলির শুভ সূচনা করেন পৌর নিগমের মেয়র দীপক মজুমদার।

এছাড়াও উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা সঞ্জীব দেববর্মা সহ হেপাটাইটিস ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা প্রদীপ ভৌমিক। এদিনের এই রেলিটি শহরের বিভিন্ন পথ ঘুরে পুনরায় উজ্জয়ন্ত প্যালেসের সামনে এসে শেষ হয়।

## সীমান্ত এলাকায় পাচারকৃত নেশাসামগ্রী সহ চিনি ও বাজি বাজেয়াপ্ত করলো বিএসএফ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** ফের বিএসএফের হাতে উদ্ধার প্রচুর পরিমাণ নেশা সামগ্রী। ১৮০০ ইয়াবা ট্যাবলেট, ১৪৮ ফেনসিডিল সহ সাড়ে নয় লাখ টাকার বাজি এবং ৬ টন চিনি জব্দ করেছে সীমান্ত সুরক্ষা বাহিনী।

উল্লেখ্য সোনামুড়া মহকুমার অন্তর্গত সিপাহীজলা জেলার বক্সনগর বিওপি, এনসিনগর বিওপি, সালপোকার বিওসি এবং উনকোটি জেলার টিলা বাজার বিওপি এলাকায় পাচারকারীদের অবস্থান লক্ষ্য করে বিএসএফ ওওয়ানরা উৎ পেতে বসে থাকে। পাচারকারীরা বিএসএফদের উদ্দেশ্যে পাথর ছুড়লে বিএসএফ জওয়ানরাও পাল্টা প্রতিরোধ গড়ে তোলে।

## ডঃ প্রণব সেনগুপ্তের লিখিত বইয়ের মলাট উন্মোচন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** লেখক সাহিত্যিক ডঃ প্রণব সেনগুপ্তের পাঁচ খানা বইয়ের মলাট উন্মোচন করেন উড়িষ্যা হাইকোর্ট অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র।

রবিবার আগরতলা প্রেসক্লাবে সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে এ বইয়ের মলাট উন্মোচন করা হয়েছে।

# ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে ধলাই জেলায় ব্যাপক প্রচার চালাচ্ছে বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** ধলাই জেলা পরিষদের ৪নং ওয়ার্ডের প্রার্থী উত্তম দেবনাথের সমর্থনে রবিবার বাসুদেব পাড়া গ্রাম পঞ্চায়েতে বাড়ি বাড়ি ভোট প্রচার করা হয়। প্রচারে বেরিয়ে দারুন সাড়া মিলেছে বলে জানিয়েছেন নেতৃবৃন্দ। আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আমবাসা ব্লকের অন্তর্গত বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির বিজেপি মনোনীত প্রার্থীদের বিপুল ভোটে জয়যুক্ত করার আহবানে চলছে বাড়ি বাড়ি প্রচারাভিযান। রবিবার সকালে বাসুদেব পাড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় পঞ্চায়েত সমিতির ৪ নং আসনের প্রার্থী উত্তম দেবনাথ এর সমর্থনে বাড়ি বাড়ি প্রচার করা হয়। এই পঞ্চায়েতটির সবকটি আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থীরা ইতিমধ্যে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন। শুধুমাত্র পঞ্চায়েত সমিতির আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে।আজ সকাল থেকে পঞ্চায়েত এলাকার বিভিন্ন জনপদে দলীয় কর্মী সমর্থকরা প্রার্থীকে নিয়ে বাড়ি বাড়ি যান এবং গণদেবতাদের আশীর্বাদ প্রার্থনা করেন। সাথে ছিলেন বিজেপি ধলাই জেলা কমিটির সাধারণ সম্পাদক তথা আমবাসা পুর পরিষদের দায়িত্বপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সূত্রধর সহ অন্যান্য নেতৃত্ব। জয় নিয়ে একশ শতাংশ আশাবাদী বলে জানিয়েছেন গোপাল সূত্রধর।



প্রয়াত সিপিএম নেতা সমর আর্ড্যকে রবিবার শেষ শ্রদ্ধা নিবেদন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ দলের অন্যান্যরা।

# রোটারি ক্লাবের উদ্যোগে দিব্যাঙ্গজনদের মধ্যে হুইল চেয়ার বিতরণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই ।।** রোটারি ক্লাব অব আগরতলা সিটির উদ্যোগে রবিবার আগরতলা প্রেসক্লাবে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে হুইলচেয়ার বিতরণ করা হয়।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী সান্তনা চাকমা সহ অন্যান্যরা। রোটারি ক্লাব অব আগরতলা সিটি বিভিন্ন সামাজিক কাজকর্মের সঙ্গে দীর্ঘদিন ধরে জড়িত রয়েছে। সামাজিক কর্মসূচির অঙ্গ হিসেবে রবিবার আগরতলা প্রেসক্লাবে দশটি সংস্থা ও পাঁচজন দিব্যাঙ্গের মধ্যে হুইলচেয়ার বিতরণ করা হয়।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা বলেন, আমাদের ক্ষুদ্র রাজ্য ত্রিপুরাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের পাশাপাশি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। রোটারি ক্লাব অব আগরতলা সিটি এর মধ্যে অন্যতম। তারা সমাজের অবহেলিত মানুষের স্বার্থে কাজ করে চলেছেন। প্রসঙ্গক্রমে তিনি বলেন দিব্যাঙ্গরা সমাজের বাইরের কোন লোক নয়। তারাও সমাজের অন্যান্য অংশের মানুষের মতই বিভিন্ন কাজে পারদর্শী। তাদেরকে সঠিক পথে পরিচালিত করতে সরকারের পাশাপাশি বিভিন্ন ক্লাব ও সেচ্ছাসেবী সংগঠনগুলিকে এগিয়ে আসতে আহ্বান জানিয়েছেন মন্ত্রী সান্তনা চাকমা।

# ডাক্তার দেখাতে গিয়ে নিখোঁজ গৃহবধূ স্বর্ণালংকার এবং টাকা পয়সা উধাও

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২৮ জুলাই।।** আজব ঘটনা ঘটে গেল সোনামুড়া থানাধীন বেজিমারা গ্রামে। ডাক্তার দেখাতে গিয়ে নিখোঁজ হয়ে গেল হালেমা আক্তার নামে এক গৃহবধূ। হালেমা আক্তারের স্বামী কুয়েত প্রবাসে কর্মরত।

সংসার জীবনে উন্নয়নের জন্য বিদেশে কাজ করছে।

গতকাল সকাল ৮ টার সময় শাশুড়িকে বলেন হালেমা ডাক্তার দেখাতে যাচ্ছে। ছেলেকে শাশুড়ির কাছে দিয়ে ডাক্তার দেখানোর উদ্দেশ্যে বেরিয়ে যায় হালেমা। কিন্তু এই বলে বাড়ি থেকে তিন লক্ষ টাকা এবং তিন ভরি স্বর্ণালংকার নিয়ে পালিয়ে যায় হালেমা।

এমনই অভিযোগ করেছেন তার পরিবারের লোকজন এরা। বহু খোঁজাখুঁজির পরেও ওই গৃহবধূকে খুঁজে না পেয়ে সোনামুড়া থানাতে নিখোঁজ অভিযোগ জানিয়েছে তার পরিবারের সদস্যরা। এখনো তার হদিশ পাওয়া যায়নি। পাঁচ মাসের পুত্র সন্তানকে রেখে টাকা পয়সা ও স্বর্ণালংকার নিয়ে গৃহবধূ পালিয়ে যাওয়ার ঘটনায় গোটা এলাকা জুড়ে চাঞ্চল্য ছড়িয়েছে।

# খুমলুঙ একলব্য আবাসিক বিদ্যালয় পরিদর্শন করলেন মন্ত্রী বিকাশ দেববর্মা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** রবিবার খুমলুঙ একলব্য আবাসিক স্কুল পরিদর্শনে গেলেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। উল্লেখ্য গত একমাস আগে বিদ্যালয়টি পরিদর্শন করেছিলেন মন্ত্রী। তখন এই আবাসিকের বিরুদ্ধে একাধিক অভিযোগ ছিল। মন্ত্রীর বিষয়ে নজরটি আসার পরেই তিনি আবাসিক বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন সহ একাধিক গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশে দিয়েছিলেন।

এদিন একমাস পরে বিদ্যালয়ের পরিদর্শন করে মন্ত্রী জানিয়েছেন, বর্তমানে বিদ্যালয়টি যথেষ্ট পরিকাঠামগত উন্নত হয়েছে। আরো বেশ কিছু বিষয় উনার নজরে এসেছে সেগুলি ইতিমধ্যেই সারাই করার জন্য নির্দেশ দিয়েছেন মন্ত্রী। পাশাপাশি তিনি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের সঙ্গে বৈঠক করেছেন। বিদ্যালয়টিকে সঠিকভাবে পরিচালনা করার জন্য যাবতীয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন তিনি।

## জিলা পরিষদের ১১ নম্বর আসনে ভোট প্রচার করলেন বিজেপি প্রার্থী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১১ নম্বর আসনে বিজেপির মনোনীত প্রার্থী কৃষ্ণজিৎ দাস বাড়ি বাড়ি ভোট প্রচারে শামিল হয়েছেন। জয় নিশ্চিত বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন।

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদের ১১নং আসনে বিজেপির মনোনীত প্রার্থী কৃষ্ণজিৎ দাস গণদেবতাদের কাছে ভোট প্রচারে বাড়ি বাড়ি যাচ্ছেন। গণ দেবতাদের কাছ থেকে ব্যাপক সাড়া পাচ্ছেন বলে তিনি জানিয়েছেন।

প্রতিপক্ষ সম্পর্কে মন্তব্য করতে গিয়ে ১১ নম্বর আসনের প্রার্থী কৃষ্ণজিৎ দাস বলেন, তারা অতিথি পাখির মত। ভোট এলেই তাদের দেখা যায়। ভোট শেষ হয়ে গেলে তাদের দেখা যায় না। বিজেপি সারা বছর মানুষের কল্যাণে কাজ করে এবং মানুষের পাশে থাকে। দেশের এবং রাজ্যের সরকার যেভাবে জনকল্যাণমুখী কর্মসূচি গ্রহণ করে কাজ করে চলেছে তার নিরিখেই বিজেপি প্রার্থীদের গণদেব তারা বিপুল ভোটে জয়ী করবেন বলে তিনি আশা ব্যক্ত করেন। প্রচারে প্রার্থীর সঙ্গে উপস্থিত ছিলেন প্রার্থী সহ সকল অংশের বিজেপি কর্মীবৃন্দ, যুব মোর্চার মন্ডল সভাপতি মান্না দে প্রমুখ।

## গোবর বোঝাই গাড়ি উল্টে মৃত্যু শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** গোবরে গাড়ি উল্টে মৃত্যু হয়েছে এক শ্রমিকের। মৃত শ্রমিকের নাম অজিত সরকার (৩৪)। বাড়ি কমল ঠাকুর বিধানসভা এলাকার দেবীপুর এলাকায়।

ঘটনার বিবরণে দমকল কর্মীরা জানিয়েছেন, রবিবার বোধজংনগর এলাকায় গোবর বোঝাই একটি গাড়ি উল্টে যায়। এতে গুরুতর আহত হয়েছে গাড়ির চালক। তড়িঘড়ি প্রত্যক্ষদর্শীরা অগ্নি নির্বাপক দপ্তরকে খবর দিলে তারা আহত শ্রমিককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে।কিন্তু কর্তব্যরত চিকিৎসা তাকে মৃত বলে ঘোষণা করে। ঘটনা শোকের ছায়া নেমে এসেছে শ্রমিকের পরিবারের সদস্যদের মধ্যে।

## বিল্ডিং নির্মাণে কাজ করতে গিয়ে মাটি চাপা পড়ে আহত শ্রমিক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** বটতলা এলাকায় বিল্ডিং নির্মাণের কাজ করতে গিয়ে মাটি চাপা পড়ে আহত হয়েছেন এক শ্রমিক। আহত শ্রমিকের নাম ভবেশ দাস, তার বাড়ি আসামে।

ঘটনার বিবরণে জানা যায়, গত পাঁচ দিন ধরে ওই বিল্ডিং নির্মাণ করার জন্য ভবেশ দাস সেখানে কাজ করছিলেন। আজ হঠাৎই অন্যান্য শ্রমিকদের সঙ্গে যখন তিনি ☞ ৬ এর পাতায় দেখুন

# মডার্ন ক্লাব ও আমরা তরুণ দলের দুর্গাপূজার খুঁটি পূজা ও কাঠামখিলি অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** মডার্ন ক্লাব ও আমরা তরুণ দলের দুর্গাপূজার খুঁটি পূজা ও কাঠামখিলি অনুষ্ঠিত হয় রবিবার। খুঁটি পূজা ও কাঠামখিলি অনুষ্ঠানকে কেন্দ্র করে ক্লাব সদস্য সদস্যা সহ এলাকার জনগণের মধ্যে বিপুল উৎসাহ উদ্দিপনা পরিলক্ষিত হয় এদিন। রবিবার শিবনগর মডার্ন ক্লাব ও আমরা তরুন দল আনুষ্ঠানিকভাবে দুর্গাপূজা উপলক্ষে খুঁটি পূজা ও কাঠামখিলি অনুষ্ঠানের সূচনা করে। অনুষ্ঠানে ক্লাবের সদস্যা সদস্য সহ এলাকার সকল অংশের লোকজন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানকে কেন্দ্র করে এলাকাবাসীর মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়। ক্লাব কর্মকর্তারা জানান, এবছর আমেরিকার নিউজার্সিতে অবস্থিত বিশ্বের সবচেয়ে বড় অক্ষয়ধাম ” মন্দিরের অনুকরনে দুর্গাপূজার প্যান্ডল তৈরী করা হবে। প্যান্ডল তৈরী করবেন পঃ বঙ্গের নবদ্বীপ থেকে আগত শিল্পী সঞ্জিত দেবনাথ।

প্রতিমা তৈরী করবেন পঃ বঙ্গের কাঁথি থেকে আগত মৃৎশিল্পী গুরুপদ পান্ডা এবং আলোকসজ্জায় থাকবেন স্থানীয় শিল্পী মৃনাল কান্তি গোস্বামী।

এছাড়া এবারের পূজায় বিশেষ আকর্ষন হিসেবে থাকছে, নেশা-বিরোধী অভিযান এবং তার সাথে থাকবে জনগনকে জাগ্রত করার অন্যান্য প্রচেষ্টা। যেমন বেটি পড়াও বেটি বাঁচাও, পরিবেশ সুরক্ষা, গাছ লাগাও প্রাণ বাঁচাও, জল সংরক্ষন ইত্যাদি। পূজার প্রাথমিক বাজেট চল্লিশ লক্ষ টাকা। এবছরের পূজা কমিটির সভাপতি মনোনীত হয়েছেন প্রদীপ কুমার ঘোষ, সম্পাদক শ্যাম দে, কোষাধক্ষ্য অমিতাভ গন।




রবিবার সংহতি ক্লাব কৃর্তিক আয়োজিত সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে বিধায়ক দীপক মজুমদারকে সংবর্ধনা প্রদান করা হয়।

# বেআইনিভাবে জমি হাতিয়ে নেওয়ার গুরুতর অভিযোগ এক ব্যক্তির বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৮ জুলাই।।** প্রভাব খাটিয়ে বেআইনিভাবে জমি হাতিয়ে নেওয়ার গুরুতর অভিযোগ প্রভাবশালী ব্যক্তির বিরুদ্ধে। ঘটনা কমলাসাগর বিধানসভার বিশালগড় থানার অন্তর্গত উত্তমভক্ত চৌমুহনী এলাকায়। ২০০৪ সালে রাজধানী আগরতলার বাসিন্দা নারায়ন চৌধুরী উত্তম ভক্ত চৌমুহনী এলাকায় পাঁচ কানি জায়গা ক্রয় করেন।

জায়গাটি বিক্রি করেছিল মায়ারানি বর্ধন এবং উনার দুই ছেলে অপুবর্ধন এবং টিপু বর্ধন। জমির রেজিস্ট্রি করা হয় নারায়ণ চৌধুরীর স্ত্রী লিপিকা চৌধুরীর নামে।

প্রায় ২০ বছর পর হঠাৎ জমির মালিক বুলডোজার নিয়ে হাজির জমিতে।

অভিযোগ, জায়গা ডিমারকেশসন না করে অবৈধ উপায়ে মাটি কাটতে শুরু করে। এমনকি মায়ারানী বর্ধনের ছোট ছেলে দেবব্রত বর্ধন সহ তার বৌদি শিখা বর্ধনের জায়গায় মাটি ভরাট করতে শুরু করে।

এমতাবস্থায় জমির মালিকরা বাধা দিলে তাদেরকে বিভিন্ন ভাবে হুমকি দমকি দিতে শুরু করে বলে অভিযোগ।

অন্যদিকে, বর্তমানে জমিতে ধান রোপন চলছে। এমতাবস্থায় বুলডোজারে মাটি কাটায় ক্ষতিগ্রস্ত হচ্ছে বহু কৃষক।

# এবারের বাজেট জনবিরোধী এবং কেন্দ্রীয় সরকার বাঁচানোর বাজেট: ফরওয়ার্ড ব্লক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ জুলাই।।** কেন্দ্রীয় বাজেটের তীব্র সমালোচনা করেছে ফরওয়ার্ড ব্লক। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে প্রহসনে পরিণত করার চক্রান্ত চলেছে বলেও দলের তরফ থেকে অভিযোগ করা হয়েছে। জনবিরোধী কেন্দ্রীয় সরকার বাঁচানোর বাজেট বলে এবারের বাজেটকে আখ্যায়িত করলেন ফরওয়ার্ড ব্লক নেতৃত্ব।

রবিবার আয়োজিত সাংবাদিক সম্মেলনে ফরওয়ার্ড ব্লক কেন্দ্রীয় কমিটির সদস্য রঘুনাথ সরকার এই অভিযোগ করেন। এদিনের সাংবাদিক সম্মেলনে রঘুনাথ বাবু ছাড়াও বাধারঘাট কেন্দ্রের বিজিত প্রার্থী পার্থ রঞ্জন সরকার উপস্থিত ছিলেন।

বাজেটের তীব্র বিরোধিতা করার পাশাপাশি রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়েও বিজেপির বিরুদ্ধে তোপ দাগলেন তারা। বিরোধী দলের প্রার্থীদের মনোনয়নপত্র জমা না দিতে দিয়ে ৭১শতাংশ আসনে তারা জয়লাভ করেছে। বাকি যেগুলিতে বিরোধীরা প্রার্থী দিতে পেরেছে সেখানেও প্রচার চালাতে বাধার সৃষ্টি করছে বিজেপি দল বলে অভিযোগ করেন তারা। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে হওয়া নিয়েও তারা যথেষ্ট সংশয় প্রকাশ করেন।



রবিবার সকালে ত্রিস্তর কাতলামারা পঞ্চায়েত প্রার্থীদের সমর্থনে প্রচারে কৃষি ও বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।